खीयनःभिका

প্রাপ্রাল-রঘুরাথদান-গোস্বামি-বিরচিতা

ত্রীগোঁড়ীয় বেদান্ত সমিতি নবদীপ (নদীয়া) শ্রীশ্রীগুরু-গৌরাকৌ জয়তঃ

শ্রীস্বরূপ-রূপান্মগবর শ্রীশ্রীল-রঘুনাথদাস-গোস্বামি-বিরচিতা

শ্রীমনঃশিক্ষা

(গ্রীস্থনিয়ম-দশকসহিতম্) [পরিশিষ্টে শ্রীস্থনিয়ম-দ্বাদশকঞ্চ]

গ্রীল-ভক্তিবিনোদ-ঠক্কুরক্লত-'ভজন-দর্পণ'-ভাষ্যসমেতা

জগদ্গুরু-ওঁ বিফুপাদাষ্টোত্তরশতশ্রী-

শ্রীমন্ত ক্তিসিদ্ধান্ত-সরস্বতী-গোস্বামি-প্রভূপাদানুকস্পিত-প্রিরপার্ষদপ্রবর-"শ্রীগৌড়ীর-বেদান্ত-সমিত্তেঃ" প্রতিষ্ঠাতা-নিতালীলাপ্রবিষ্ট-ওঁ বিষ্ণুপাদ-১০৮খ্রী-

শ্রীমন্তক্তিপ্রজ্ঞান-কেশব-গোস্বামি-মহারাজানুগৃহীত-পরিব্রাজকাচার্য্য-ত্রিদণ্ডিম্বামিনা

প্রামন্ডক্তিবেদান্ত-বামন-মহারাজ-সম্পাদিতা

[সেবানুকুলাম্—

ত্রিদণ্ডিস্বামী শ্রীমন্তব্তিবেদান্ত আচার্য্য মহারাজ-কর্তৃক बीएनवानन शोषीय गर्ठ. (भाः नवचीभ জিলা—নদীয়া (পঃ বঃ) হইতে প্রকাশিত।

> আদি-সংস্করণ ঞ্জীজগন্ধাথদেবের স্নান্যাত্রা-ভিথি ०० तम जिविकम, ४३३ और शोतांक, २०१म रेकार्छ, ५७३२ : इर ७/७/১৯৮৫

গ্রন্থ-প্রাপ্তিস্থান :-

- शिक्षतानम त्गीजीय गर्ठ. (भाः नवधीभ (निष्या) भः तः ।
- २। बीतिबाकतिशाती शोषीय गर्छ, ২৮, হালদার বাগান লেন (কলিকাতা-৪)।
- ৩। শ্রীকেশবজী গৌড়ীয় মঠ, পোঃ ও জেলা মথুরা (উ: প্রঃ)।
- 8। बीनीनाइन त्रीजीय मर्ठ. স্বর্গদাব, পোঃ ও জেলা পুরী (উড়িয়া)।
- ে। ত্রীগোলোকগঞ্জ গোডীয় মঠ, পো: গোলকগঞ্জ, ভেলা গুবড়ী (আসাম)।
- ७। बीदमधानस त्गीजीस मर्ठ. পোঃ তুরা (ওয়েষ্ট গারো হিল্স) মেঘালয়।
- ৭। শ্রীনরোত্তম গোড়ীয় মঠ,

অরবিন্দ লেন, পোঃ ও জেলা কোচবিহার (টঃ বঃ)

মুদ্রাকর:---শীজহরলাল ভট্টাচার্য্য মোহন প্রিন্টিং ওয়ার্কস্, २/ध, कार्तत्र मख लान (कनिका छा-७)

ति(यमत

পরমারাধ্য জগদ্গুরু নিত্যদীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমন্তক্তিপ্রজ্ঞান কেশব গোস্বামী প্রভ্ববের অহৈত্কী কুপায় শ্রীশ্রীমদ্ রঘুনাথদাস গোস্বামি-বিরচিত "শ্রীমনঃশিক্ষা" গ্রন্থরাজ প্রকাশিত হইলেন। ইহা সাধক ও সিদ্ধ—উভয়েরই পক্ষে অতান্ত উপাদের গ্রন্থ। শ্রীকৃষ্ণ-বিষয়িণী শ্রদার উদয়ে সাধক-সিদ্ধের যাহা যাহা অবশ্র অনুষ্ঠেয় ও কর্ত্তব্য, তৎসমন্তই ইহাতে বৰ্ণিত হইয়াছে।

শ্রীমন্মহাপ্রভুর প্রিয়পার্ষদ বৈরাগ্যের মৃর্ট্টিমান বিগ্রহ স্বরূপ-রূপানুগবর জগদরেণ্য শ্রীল রঘুনাথ দাস গোস্বামী প্রভূ দাদশ-শ্লোকাত্মক যে 'মনঃশিকা' বচনা ক্রিয়াছেন, তাহা সমগ্র গৌড়ীয়-বৈঞ্বগণের প্রাণ-স্বরূপ। শুরভক্তি-প্রবাহের মূল-ভগীরথ গদাধরাভিন্নতন্ত্র শ্রীগোর-নিজ্ঞন শ্রীল সচিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর ইহার "ভল্লন-দর্পণ"-নামক ভাষ্ রচনা করায় শ্লোকস্থ প্রয়োজনীয় শব্দের গৃঢ়ার্থ পরিস্ফুট হওয়ায়, ইহা পরমোপাদের হইরাছে। ভায়ে শ্রীল ঠাকুর মহাশরের স্বকৃত প্রান্থবাদ সংযোজিত হওয়ায় ইহার অধিকতর গৌরব বৃদ্ধি পাইয়াছে। বিশেষ আনন্দের বিষয়, মথুরা-ধামস্থ শ্রীকেশবজী গৌড়ীয় মঠ হইতে এই গ্রন্থের হিন্দী সংস্করণ সম্পাদিত ও প্রকাশিত হওয়ায় হিন্দী-ভাষাভাষিগণ উহা আলোচনাপূর্বক উপকৃত হইবেন।

শীল ভক্তিবিনোদ ঠাকুর শাস্ত্র-সম্জ মন্থনপূর্বক তাহার দার দক্ষন করিয়া নিথিল তত্ত্ব-সিদ্ধান্তোপদেশ দারা কলিহত জ্ঞীবের আত্যন্তিক মকল বিধান করিয়াছেন। তিনি তাঁহার ভায়ের প্রারম্ভেই গুর্কাসুগত্য প্রকাশপূর্বক শ্রীল দাস গোস্বামি-চরণে দণ্ডবং-প্রণতি জ্ঞাপন করিয়াছেন, — "বিনি সমন্ত পার্থিব বন্ধন-ছেদনের লীলা-প্রকাশপূর্বক শ্রীশ্রীমন্মহাপ্রভুর

একান্ত শরণাপত্তি লাভ করিয়াছিলেন এবং যাঁহাকে শ্রীমন্মহাপ্রভুর আদেশক্রমে শ্রীশীম্বরূপ গোস্বামি-প্রভু সমস্ত ভলনরহস্ত শিক্ষা দিয়াছিলেন, সেই সর্ববিদ্যান্ত শ্রীল রঘুনাথদাদ গোস্বামীর চংগে দণ্ডবং-পতিত হইয়া তৎকৃত "মনঃশিক্ষা"-গ্রন্থের ভাল্তা রচনা করিতেছি। এই দাদশটী শ্লোক গৌড়ীয়-বৈষ্ণবদিগের প্রাণধন। শ্রীদাস গোস্বামী স্বীয় মনকে লক্ষ্য করিয়া সমস্ত গৌড়ীয়-বৈষ্ণবদিগকে শিক্ষা দিয়াছেন।"

শীল ঠাকুর মহাশয় তাঁহার ভায়ে শ্রীল রপ-সনাতন-শ্রীজীব রঘুনাথ
দাস-গোস্বামীর বিভিন্ন গ্রন্থাদি হইতে প্রমাণ-শ্লোক উদ্ধার করিয়াছেন।
শ্রীভক্তিরসামৃতিসিন্ধ, উচ্ছল-নীলমণি, বৃহদ্ভাগবতামৃত, ষ্ট্সন্দর্ভ, শ্রীচৈত্ত্যচরিতামৃত প্রভৃতি ভক্তিগ্রন্থে সাধনভক্তি, ভাবভক্তি ও প্রেমভক্তির
অবস্থাত্রয় ব্যাখ্যা করা হইয়াছে। "রম্যা কাচিছপাসনা ব্রজ্বধূবর্গেণ যা
কল্লিতা"—ব্রজ্বধূগণ ঘেভাবে শ্রীক্রফের উপাসনা করিয়াছেন, দেই
উপাসনাই সর্ব্বোৎকৃত্তী; তাহাই বিশুদ্ধ গৌড়ীয়গণের ভন্তন ও সিদ্ধিলালসা। আমরা দৈলুময়ী-লালসাময়ী প্রার্থনা, নির্বেদ, আক্রেপ,
বিজ্ঞপ্তি ও মনঃশিক্ষামূলক শ্রীল চণ্ডীদাস, বিভাপতি, শ্রীল নরোত্তম ঠাকুর,
শ্রীল লোচনদাস, শ্রীল প্রেমানন্দ প্রভৃতির বৈষ্ণব-পদাবলীসমূহ আলোচনা
করিয়া থাকি। বর্ত্তমান আলোচ্য "মনঃশিক্ষা"য় তাহা হইতেও অধিক
শ্রেষ্ঠত্ব ও বৈশিষ্ট্য স্থাপিত হইয়াছে, সন্দেহ নাই।

শ্রীল রঘুনাথদাস গোস্বামি-বিরচিত "শ্রীমনঃশিক্ষা" ম্লঞ্চোক ও বঙ্গান্থবাদসহ সর্বপ্রথম শ্রীগৌড়ীয় বেদান্ত সমিতির প্রতিষ্ঠাতা পরম-হংসন্থামী ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিপ্রজ্ঞান কেশব গোম্বামী মহারাজের নিয়ামকত্বে সমিতির ম্থপত্র "শ্রীগৌড়ীয়-পত্রিকা"র ৮ম বর্ষ, ৩য় সংখ্যায় (বৈশাধ ৩৬০ বঞ্চাব্দ, ইং ১৪/৫/১৯৫৬) প্রকাশিত হয়। পাঠকবর্গের অবগতির জন্ম তৎকৃত বন্ধান্তবাদ নিমে প্রকাশিত হইল :—

"ওরে ভাই মন! আমি (তোমার) চরণ ধরিয়া চাটুবাক্যে প্রার্থনা করিভেছি, ভূমি সর্বাদা দন্ত পরিভ্যাগপূর্বক শ্রীগুরুদেবে, শ্রীব্রজ্বামিগণে, সজ্জনে অর্থাৎ বৈষ্ণবে, ব্রাহ্মণগণে, নিজ দীক্ষামন্ত্রে, শ্রীহ্বিনামে, ও ব্রজ্বে নব-ব্রুণ-যুগলের (শ্রীশ্রীরাধারুষ্ণের) চরণাশ্রায়ে সমধিকভাবে অপূর্বব অনুবাগ অবলম্বন কর। ১।

হে মন! তুমি সত্যই শাস্ত্রকথিত ধর্ম বা অধর্ম আচরণ করিও না।
কিন্তু, এই ব্রহুধামে শ্রীশ্রীরাধাক্তফের প্রচুর সেবা অনুষ্ঠান করিতে থাক;
আর শ্রীশচীনন্দনকে শ্রীরজেন্ত্রনন্দনরূপে এবং শ্রীগুরুদেবকে শ্রীকৃষ্ণপ্রিয়ত্মরূপে সর্বাদা চিন্তা কর। ২।

হে মন! যদি ভূমি প্রতিভন্মে ব্রজভূমিতে অন্তবাগের সহিত বসবাস করিতে ইচ্ছা কর, আর যদি সাক্ষান্তাবে সেই তর্মণযুগলের সেবা করিতে বাসনা কর, তাহা হইলে স্পষ্টই শুন,—তুমি এই জীবনেই শ্রীরপগোস্বামি-প্রভূ, সগোষ্ঠী শ্রীরপগোস্বামি-প্রভূত তাঁহার অগ্রজ শ্রীসনাতন গোস্বামি-প্রভূকেও সর্ববদা প্রীতিভবে শ্বরণ কর। ৩।

হে মন! তুমি দদ্ব্দিরণ সর্বত্যের অপহারিণী অসংকথারূপিণী বেশুাকে অর্থাৎ জড়বিষয়-কথা পরিত্যাগ কর, মুক্তিরূপিণী ব্যাদ্রীর দর্বদেহ-গ্রাদিনী বা সমগ্র-গ্রাদিনী কথা কথনও শুনিও না। তুমি পরব্যোমে বৈকুঠ-প্রদায়িনী শ্রীনারায়ণ-ভক্তিও পরিত্যাগ করিয়া এই ব্রজে নিজপ্রেম-রুত্বদাতা শ্রীশ্রীরাধারুঞ্বে ভজন কর। ৪।

হে মন! এই সংসারে প্রকাশ্যপথে আক্রমণকারী (বাটপাড়) কাম প্রভৃতি ব্যসনগণ (রিপুগণ) অনিত্য-বিষয়চেষ্টারূপ তৃঃথপ্রদ ভয়ঙ্কর রজ্জুসমূহের দারা গলায় বন্ধন করিয়া আমাকে যথেচ্ছভাবে প্রহার

A . 1008-1408 +.

করিতেছে,—এই বলিয়া ভূমি শ্রীক্লফের পথরক্ষিগণকে (পাহারাওয়ালা) অর্থাৎ বৈক্ষবগণকে প্রচুরভাবে ফুকারিয়া ডাক, যাহাতে তাঁহারা ভোমাকে এই শক্রগণ হইতে বক্ষা করেন। ৫।

ওরে মন! (সর্বাদা) প্রকাশমান কণট-কুটীনাটী-সমূহর প ক্ষরণশীল গর্দিভ-মূত্রে স্থান করিয়া কেন নিজকে এবং আমাকেও দগ্ধ করিতেছ? ভূমি শ্রীশীগান্ধর্বা-গিরিধারীর পাদপদ্মে প্রেম হইতে প্রকাশিত স্থাসমূত্রে নিভাস্থান করিয়া নিজকে ও আমাকেও অভিশয় স্থী কর। ৬।

হে মন! ধুষ্টা চণ্ডালিনী প্রতিষ্ঠাশ। আমার হাদয়ে নৃত্য করিতে সক্ষম। (তাই) বলি, পবিত্র সাধু প্রেম এই হাদয়কে কেমন করিয়া স্পর্শ করে? অতএব, তুমি প্রভু কৃষ্ণের প্রিয় অদিতীয় সামলকে অর্থাৎ সেনাপতিকে (প্রীপ্তরু-বৈষ্ণবকে) সর্বাদা সেবা কর, যাহাতে তিনি সেই প্রতিষ্ঠাশাকে শীঘ্র বহিষ্কৃত করিয়া দিয়া এই হাদয়ে সেই প্রেমকে প্রবিষ্ট করিয়া দেন। ৭।

হে মন! ভূমি এই গোষ্ঠে তাদৃশ কাকুতির সহিত শ্রীগিরিধারীর সেবা কর, যাহাতে তিনি রূপাপূর্বক মাদৃশ শঠেরও হৃষ্টস্বভাব দূর করিয়া দেন, আমাকে প্রেমামৃতও প্রদান করেন এবং শ্রীরাধিকার সেবাবিধানার্থ আমাকে আদেশ করেন। ৮।

হে মন! ভূমি বৃন্দাবনচন্দ্র শ্রীক্রঞ্চকে আমার ঈশ্বরীর অর্থাৎ শ্রীরাধার ঈশ্বরারেশে, দেই বৃন্দাবনেশ্বরী শ্রীরাধাকে নিজ ঈশ্বরীরূপে, শ্রীলাভাকে শ্রীরাধার অভ্লনীয় দথীরূপে, শ্রীবিশাখাকে দকল শিক্ষাবিভরণের গুরুরূপে এবং প্রিয়-সরোবর শ্রীরাধাকুণ্ড ও গিরিরাজ্ব শ্রীগোবর্দ্ধনকে শ্রীশ্রীরাধাকুঞ্চের দর্শন ও প্রেমবিলাদে বভিদায়করূপে চিন্তা কর। ১।

হে মন! ষিনি নিজ সৌন্দর্য্যের কিরণে শ্রীরতিদেবী, শ্রীগৌরীদেবী ও শ্রীলীলাদেবীকে সন্তপ্ত করেন, সৌভাগ্য অর্থাৎ বল্লভপ্রিয়ত্বের (প্রিয়তমের সোহাগের) আতিশয্যে ইন্দ্রানী, লক্ষ্মী ও সত্যভামাকে পরাভূত করেন, প্রিয়তমের বনীকরণের দ্বারা চন্দ্রাবলীপ্রম্থ তরুণ ব্রজ্বলনাগণকে দ্বে নিক্ষেপ করেন, সেই শ্রীরুষ্ণপ্রেয়নী শ্রীরাধার ভদ্ধন কর। ১০।

হে মন! তুমি বজে শ্রীরূপ-দহিত ও শ্রীশ্রীরাধাক্বফের গণসহিত মদনবিহ্বল শ্রীশ্রীরাধা-গিরিধারীর দাক্ষাৎ দেবালাভের উপায়-প্রাপ্তির উদ্দেশ্যে তাঁহার অর্থাৎ শ্রীগোবর্দ্ধনের শ্রবণ-কার্ত্তন-স্মরণ-অর্চ্চন-প্রণামরূপ এই পঞ্চামৃত (শ্রীগুরুবর্গের) নির্দ্দেশান্ত্বসারে পান করিয়া প্রত্যহ শ্রীগোবর্দ্ধনের সেবা কর। ১১।

যিনি সযুথ শ্রীরপের অনুগত হইয়া সমস্ত অর্থের সম্যক্ ধারণাপূর্বক মনঃশিক্ষাপ্রদ এই উত্তম একাদশক মধুরস্বরে উচ্চকীর্ত্তন করেন, তিনি এই গোকুলবনে শ্রীরাধারুঞ্বের অতুলনীয় ভন্তনরত্ব লাভ করেন। ১২।"

শ্রীন্ত জনাদপদ 'রূপান্ত্রগ'-শব্দের ব্যাখ্যা দিতে গিয়া জানাইয়াছেন,—
"শ্রীরূপান্তগগণের ভজনীয় দম্পত্তি—শ্রীশ্রীরাধার্কফ্-মিলিততক্ব শ্রীমন্মহাপ্রভূ।
শ্রীমন্ মহাপ্রভূব অন্তগত উন্নত দেবকগণ রূপান্তগ-ধারায় স্নাত হইতে
ইচ্ছা করেন। কারণ, শ্রীল রূপপাদের ক্রিয়া-কলাপ, আচার-বিচার
সমস্তই শ্রীমন্ত্রাপ্রভূব ইচ্ছান্তরূপ হওয়ায় গৌড়ীয়গণ রূপান্তগত হইতে
গৌরব বোধ করেন। শ্রীমন্তাপ্রভূব 'শিক্ষান্তক'ই শ্রীমাধ্ব-গৌড়ীয়বৈষ্ণবর্ণের একমাত্র ভজনীয় বস্তু। শ্রীল রূপপাদ ও অক্সান্ত গোস্বামিগণ
উহাকেই বিস্তৃত করিয়া বিভিন্ন গ্রন্থরান্ধিতে বিবৃত করিয়াছেন। এক
কথায় সমস্ত গোস্বামি-গ্রন্থই শিক্ষান্তকের বিবৃতি। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ

- contract to

গোস্বামিবর্গের রচিত শুব-স্তুতিমূলক অষ্টক-দশকাদির স্থললিত কাব্যছন্দে মর্মান্থবাদ করিয়া রূপাত্নগ সাধক ও সিদ্ধবর্গের পরম্মঙ্গল ও আনন্দ বিধান করিয়াছেন।"

'শ্রীরূপান্তগ-ভজন'-এর ব্যাথ্যা দিতে গিয়া তিনি আরও জানাইয়াছেন,
—"শ্রীরূপান্তগ-ভজন বলিতে উন্মার্গগামী 'ইচড়ে পাকা' সহজিয়াগুলি
কেবলমাত্র পারকীয় মাধুর্যা-রমের ভজনকেই ভজন বলিয়া স্বীকার করেন।
অন্তান্ত দান্ত-সংগ্রাংসল্যাদি—রূপান্তগ-ভজনের অন্তর্গত কোন রস
নহে বলিয়া স্থির করিয়। রাথিয়াছেন। ইহাই সহজিয়াগণের রস-ভত্বানভিজ্ঞতা ও উচ্চুঙ্খলতার পরিচয়। আজকাল সারস্থত-ভজিবিনোদধারায় অবস্থিত অনেক ব্যক্তি রূপান্তগ-বিচারধারা হইতে লুই হইয়া
'ইচড়েপাকা' সহজিয়াগণের পদান্তিয়-লেহন করিয়া বলিয়া থাকেন,—
"প্রচার করিয়া কি হইবে—কীর্ত্রন করিয়া কি হইবে—'ভজন কর', 'ভজন
কর' * শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা প্রচারই হরি-কীর্ত্তন। শ্রীনামকীর্ত্রন
বলিলে শ্রীনাম-রূপ-গুণ-লীলা-পরিকরবৈশিস্ট্যাদি সমস্ত তত্ত্বেরই কীর্ত্তন
ব্রাইবে। স্কতরাং বাঁহারা প্রচারক, তাঁহারাই একমাত্র হরিনামান্তিত—
কীর্ত্তনীয়া এবং রূপান্তগ-ভঙ্গনকারী। যাহারা মহাপ্রভুর কথা প্রচার
করেন না বা প্রচারের সহায়তা করেন না, তাহারা রূপান্তগ-ভজন
সম্বন্ধে সম্পূর্ণ জনভিজ্ঞ।"

শ্রীল দাসগোস্বানি-বিবচিত "শ্রীম্বনিয়ম-দশকম্" স্তবটী 'মনঃশিক্ষা'র শেবে ক্রোড়পত্তরূপে প্রকাশিত হইল। "শ্রীরাধাকুণ্ডাষ্টকম্", "স্বনিয়ম-দশকম্" প্রভৃতি স্তব সাধাংণের আলোচ্য নহে। ইহা জগদ্গুরু নিভ্যলীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুগদি শ্রীশ্রীমন্তক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভূপাদের বিশেষ প্রিয়ন্তক ছিল। তিনি শ্রীব্রজমণ্ডল পরিক্রমাকালে শ্রীল দাসগোস্বামি-প্রভূকত উক্ত স্তবাদি কীর্ত্তন করিতে করিতে
দাদশ-বনাত্মক শ্রীকফ্ট-লীলাম্বলী দর্শন করিতেন। অম্মদীয় গুরুপাদপদ্ম
তাঁহার শ্রীগুরুদেবের প্রীতিবিধানের নিমিত্ত তদাম্বগত্যেই শ্রীগোড়ীয়পত্রিকায় উক্ত স্তবাদি মূলও অমুবাদসহ প্রকাশ করিয়াছিলেন।

গৌরনিজ্জন শ্রীল সচিদানন্দ ভিক্তবিনাদ ঠাকুর শ্রীল দাস গোস্বামিপ্রভুব আত্মগত্যে যে "শ্রীম্বনিয়ম-দাদশকম্" রচনা করেন, তাহা "মনঃশিক্ষা" গ্রন্থের পরিশিষ্টরূপে মৃত্রিত হইল। ইংা শরণাগত ভঙ্গনেচ্ছু ও ভঙ্গনশীল ব্যক্তিগণের বান্তব জীবনে পরিপালনীয় ও নিতাপাঠা গ্রন্থ। শ্রীল ঠাকুর 'স্বনিয়ম-দাদশকম্' রচনাকালে শ্রীরূপ-সনাতনাদি গোস্বামিগণের, বিশেষতঃ শ্রীল দাসগোস্বামি-প্রভুর আত্মগত্য প্রদর্শন করিয়াছেন, তাহা স্থবশেষে তাঁহার "শ্রীমন্তব্যুনাথ দাস-গোস্বামিপ্রভু-চরণরেণু-পরায়ণশ্রীভিক্তিবিনোদদাস-কৃতম্" বাক্যেই পরিক্ষ্ট। তিনি শ্রীরূপাত্মগত্যে শচীনন্দন শ্রীগৌরহরির সেবা ও তদাত্মগত্যে শ্রীশ্রীরাধা-গোবিন্দের অন্ত-কালীয় স্বারসিকী সেবা প্রার্থনা করিয়াছেন। "মৃক্তা অপি লীলয়া বিগ্রহং ক্রমা ভগবন্তং ভঙ্গন্তে"—ইহাই নিত্যশিদ্ধ নিত্যমৃক্তগণের সেবাকাজ্যা। তাঁহাদের অপ্রাক্তব বাণী ও শিক্ষামন্থলিত অন্পূর্ব্ব তত্ত্ব-দিদ্ধান্তামৃত পানকরিয়া স্থবী পাঠকবৃন্দ অবশ্রুই পরমোপকৃত হইবেন। গ্রন্থ-প্রকাশে যদি কিছু দোষ-ক্রাটি থাকে, অদোষদর্শী স্থধী সজ্জনবৃন্দ তাহা ক্রপাপূর্ব্বক ক্রমা করিবেন।

এই গ্রন্থ-প্রকাশে শ্রীমান্ কমলক্ষ ব্রহ্মগারী ও শ্রীমত্যানন্দ ব্রহ্মগারী প্রফ্ সংশোধনাদি কার্য্যে বিশেষ সহায়তা করায় আন্তরিক ধ্রুবাদার্হ। শ্রীগোস্বামি-গ্রন্থ প্রকাশে যাহার বিশেষ ষত্মাগ্রহ ও হার্দ্দিক প্রচেষ্টা, গ্রন্থ-প্রচারকার্য্যে দেই মহান্থভব নিছিঞ্চন গুরু-বৈষ্ণব্যেবকের দেবান্তুক্ল্য-

লহায়তার নিমিত্ত তিনিও শ্রীসমিতির বিশেষ ধন্যবাদার্হ। অলমতি-বিস্তরেণ।

শ্রীশ্রীর বেদান্ত সমিতি
শ্রীশ্রীজগরাথদেবের স্নানধাত্রা-তিথি
সোমবার, ২০শে জ্যৈষ্ঠ, ১৩৯২
(ইং ৩/৬/১৯৮৫)

শ্রীহরি-গুরু-বৈষ্ণব-দাসামূদাস শ্রীভক্তি বেদান্ত বামন শ্রীশ্রন্থকগোরাকো জ্যতঃ শ্রীমদ্রঘুনাথদাস-গোস্বামি-বিরচিতা

श्रीप्रतःशिका

শ্রীশান্ধরাগিরিধরাভাাং নমঃ

গুরে গোঠে গোঠালয়িষু সুজনে ভূসুরগণে স্বমন্ত্রে শ্রীনান্ধি ব্রজনবযুবদন্দ্র-শরণে। সদা দন্তং হিত্বা কুরু রতিমপূর্ব্বমতিতরা-ময়ে স্বান্তর্ক্রাতশ্চটুতিরভিযাচে ধ্বতপদঃ॥ ১॥

অন্বয়—১। অয়ে (হে) ভ্রাতঃ (ভাই) স্বান্তঃ (মন)!
[আমি তোমার] ধৃতপদঃ (চরণ ধরিয়া) চটুভিঃ (চাটুবাক্যে)
অভিযাচে (প্রার্থনা করিতেছি,)—[তুমি] সদা (সর্বানা) দস্তং
(দস্ত) হিছা (পরিত্যাগ করিয়া) গুরের (শ্রীগুরুদেবে), গোষ্ঠে
(ব্রস্বামে), গোষ্ঠালয়িয়ু (ব্রস্বাসিগণে), স্থুজনে (সজ্জনে
অর্থাৎ বৈশ্ববে), ভূমুরগণে (ব্রাহ্মণগণে), স্বমন্ত্রে (নিজ দীক্ষান্ত্রে), শ্রীনামি (শ্রীহরিনামে), ব্রস্কনবযুবদ্দর-শরণে (ব্রস্কের
নবতরুণযুগলের [চরণ] আশ্রয়ে) অতিত্রাম্ (সমধিকভাবে)
অপুর্বাং (অতুসনীয়) রতিং (অনুরাগ) কুরু (মবলম্বন কর)।

১ম প্লোক

শ্রীশ্রীগুরুচরপেভ্যোনমঃ। শ্রীশ্রীকৃষ্ণতৈত ক্যচন্দ্রায় নমঃ।
শ্রীশ্রীগ্রাধাকৃষ্ণাভ্যাং নমঃ।

যিনি সমস্ত পার্থিব বন্ধন-ছেদনের লীলা-প্রকাশপূর্বক প্রীঞ্জীমন্মহাপ্রভুর একান্ত শরণাপত্তি লাভ করিয়াছিলেন এবং বাঁহাকে শ্রীমন্মহাপ্রভুর আদেশক্রমে শ্রীশ্রীস্বরূপ গোস্বামী প্রভু সমস্ত (ভজন-) রহস্ত শিক্ষা দিয়াছিলেন, সেই সর্বব্দ্ধগনাত্ত শ্রীল রঘুনাথদাস গোস্বামীর চরণে দণ্ডবং পতিত হইয়া তংকৃত "মনঃশিক্ষা" গ্রন্থের ভাষ্য রচনা করিতেছি। এই ঘাদশটী শ্লোক গোড়ীয়-বৈষ্ণবদিগের প্রাণধন। শ্রীদাস-গোস্বামী স্বীয় মনকে লক্ষ্য করিয়া সমস্ত গোড়ীয়-বৈষ্ণবদিগকে শিক্ষা দিয়াছেন।

বহুভাগ্যক্রমে যে-সময় জীবের শ্রীকৃষ্ণ-বিষয়িণী শ্রদ্ধার উদয় হয়, তখন তাঁহার যাহা যাহা নিতান্ত কর্ত্তব্য, সেই সমস্তই এই পুস্তিকায় উপদিষ্ট হইয়াছে।

শোকার্থ :—হে স্বান্ত—হে ভ্রাত মন! তোমার চরণ ধরিয়া কাকৃতিবাক্যে আমি তোমার নিকট এই প্রার্থনা করি যে,—তুমি শ্রীগুরু, শ্রীব্রজধাম, শ্রীব্রজবাসিগণ, সুজন, ভূমুর-গণ, স্বমন্ত্র, শ্রীহরিনাম ও শ্রীব্রজযুবদ্বন্দের শরণাপত্তিতে দম্ভ পরিত্যাগপূর্বক অত্যন্ত অপূর্বরতি বিধান কর॥ ১॥ \$। গ্রীপ্তরু ?—দীক্ষাগুরু ও শিক্ষাগুরু। গুরুর প্রতি কিরূপ রতি বিধান করিতে হইবে, তাহা দ্বিতীয় শ্লোকে স্পষ্টই বলিয়াছেন।

২। ব্রজধাম ?—গোকুল, নন্দীশ্বর, গোবর্দ্ধন, শ্রামকুণ্ড, যাবট প্রভৃতি ব্রজমণ্ডলে শ্রীকৃষ্ণের সমস্ত লীলাস্থল।

৩। ব্রজবাসিগণ :— ঐক্সের সেবার জন্ম যে-সমস্ত ঐকান্তিক ভক্ত-জীব ব্রজে বাস করেন। শুদ্ধভক্তমাত্রেই ব্রজবাসী, যেহেতু তাঁহারা শরীরে বা মানসে ব্রজে বাস করেন। ইহারা উত্তম ভাগবত।

৪। সুজন ঃ—্যে সম্প্রদায়-ভুক্তই হউন, স্বরূপতঃ ব্রজে বাস করেন নাই, এরূপ সাম্প্রদায়িক ও ভগবদ্ধক্তগণ। ইহারা মধ্যম ভাগবত।

৫। ভূসুরগণ ;—বর্ণাশ্রমনিষ্ঠ বৈষ্ণবধর্ম-শিক্ষক ব্রাহ্মণ-গণ। ইহারা কনিষ্ঠ ভাগবত।

৬। স্বমন্ত্র ?—এীগুরুর নিকট প্রাপ্ত ভগবন্মন্ত্র।

9। হরিনাম ?—'গ্রীহরি', 'গ্রীরাধাকান্ত', 'গ্রীকৃঞ্চ', 'গ্রীগোবিন্দ' ইত্যাদি মুখ্যনাম। 'পতিতপাবন', 'পরমাত্মা' ইত্যাদি গৌণনাম। মুখ্যনামই আগ্রয়ণীয়।

৮। ব্রজযুবদদের শ্রণাপতি :—একান্তভাবে শ্রীশ্রীরাধাকৃষ্ণ-চরণাশ্রয়কে 'শরণাপত্তি' বলি।

৯। দন্ত :—মায়া, ছল, অবিভা, কপটতা, অসরলতা, শাঠ্য

হৈতে যার বড় আশ,

ভাঁহার দাসের দাস, হৈতে যার বড় আশ্ এ ভক্তিবিনোদ অকিঞ্চন।

মনঃশিক্ষা-ভাষা গায়, যথা শুদ্ধভক্তি পায়, দয়া করি' করেন প্রবণ॥

গুরুদেবে, ব্রজবনে, ব্রজভূমিবাসী জনে, গুদ্ধভক্তে, আর বিপ্রগণে।

ইষ্টমন্ত্রে, হরিনামে, যুগল-ভজন-কামে, কর রতি অপূর্ব্ব যতনে।। ধরি, মন, চরণে তোমার।

জানিয়াছি এবে সার, কৃষ্ণভক্তি বিনা আর, নাহি ঘুচে জীবের সংসার।।

কর্ম, জ্ঞান, তপঃ, যোগ, সকলই ত' কর্মভোগ, কর্ম ছাড়াইতে কেহ নারে।

সকল ছাড়িয়া ভাই, শ্রদ্ধাদেবীর গুণ গাই, যাঁ'র কুপা ভক্তি দিতে পারে॥

ছাড়ি' দম্ভ অনুক্ষণ, স্মার অষ্টতত্ত্ব মন, কর তাহে নিষ্কপট রতি।

সেই রতি-প্রার্থনায়, শ্রীদাসগোস্বামি-পায়, এ ভক্তিবিনোদ করে নতি।। श्य (भ्रोक]

ন ধর্মং নাধর্মং শ্রুতিগণ-নিরুক্তং কিল কুরু বজে রাধারুষ্ণ-প্রচুর-পরিচর্য্যামিহ তনু। শচীসূনুং নন্দীশ্বরপতিসূত্ত্বে গুরুবরং যুকুন্দপ্রেষ্ঠত্বে শ্বর পরমজ্ঞং ননু মনঃ॥ ২॥

অন্বয় ৪—২। মনঃ (হে মন)! [তুমি] কিল (সত্যই)
ঞাতিগণ-নিরুক্তং (ঞাতিসমূহে অর্থাৎ শাস্ত্রে কথিত) ধর্মাং
(ধর্মাকার্য্য) ন কুরু (করিও না), অধর্মাং ন (অথবা অধর্মাও
করিও না), পরং (কিন্তু), ইহ (এই) ব্রজে (ব্রজধামে)
রাধাকৃষ্ণ-প্রচুরপরিচর্যাং (শ্রীরাধাকৃষ্ণের প্রচুর সেবা) তত্ত্ব
(অনুষ্ঠান করিতে থাক); [আর] শচীস্ত্রুং (শ্রীশচীনন্দনকে)
নন্দীশ্বরপতিস্কৃতত্বে (নন্দীশ্বর-পতির [নন্দগ্রাম-পতির]
পুত্ররূপে) [এবং] গুরুবরং (শ্রীগুরুদেবকে) মুকুন্দপ্রেষ্ঠত্বে
(শ্রীকৃষ্ণ প্রেষ্ঠরূপে) অজ্ঞাং (সর্বাদা) শ্বর (চিন্তা কর)।

পূর্ব্বপক্ষ ?—প্রথম সংশয় এই যে, দন্ত পরিত্যাগপূর্বক কৃষণ্ডক্তি আশ্রয় করিয়া জীব কিরূপে জীবন নির্বাহ করিবে ? ধর্মাধর্ম ব্যতীত ত' জীবন-যাত্রার নির্বাহ হয় না! দ্বিতীয় সংশয় এই যে, যদি শ্রীশ্রীরাধাকৃষ্ণ-যুগল-ভজন স্বীকার করা যায়, তবে শ্রীকৃষণ্টেতন্ত-প্রভুকে কি বলিয়া জানিবে ? তৃতীয় সংশয় এই যে, শ্রীশুরুদেবকে কি করিয়া ভাবনা করা যাইবে ? তহন্তরে মীমাংসা-পূর্বক কহিতেছেন,—

'ধর্মা' বলি' বেদে যা'রে, এতেক প্রশংসা করে, 'অধর্মা' বলিয়া নিন্দে যা'রে। তাহা কিছু নাহি কর, ধর্মাধর্ম পরিহর, হও রত নিগৃঢ় ব্যাপারে॥ যাচি মন, ধরি' তব পায়।

সে-সকল পরিহরি,' ব্রজভূমে বাস করি', রত হও যুগলসেবায় ॥

শ্রীশচীনন্দন-ধনে, শ্রীনন্দনন্দন-সনে, এক করি' করহ ভদ্ধন।

শ্রীমুকুন্দ-প্রিয়জন গুরুদেবে জান, মন, তোমা' লাগি' পতিতপাবন ॥ জগতে প্রকট ভাই, তাঁহা বিনা গতি নাই, যদি চাহ আপন কুশল। তাঁহার চরণে ধরি,' তদাদেশ সদা স্মরি,'

এ ভক্তিবিনোদে দেহ' বল ॥ ২॥

৩য় শ্লোক]

যদীচ্ছেরাবাসং ব্রজভূবি সরাগং প্রতিজন্ম-যু বদ্বন্দ্বং তচ্চেৎ পরিচরিতুমারাদভিলয়ে। স্বরূপং শ্রীরূপং সগণমিহ তম্মাগ্রজমপি স্ফুটং প্রেম্ণা নিত্যং স্মর নম তদা ডং শৃণু মনঃ॥ ৩॥

অব্য় ?—৩। মনঃ (হে মন)! ছং (তুমি) যদি প্রতিজন্মঃ (যদি প্রতিজন্মে) ব্রজভূবি (ব্রজভূমিতে) সরাগং (রাগামুগা ভক্তির সহিত) আবাসম্ (বসতি) ইচ্ছেঃ (আকাজ্ফা কর), [আর], চেং (যদি) তং যুবদ্বন্ধং (সেই তরুণযুগলকে অর্থাং গ্রীরাধা-মাধবকে) আরাং (সাক্ষান্তাবে) পরিচরিতুং (সেবা করিতে) অভিলমেঃ (বাসনা কর), তদা (তাহা হইলে) ফুটং (স্পষ্টই) শৃণু (শুন,)—ইহ (এই জীবনে) স্বরূপং (গ্রীস্বরূপ-গোস্বামী প্রভূকে), দগণং (নিজজন-সহিত) গ্রীরূপং (গ্রীরূপ-গোস্বামী প্রভূকে), তস্ত (তাহার) অগ্রজম্ অপি (অগ্রজ্জ্বিসনাতনগোস্বামী প্রভূকেও) নিতাং (সর্বাদা) প্রেম্ণা (প্রীতিভরে) শ্বর (শ্বরণ কর), নম (শনমন্তার কর)।

পূর্ব্বপক্ষ :—যে-কোন সম্প্রদায়স্থ বৈষ্ণবের নিকট দীক্ষা ও শিক্ষা-লাভ করিলে রাগাত্মিকা ভক্তির সহিত ব্রজ্ঞবাস-লাভ হইতে পারে কি না ? ততুত্তর এই,—

শ্লোকার্থ :— যদি রাগাত্মিকা ভক্তির সহিত ব্রজ্বাস লালসা কর এবং জীঞীরাধা-কৃষ্ণের সাক্ষাৎ পরিচর্য্যা আশা তন্তভাবাদি-মাধুর্ঘ্য শ্রুতে ধীর্যদপেক্ষতে।
নাত্র শাস্ত্রং ন যুক্তিঞ্চ তল্লোভোৎপত্তি-লক্ষণম্ ।
বৈধভক্ত্যাধিকারী তু ভাবাবির্ভাবনাবধিঃ।
অত্র শাস্ত্রং তথা তর্কমন্তুকুলমপেক্ষাতে॥
কুষ্ণং শারন্ জনঞ্চাশ্ত প্রেষ্ঠং নিজসমীহিতম্।
তত্তংকথারতশ্চাদো কুর্যাদ্ বাদং ব্রজে সদা॥
সেবা সাধক-রূপেণ সিদ্ধরূপেণ চাত্র হি।
তভাবলিপ্স্না কার্য্যা ব্রজনোকান্ত্রদারতঃ॥
শ্রুবণাংকীর্ত্তনাদীনি বৈধীভক্ত্যুদিতানি তু।
যাক্রদানি চ অক্তর্ত বিজ্ঞোনি মনীষিতিঃ॥

অর্থাৎ কেবল রাগাত্মিকা ভক্তিনিষ্ঠ ব্রজ্ঞবাসিদিগের ভাব-প্রাপ্তির জন্ম যাঁহার লোভ, তিনিই রাগান্থগা ভক্তিতে অধিকারী। শ্রীমন্তাগবতাদি শাস্ত্রাদিতে নন্দ-যশোদাদির ভাবমাধুর্যাদি মাত্র শরণ করতঃ শাস্ত্র ও যুক্তির অপেক্ষা না করিয়া তৎপ্রাপ্তির জন্ম আকাজ্জার্থ বুদ্ধিই লোভোৎপত্তির লক্ষণ। রতির উদয় না হওয়া পর্যান্ত বৈধী ভক্তিতে অধিকার; কারণ বৈধী ভক্তিতে শাস্ত্র ও অনুকূল যুক্তির অপেক্ষা আছে।

কৃষ্ণকৈ ও নিজাভীষ্ট কৃষ্ণের প্রিয়তমজনকে স্মরণ করিয়া তাঁহাদের কথায় অন্তরক্ত হইয়া সর্বাদা ব্রজে বাস করিবে। নিজাভীষ্ট কৃষ্ণপ্রেষ্ঠের ভাব পাইতে যাঁহার লোভ আছে, তিনি সাধকরূপে অর্থাৎ যথাবস্থিত দেহদারা ও সিদ্ধরূপে অর্থাৎ অন্তঃচিন্তিত অভীষ্ট কৃষ্ণসেবোপযোগী দেহদার। কৃষ্ণের ব্রজস্থ প্রিয়তমজনের ও তদনুগজনগণের অনুসরণপূর্বক সেবা করিবেন। বৈধীভক্তিতে প্রবণ-কীর্ত্তনাদি (স্বাদযোগ্য) যে-সকল ভক্ত্যঙ্গ কথিত হইতেছে, এই রাগান্থগা ভক্তিতেও তাহারা অঙ্গ, ইহা বিজ্ঞগণ জ্ঞাত হইবেন।

সাধনদশা অতিক্রম করত ভাবদশা। ভাবের অন্য নাম ব্যতি'। 'রতি' সম্বন্ধে শ্রীরূপ (উজ্জ্বলনীলমণিতে),—

ইয়মেব রতিঃ প্রোঢ়া মহাভাবদশাং ব্রজেং।

যা মৃগ্যা ক্রাদ্মিকানাং ভক্তানাং চ বরীয়সাম্।

ক্রাদ্টেয়ং রতিঃ প্রেমা প্রোক্তন ক্রেই ক্রমানয়ম্।

ক্রাদ্টেয়ং রতিঃ প্রেমা প্রোক্তন ক্রেই ক্রমানয়ম্।

ক্রাদ্টিয়ে প্রপ্রেমা রাগোইত্ররাগো ভাব ইত্যপি।

বীক্রমিক্ষ্ণ স চ রমঃ স গুড়ং থণ্ড এব মঃ।

স শর্করা সিতা সা চ সা ঘথা ক্রাৎ সিতোপলা।

অতঃ প্রেমবিলাসাঃ স্থাভাবাঃ সেহাদয়স্ত ঘট়।

প্রায়ো ব্যবহিয়ন্তেইমী প্রেম-শব্দেন স্বরিভিঃ।

যক্রা যাদৃশজাতীয়ঃ ক্রেফ প্রেমাভ্যুদ্ধতি।

তক্তাং তাদৃশজাতীয়ঃ স ক্রফ্রাপ্রাদীয়তে।

অর্থাৎ এই রতিই প্রোচাবস্থায় মহাভাবদশা প্রাপ্ত হয়। ইহা বিমুক্ত শ্রেষ্ঠভক্তগণের মৃগ্য। এই রতি দৃঢ় হইলে প্রেমের উদয়ে স্নেহ, মান, প্রণয়, রাগ, অনুরাগ ও ভাব-সংজ্ঞায় সংজ্ঞিত হয়। দৃষ্টান্তস্বরূপে বলা যায়—ইক্ষুর বীজ হইতে ইক্ষুরস, গুড়, খণ্ড, শর্করা, সিতা ও সিতপল নামে ক্ষিত হয়। অতএব প্রেমবিলাসসকল স্নেহাদি ছয় প্রকার। নিগৃঢ় বিচারে ব্রজে যে শৃঙ্গাররস-সম্বন্ধী প্রেমা, তাহা অক্সাক্ত সম্প্রদায়ে যদি থাকে, তবে স্বন্ধ। এতন্নিবন্ধন শ্রীদাস-গোস্বামী শ্রীমন্মহাপ্রভুর কুপাপাত্র শ্রীম্বরূপাদি মহোদয়কে শিক্ষাগুরুরূপে বরণ করিতে তদ্ভাবলিপ্সুদিগকে উপদেশ করিয়াছেন।

২। জ্বেম জ্বেম,—প্রেমলক্ষণা রাগাত্মিকা ভক্তি অনেক জ্বেম সিদ্ধ হয়। কুপা হইলে শীঘ্রই সিদ্ধ হয়।। ৩।।

মনঃশিক্ষা-ভাষা

রাগাবেশে ব্রজধাম- বাসে যদি তীব্র কাম,
থাকে তব হৃদয়-ভিতরে।
রাধাকৃষ্ণ-লীলারস- পরিচর্য্যা-স্থলালস,
হয় যদি নিতান্ত অন্তরে।।
বলি তবে, শুন, মম মন।
ভক্ষন-চতুরবর, শ্রীস্বরূপ-দামোদর,
প্রভুসেবা যাঁহার জীবন।।

अर्थ स्त्रीक]

সগণ শ্রীরূপ—যিনি, রসতত্বজ্ঞান-মণি,
লীলাতত্ব যে কৈল প্রকাশ।
ভাঁহার অগ্রন্ধ ভাই, যাঁহার সমান নাই,
বর্ণিল যে যুগলবিলাস।।
সেই সব মহাজনে, স্পন্ত প্রেম-বিজ্ঞাপনে,
স্মর, নম ভূমি নিরন্তর।
ভক্তিবিনোদের নতি, মহাজনগণ-প্রতি,
বিজ্ঞাপিত করহ সত্বর॥ ৩॥

অসদার্ত্তা-বেশ্রা বিস্তজ মতিসর্ব্বস্থহরণীঃ
কথা মুক্তি-ব্যান্ত্র্যা ন শৃণু কিল সর্ব্বাত্মগিলনীঃ।
অপি ত্যকু লক্ষ্মাপতিরতিমিতো ব্যোমনয়নীং
ব্রজে রাধারুফো স্বরতিমণিদো জং ভজ মনঃ॥ ৪।
অথয় ঃ—৪। মনঃ (হে মন)

•! মতিসর্ব্বস্বহরণীঃ
(শুদ্ধবুদ্ধিরূপ সর্বব্যাপহারিণী) অসদ্বার্ত্তা-বেশ্রাঃ (অসংক্র্যার্ক্তিরূপ সর্বব্যাব্রারার)
কথারপিণী বেশ্রাকে) বিস্তুজ (পরিত্যাগ কর); মুক্তিব্যান্ত্র্যাঃ
(মুক্তিরূপা ব্যান্ত্রীর) সর্ব্বাত্মগিলনীঃ (আত্মসন্তার নাশিনীঃ)
কথাঃ (কথা) কিল (নিশ্চয়ই) ন শৃণু (শ্রবণ করিও না)।
জং (তুমি) ব্যোমনয়নীং (পরব্যোমে বৈকুণ্ঠপ্রাপিকা)
লক্ষ্মীপতিরতিম্ অপি (শ্রীনারায়ণ-ভক্তিও) ত্যক্তা। (পরিত্যাগ

করিয়া) ইতঃ (এই) ব্রজে (ব্রজধামে) স্বরতিমণিদে (নিজ প্রেমরত্ব-দাতা) রাধাকৃষ্ণে (শ্রীরাধাকৃষ্ণকে) ভজ (ভজন কর)।

প্রেমলাভের প্রতিবন্ধক নির্দ্দেশ করিতেছেন,—

শ্লোকার্থ ?—হে মন! মতিসর্বব্যহরণী অসদার্ত্তারূপা বেশ্রা ও সর্ববাত্মগিলনী মুক্তিব্যাত্মীর কথা নিশ্চয়রূপে পরিত্যাগ কর। আরও বলি, পরব্যোম-গতিদায়িনীরূপা লক্ষ্মীপতির সম্বন্ধে রতি ত্যাগপূর্বক স্বরতিদ শ্রীশ্রীরাধাকৃষ্ণকে ব্রজে ভজনা কর॥ ৪॥

১। মতিসর্ব্বস্থহরণী অসদ্বার্ত্তারূপা বেশ্রা,—বেশ্রা যেমন লম্পট ব্যক্তির অর্থ, সর্ববন্ধ হরণ করে, অসদ্বার্ত্তাও তদ্ধেপ মতিসর্ববন্ধ হরণ করে। পরমার্থলাভে মতিই জীবের একমাত্র ধন। তাহাই ভজনশীল পুরুষের সর্ববন্ধ। অসদ্বার্ত্তাই কেবল তাহা হরণ করে। অনিত্য বস্তুর আলোচনা ও সম্বন্ধ সমস্তই অসং। কুদ্রার্থপ্রেদ শাস্ত্র-আলোচনা, অর্থপিপাসা, স্ত্রীসঙ্গ, জ্রীসঞ্জি-জনসঙ্গ ইত্যাদি অসদ্বিষয়। তদ্বিষয়ে সাভিলাষ অমুশীলনের নাম 'বার্ত্তা'। মতিসম্বন্ধে শ্রীরায়-রামানন্দ—

ক্ষণভক্তিরসভাবিতা মতিঃ ক্রীয়তাং যদি কুতোহিপি লভাতে।
তত্ত্ব লৌল্যমপি মূল্যমেকলং জন্মকোটীস্ফুইডর্ন লভাতে।
অর্থাৎ হে মানবগণ! কুষ্ণভক্তিরসদ্বারা ভাবিতা অর্থাৎ
স্মুবাসিতা মতি যদি কোনও স্থানে প্রাপ্ত হও ভবে ক্রেয় কর,

উহার মূল্য কেবল লালসামাত্র, তদ্ভিন্ন কোটি কোটি জন্মের স্থুকুত দ্বারাও ঐ মতি লভ্য হয় না।

২। সর্বাত্মগিলনা মুক্তিব্যান্ত্রীর কথা,—এন্থলে 'মুক্তি'শব্দে ব্রহ্মনির্বাণ বা সাযুজ্যমুক্তি। সাযুজ্যমুক্তি সহজেই
সমস্ত আত্মসত্তাকে নাশ করে; যে ব্রহ্মসত্তাকে স্থাপন করে,
তাহাও খ-পুপ্পের ত্যায় বাগাড়ম্বরমাত্র। বস্তুতঃ, সর্বশক্তিসম্পন্ন ভগবান্ই এক পরম তত্ত্ব। ভগবচ্ছক্তি নিত্যা; অতএব,
সেই শক্তি চিদ্রূপে ভগবল্লীলা, অচিদ্রূপে বা মায়ারূপে অনন্ত
ব্রহ্মাণ্ড, তথা বদ্ধজীবের স্থুল-লিঙ্গরূপ শরীরদ্বয় এবং তটস্থ-(বা
জীবশক্তি) রূপে অনন্ত জীবসকল নিত্য বিস্তার করত ভগবৎসেবা করিয়া থাকেন। যাহারা ভগবদ্বিদ্বেষী বা পরমরমণীয়া
চিল্লীলার বিরোধী, তাঁহারা স্বকর্মফলে স্বাত্মনাশরূপ একটি
ব্রহ্মলয়-গতি ভাণ করিয়া তদালোচনায় স্থুখ পাইয়াছি, মনে
করেন,—দণ্ড্য যেমত আত্মহত্যা করিয়া স্থুখী হয়, তবং।
এবংবিধ মুক্তিকথা অর্থাৎ মুক্তি-সাধন-জ্ব্যু যে-সকল প্রক্রিয়া
ও উপাসনাদি স্থির আছে, তাহার বিষয় এবং তদাগ্রহি-জনের
সঙ্গ যত্বপূর্ব্বক পরিত্যাগ করিবে। তির্বিয়ে শ্রীরূপ—

ভূক্তি-মৃক্তিস্পৃহা ষাবৎ পিশাচী স্থানি বর্ত্ততে।
তাবডক্তিস্থিতাত্ত কথমভূদায়ে। ভবেৎ ॥
শ্রীকৃষ্ণ-চরণাম্ভোজনেবা-নির্তচেতসাম্।
এষাং মোক্ষায় ভক্তানাং ন কদাচিৎ স্পৃহা ভবেৎ॥

অর্থাৎ ভুক্তি-মুক্তি-ম্পৃহারপ পিশাচী যতদিন হৃদয়ে বর্ত্তমান থাকিবে, ততদিন তথায় ভক্তিপথের অভ্যুদয় কিরূপে হইবে ? অর্থাৎ ভুক্তি-মুক্তিবাঞ্চা ভক্তিপথের অন্তরায়। বস্তুতঃ শ্রীকৃষ্ণের শ্রীচরণকমল-সেবাজাত-পরমানন্দপূর্ণ চিত্ত ভক্ত দিগের কখনও মোক্ষবাঞ্চা হয় না।

৩। ব্যোমনয়নী লক্ষ্মীপতিরতি,—পরব্যোমরূপ ভগবদ্ধাম—যথায় ঐশ্বর্যাপ্রধান নারায়ণের অবস্থিতি। লক্ষ্মীপতির সেবার দ্বারা সেই ধামে সামীপ্য, সাষ্টি, সালোক্য ও সারপ্য— এই চারি-প্রকার মুক্তিলাভ হয়। তৎসম্বন্ধে ঞ্রীরূপ—

ষত্র ত্যাজ্যতয়ৈবোক্তা মৃক্তিঃ পঞ্চবিধাপি চেং।
সালোক্যাদিন্তথাপ্যত্র ভক্তা নাতিবিরুধ্যতে ॥
স্থবৈশ্বর্যোত্তরা সেয়ং প্রেমসেবোত্তরেত্যপি।
সালোক্যাদি-দিধা তত্র আছা সেবাজুষাং মতা॥
কিন্তু প্রেমকমাধুর্যভুক্ষ একান্তিনো হর্মে।
নৈবালীর্কতে জাতু মৃক্তিং পঞ্চবিধামপি ॥
তত্রাপ্যেকান্তিনাং শ্রেষ্ঠা গোবিন্দ হত্মানসাং।
বেষাং শ্রীশ-প্রসাদোহপি মনো হর্ত্তরং ন শক্রুয়াং॥
দিদ্ধান্ততম্বভেদেহপি শ্রীশ-কৃষ্ণস্বরূপরোং।
হসেনোংকুয়তে কৃষ্ণরূপমেষা বসন্থিতিঃ॥

অর্থাৎ যদিও পূর্ব্বোক্ত উদাহরণসমূহে সালোক্য, সারূপ্য, সামীপ্য, সাষ্ট্রি ও সাযুজ্য—এই পঞ্চবিধ মুক্তি পরিত্যাগের কথা উল্লিখিত হইয়াছে, তথাপি সালোক্যাদি চারিপ্রকার মুক্তি ভক্তির সম্পূর্ণ বিরুদ্ধ নহে, কারণ উক্তপ্রকার মুক্তিপ্রাপ্ত ব্যক্তি-দিগেরও ঞ্রীকৃষ্ণভক্তি হইয়াছে, শুনিতে পাওয়া যায়। সালো-ক্যাদি চারিপ্রকার মুক্তির তুইটি অবস্থা, যথা—সুখৈশ্বর্যোত্তরা ও প্রেমসেবোত্তরা। প্রথমোক্তাবস্থায় সুখ ও ঐশ্বর্য্যের বাঞ্ছাই প্রধান এবং শেষোক্তোবস্থায় প্রেমসেবা-বাঞ্জাই প্রধান। প্রথম-টিকে সেবারসিক ভক্তগণ ভক্তির বিরোধী বলিয়া মনে করেন। কিন্তু প্রেম-মাধুর্য্যাম্বাদনপর শ্রীহরির একান্ত অনুরক্ত ভক্তগণ পঞ্চবিধ মুক্তির কোন প্রকারই অঙ্গীকার করেন না। উক্ত প্রেম-মাধুর্য্যাম্বাদক একান্ত অনুরক্ত ভক্তগণের মধ্যে গ্রীনন্দনন্দনের চরণারবিন্দ যাঁহাদের চিত্ত হরণ করিয়াছেন. তাঁহারা শ্রেষ্ঠ। পরব্যোমনাথ লক্ষ্মীপতি নারায়ণের এবং দারকাধীশ ক্রিণীপতি শ্রীকুঞ্চের প্রসাদও তাঁহাদিগের মন হরণ করিতে পারেন না। যদিও শ্রীনাথে ও শ্রীকুষ্ণে স্বরূপতঃ সিদ্ধান্তগত কোন ভেদ নাই—ইহাই প্রতিপন্ন হয়, তথাপি দর্কোৎকৃষ্টপ্রেমময় রস-নিবন্ধন শ্রীকৃষ্ণরূপেরই উৎকর্ষ লক্ষিত হয়। কারণ উক্ত প্রেমময় রস স্বভাবতঃ শ্রীকৃষ্ণরূপকেই উৎकृष्टेश्वराप প্রদর্শন করে।

তিষিষয়ে শ্রীহরিদাস,—

অলং ত্রিদিববার্ত্তয়া কিমিতি সার্ব্বভৌমশ্রিয়া

বিদ্বতববর্ত্তিনী ভবভূ মোক্ষলক্ষীরপি।

কলিন্দ-গিরিনন্দিনী-তটনিকুঞ্জ-পুজ্পোদরে

মনো হরতি কেবলং নবতমালনীলং মহঃ॥

8। স্বর্তিদ, — আত্মরতিদ। সমস্ত আত্মার আত্মা যে শ্রীশ্রীরাধাকৃষ্ণ, তাহাতে অণু-চৈতন্তরপ নিত্য-কৃষ্ণদাস জীবের যে স্বাভাবিকী রতি, তাহাই আত্মরতি। ঐ রতি জীবের নিত্যসিদ্ধ ধর্ম হইলেও মায়ামুগ্ধ অবস্থায় তাহা অবিতা-জনিত নানা বাসনা-দারা আচ্ছাদিত। এতদ্বিষয়ে শ্রীমদীশ্বরপুরী, —

ধন্যানাং হৃদি ভাসতাং গিরিবর-প্রত্যগ্রকুঞ্জৌকসাং সত্যানন্দরসং বিকারবিভবব্যাবৃত্তমন্তর্মহঃ। অম্মাকং কিল বল্পবীরতিরসো বৃন্দাটবীলালসো গোপঃ কোহপি মহেক্রনীলফচিরন্চিত্তে মুহুঃ ক্রীড়তু।

অর্থাৎ পর্ববিতরাজের বিশুদ্ধ কুঞ্জবাদী ধন্য পুরুষদিগের হৃদয়ের বিকার বিভব-বিরহিত অন্তরের উৎসবরূপ সত্যানন্দরস প্রকাশিত হউক, কিন্তু আমাদিগের হৃদয়ে নিশ্চয় গোপী-রতিরস-স্বরূপ বৃন্দাবন-বিলাদী ইন্দ্রনীলকান্তিশালী কোন গোপ নিরন্তর ক্রীড়া করুন।

শ্রীমাধবেন্দ্রপুরী,—
রসং প্রশংসম্ভ কবিত্বনিষ্ঠা ব্রহ্মামৃতং বেদশিরোনিবিষ্টা:।
বয়ন্ত গুঞ্জা-কলিতাবতংসং গৃহীতবংশং কমপি প্রয়াম:।

৪র্থ শ্লোক]

অর্থাৎ কবিত্বনিষ্ঠ ব্যক্তিগণ রসকে প্রশংসা করুন এবং ক্রাতিপরায়ণ ব্যক্তিগণ ব্রহ্মরূপ অমৃতকে প্রশংসা করুন, কিন্তু আমরা কোন গুঞ্জার অবতংসশালী বংশীধারীকে আশ্রয় করি। শ্রীকবিরত্ব,—

জাতু প্রার্থয়তে ন পার্থিবপদং নৈদ্রে পদে মোদতে
সন্ধত্তে ন চ যোগসিদ্ধিয়ু ধিয়ং মোক্ষং ন চাকাজ্জতি।
কালিন্দী-বনসীমনি স্থিরতড়িন্মেদহ্যতো কেবলং
শুদ্ধে বন্ধাণি বল্পবী-ভুজলভাবকে মনো ধাবতি॥

অর্থাৎ আমার মন কখন রাজপদ প্রার্থনা করে না, ইন্দ্রপদে আমোদ প্রকাশ করে না, যোগসিদ্ধি বিষয়ে বৃদ্ধিকে সন্ধান করে না, মোক্ষের প্রতিও আকাজ্জা রাখে না; কিন্তু কেবল কালিন্দীর বনসীমায় স্থিরবিত্যাৎ ও মেঘত্যতিরূপ, গোপীভূজলতাবদ্ধ অর্থাৎ আলিঙ্গিত নির্মাল ব্রন্ধে ধাবিত হইতেছে।

শ্রীমাধবেন্দ্রপুরী,—

অনন্ধ-রসচাতুরী-চপলচারু-চেলাঞ্চলশ্চলন্মকরকুণ্ডল-স্কুরিতকান্তি-গণ্ডস্থলঃ।

বজোলসিত-নাগরী-নিকরবাসলাস্থোৎস্ক্রকঃ
স মে সপদি মানসে স্কুরতু কোইপি গোপালকঃ॥

অর্থাৎ যিনি কন্দর্পরাসরস-চাতুর্য্যবিশিষ্ট, যাঁহার মনোহর বস্ত্রাঞ্চল অতিশয় চপল, যাঁহার গগুস্থল ফুরিত-চঞ্চল-মকরাকৃতি কুগুলের কান্তিশালী এবং যিনি ব্রজস্থ আনন্দময়ী নাগরী-

এম শ্লোক]

নমূহের রাসনৃত্যে সমুৎস্থক, সেই কোন গোপাল আমার মনোমধ্যে ক্মুরিত হউন।

ব্রজে রাধাকৃষ্ণের ভজনাদ্বারাই সেই সিদ্ধিরতি-স্বরূপ মণি পুনঃ প্রকটতা লাভ করত মহাভাব পর্য্যন্ত পুষ্ট হয়॥ ৪ ॥

মনঃশিক্ষা-ভাষা

কৃষ্ণবার্ত্তা বিনা আন,
সেই বেশ্যা অতি ভয়ঙ্করী।
গ্রীকৃষ্ণবিষয়া মতি,
সেই বেশ্যা মতি লয় হরি'॥
শুন, মন, বলি হে তোমায়।
'মুক্তি'-নামে শার্দ্দ্রলিনী, তা'র কথা যদি শুনি,
সর্ব্যাত্মসম্পত্তি গিলি' খায়॥
তত্তভয় ত্যাগ কর,
লক্ষ্মীপতি-রতি রাখ দ্রে।
সে রতি প্রবল হ'লে,
নাহি দেয় বাস ব্রজপুরে॥
ব্রজে রাধাকৃষ্ণ-রতি,
তাই তুমি ভজ চিরদিন।
ক্রপ-রঘুনাথ-পায়,
এ ভক্তিবিনোদ দীনহীন॥৪॥

অসচ্চেপ্তা-কপ্তপ্রদ-বিকট-পাশালিভিরিহ প্রকামং কামাদি-প্রকট-পথপাতিব্যতিকরৈঃ। গলে বন্ধা হন্যেহহমিতি বকভিদ্বস্ত্র পগণে কুরু ত্বং ফুৎকারানবতি স যথা তাং মন ইতঃ॥ ৫॥

অন্বয় ঃ—৫। মনঃ (হে মন)! ইহ (এই সংসারে) কামাদিপ্রকটপথপাতিব্যতিকরৈঃ (প্রকাশ্যপথে আক্রমণকারী কামপ্রভৃতি ব্যসনগণ) অসচেপ্তা-কপ্তপ্রদ-বিকট-পাশালিভিঃ (অনিত্য
বিষয়-চেপ্তার্নপ তৃঃখপ্রদ ভয়ঙ্কর রজ্জুসমূহের দ্বারা) গলে বদ্ধা
(গলায় বন্ধন করিয়া) অহং (আমাকে) প্রকামং (যথেচ্ছ)
হন্মে (মারিতেছে বা পীড়ন করিতেছে), ইতি (—এই বলিয়া)
দ্বং (তুমি) বকভিদ্বত্মপগণে (বকারি শ্রীক্রন্থের পথরক্ষকগণকে অর্থাৎ বৈষ্ণবগণকে) প্রকামং (প্রচুরভাবে) ফুৎকারান্
কুরু (উচ্চ চীৎকার করিয়া অর্থাৎ ফুকারিয়া ডাক) যথা
(যাহাতে) সঃ (সেই রক্ষিগণ) দ্বাং (তোমাকে) ইতঃ
(ইহাদের হাত হইতে) অবতি (রক্ষা কুরেন)।

শ্রোকার্থ ?—হে মন! কামাদি স্পষ্ট পথপাতি (বাটপাড়)
ব্যতিকর (সমূহ-কর্ত্ত্বক) অসচ্চেষ্টারূপ কষ্টপ্রদ বিকট পাশালি(পাশশ্রেণী) দ্বারা (আমার) গলদেশ বদ্ধ হওয়ায় 'আমি হত
হইয়াছি'—এই বলিয়া তুমি কাতরম্বরে বকভিদ্বর্ম প্রগণকে
ফুৎকার করিয়া ডাকিতে থাক; তাহাতে তাঁহারা অবশ্য
তোমাকে এরূপ অবস্থা হইতে রক্ষা করিবেন॥ ৫॥

- A 1 STATE + 448 +1

\$। কামাদি-প্রকট-পথপাতিব্যতিকর,—কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ ও মাংসর্য্য—এই ছয়টি প্রকট (স্পষ্ট) পথপাতিব্যতিকর, অর্থাৎ জীবনপথের দম্মারূপে ব্যতিকর,— পরস্পার মিলিত হইয়া (দম্মাবৃত্তি করে)। শ্রীমন্ত্র্গবদ্যীতায়,—

ধ্যায়তো বিষয়ান্ পুংসঃ সঙ্গন্তেষ পূজায়তে।
সঙ্গাৎ সংজ্ঞায়তে কামঃ কামাৎ ক্রোধোইভিজায়তে॥
ক্রোধান্তবিত সম্মোহঃ সম্মোহাৎ স্মৃতিবিত্রমঃ।
স্মৃতিভ্রংশাদ্ বৃদ্ধিনাশো বৃদ্ধিনাশাৎ প্রণশ্যতি॥

অর্থাৎ ভক্তিশৃত্য বৈরাগ্যযোগের অনর্থ আলোচনা কর। বৈরাগ্য চেষ্টা করিতে করিতেও যে-সময় বিষয়ধ্যান উপস্থিত হয়, তখন ক্রমশঃ বিষয়ের সঙ্গ অর্থাৎ স্পৃহা জন্মে, সঙ্গ হইতে কাম উৎপন্ন হয় এবং কাম হইতে ক্রোধ আসিয়া উপস্থিত হয়। ক্রোধ হইতে মোহ, মোহ হইতে স্মৃতিবিভ্রম, স্মৃতিবিভ্রম হইতে বুদ্ধিনাশ এবং বুদ্ধিনাশ হইতে সর্ব্বনাশ উপস্থিত হয়।

ভাষ্যকার শ্রীবলদেব,—"বিষয়ান্ শব্দাদীন্ স্থহেতুত্ববৃদ্ধ্যা ধ্যায়তঃ পুনঃ পুনশ্চিন্তয়তো যোগিনন্তেষু বিষয়েষু সঙ্গঃ
আসক্তির্ভবতি, সঙ্গাদ্ধেতোন্তেষু কামতৃষ্ণা জায়তে, কামাচ্চ কেনচিং প্রতিহতাং ক্রোধঃ, ক্রোধাং সম্মোহঃ, কার্য্যাকার্য্যবিবেক-বিজ্ঞান-বিলোপঃ, সম্মোহাং স্মৃতেরিন্দ্রিয়-বিজ্ঞয়াদিপ্রযন্ত্রামুসন্দের্বিভ্রমো বিভ্রংশঃ, স্মৃতিভ্রংশাং বৃদ্ধিরাত্মজ্ঞানার্থকস্থাধ্যবসায়স্থ নাশঃ, বৃদ্ধিনাশাং প্রণশ্যতি পুনর্বিষয়ভোগনিমগ্নো ভবতি সংসরতীত্যর্থঃ।" ভাষ্যকার বলদেব বলিতেছেন—
শব্দাদি বিষয়কে স্থহেতু বোধে পুনঃ পুনঃ চিন্তাকারী যোগিসকলের তাহাতে আসক্তি হয়; সঙ্গহেতু তাহাতে কাম-তৃষ্ণা
জন্মে; কাম হইতে কাহারও বাধাপ্রাপ্ত হইয়া ক্রোধ, ক্রোধ
হইতে সম্মোহ (কার্য্যাকার্য্য-বিবেক-বিজ্ঞান-বিলোপ), তাহা
হইতে ইন্দ্রিরবিজয়-প্রয়ত্মান্তুসন্ধির বিভ্রম-বুদ্ধি (আত্মজ্ঞানার্থক
অধ্যবসায়ের নাশ), বুদ্ধিনাশে বিনাশ অর্থাৎ পুনরায় বিষয়
ভোগে নিমগ্ন হয়।

- ২। অসচ্চেপ্তারূপ কপ্তপ্রদ বিকট-পাশালি (পাশ-শ্রেণী) দ্বারা গলে বদ্ধ,—পূর্ব্ব অসচ্চেষ্টারূপ কষ্টদায়ক ভয়ানক পাশসমূহ-দ্বারা গলদেশ বদ্ধ হওয়ায়।
- ৩। বকভিদ্বর্শপাণে,—'বক' নামক মৃত্তিমং কপটতা-স্বরূপ অস্থর-বিশেষ। শ্রীকৃষ্ণ তাহাকে তুই খণ্ড করিয়া নষ্ট করেন। ভাঁহার বর্জ অর্থাৎ প্রেমান্থালনরূপ পথ। সেই পথের রক্ষক বৈষ্ণবর্গণ। শ্রীরামানুজ, *

প্রহলাদ-নারদ-পরাশর-পুণ্ডরীক-ব্যাসাম্বরীষ-শুক-শোনক-ভীম্ম-দাল্ভ্যান্। ক্লালদোদ্ধব-বিভীষণ-ফাল্ভনাদীন্ পুণ্যানিমান্ পরমভাগবভান্নমামি॥

অর্থাৎ প্রহলাদ, নারদ, পরাশর, পুগুরীক, ব্যাস, অম্বরীষ, শুক, শৌনক, ভীম্ম, দাল্ভ্য, রুক্মাঙ্গদ, উদ্ধব, বিভীষণ এবং

. A 1 81818 4418 +s

আর্জুন প্রভৃতি এই সকল পবিত্র পরমভাগবতদিগকে নমস্কার করি। শ্রীসর্ববিজ্ঞ—

শ্বন্তক্ষ সরিতাং পতিঃ চুলুকবৎ খলোতবদ্ধান্তবং
মেকং পশ্বন্তি লোষ্ট্রবং কিমপরং ভূমেঃ পতিং ভূত্যবং।
চিন্তারত্বহং শিলাশকলবৎ কল্পক্রমং কাষ্ঠবং
সংসারং তৃণরাশিবং কিমপরং দেহং নিজং ভারবং।

অর্থাৎ হে ভগবন্! তোমার ভক্ত সমুদ্রকে গণ্ডুষের স্থায়, সুর্য্যকে খণ্ডোতের ন্থায়, সুমেরুকে লোষ্ট্রের ন্থায়, ধরণীনাথ নরপালকে ভৃত্যের ন্থায়, চিন্তামণিসমূহকে শিলাখণ্ডের ন্থায়, কল্পতরুকে কাষ্ঠের ন্থায়, সংসারকে তুণরাশির ন্থায়, অন্থ আর কি বলিব—নিজ-দেহকেও ভারের ন্থায় অবলোকন করেন।

শ্রীমাধব সরস্বতী,—

মীমাংসারজনা মলীমসদৃশাং তাবর ধীরীশ্বরে গর্বোদগ্রকৃতর্ক-কর্কশধিয়াং দ্রেহপি বার্তা হরেঃ। জানন্তোহপি ন জানতে শ্রুতিস্থং শ্রীরন্ধিসন্ধাদৃতে স্বস্থাহং পরিবেশয়ন্ত্যপি রসং গুরুর্বী ন দর্বী স্পৃশেৎ ॥

অর্থাৎ মীমাংসাধৃলিতে যাহাদিগের চক্ষু মলিন, তাহাদিগের বৃদ্ধি ঈশ্বরে প্রবেশ করে না, যাহাদিগের বৃদ্ধি 'গর্বই যাহার চরম ফল'—এমন কুতর্কে কর্কশ হইয়াছে, তাহাদিগের পক্ষে হরিকথা অতিদূরবর্তিনী এবং বেদজ্ঞ পণ্ডিতসকল শ্রীকৃষ্ণে আসক্তি ব্যতিরেকে তত্ত্ব জানিয়াও জানিতে পারেন না, যেমন

উৎকৃষ্ট হাতা স্থাত রস পরিবেশন করিলেও সেই রস আঝাদন করিতে পারে না তদ্রপ। শ্রীহরিভক্তি-সুধোদয়ে,— যন্ত বৎসদতিঃ পুংসো মণিবৎ স্থাৎ স তদ্গুণঃ। স্বকুলক্ষ্যৈ ততো ধীমান্ স্বযুগানেব সংশ্রমেৎ॥

অর্থাৎ হিরণ্যকশিপু প্রহলাদকে কহিলেন,—পুত্র! যাহার।
দহিত যে পুরুষের সহবাস হয়, ক্ষটিক মণির ন্যায় ভাহার গুণ
সেই ব্যক্তিতে প্রতিভাত হয়; এজন্য বৃদ্ধিমান্ ব্যক্তিদিগের
দগণ সমৃদ্ধির নিমিত্ত তুল্য-বাসনাযুক্ত ব্যক্তিগণের সঙ্গে রভ
হওয়া কর্ত্তব্য। (ভঃ রঃ সিঃ পৃঃ ২।২২৯)।

তাৎপর্য্য এই যে, হৃদয়-দোষ যোগ-যাগাদিদ্বারা বিনষ্ট হয় না, কিন্তু দস্তহীন বৈষ্ণবের সঙ্গক্রমে শক্তি-সঞ্চার হইলে সম্পূর্ণ নম্ভ হয়॥ ৫॥

মনঃশিক্ষা-ভাষা

কাম-ক্রোধ-লোভ-মোহজীবের জীবনপথে বিসি^{*}।
অসচ্চেষ্টা-রজ্জুফাঁসে, পথিকের ধর্ম্ম-নাশে,
প্রাণ ল'য়ে করে ক্যাক্ষি॥
মন, তুমি ধর বাক্য মোর।
এই সব বাটপাড়, অতিশয় তুর্নিবার,
যখন ঘেরিয়া করে জোর॥

বকশক্ত-সেনাগণে, কুপা করি' নিজজনে, যা'তে করে উদ্ধার তোমায়॥

বাটপাড় ছয়জন, অসচেষ্টা রজ্জুগণ, দিয়া গলে করিল বন্ধন।

প্রাণবায়ু গতপ্রায়, রূপ-রঘুনাথ হায়, কর ভক্তিবিনোদে রক্ষণ ॥ ৫ ॥

অরে চেতঃ প্রোত্তৎ-কপট-কূটিনাটী-ভর-খর-ক্ষরন্মূত্রে স্নাত্বা দহসি কথমাত্মানমপি মাম্। সদা তং গান্ধর্কা-গিরিধরপদ-প্রেমবিলসৎ-সুধান্ডোধৌ স্নাত্বা স্বমপি নিতরাৎ মাঞ্চ সুখয়॥ ৬॥

অথয় ঃ

৩। অরে চেতঃ (ওরে মন)! প্রোত্তংকপটকুটিনাটী-ভরখরক্ষরনাত্ত্রে (প্রকাশমান কপট-কুটিনাটী-সমূহরূপ
গর্জভের ক্ষরণশীল মূত্রে) স্নাত্বা (স্নান করিয়া) কথং (কেন)
আত্মানং (নিজকে) মাম্ অপি (এবং আমাকেও) দহসি (দগ্ধ
করিতেছ) ? তং (তুমি) গান্ধর্কা-গিরিধর-পদপ্রেম-বিলসংস্থান্ডোধৌ (শ্রীগান্ধর্কা-গিরিধারীর চরণজ প্রেম হইতে
বিলসিত অমৃত-সমুদ্রে) সদা (সর্কাদা) স্নাত্বা (স্নান করিয়া)

৬ৡ শ্লোক]

স্বং (নিজকে) চ (ও) মাম্ অপি (আমাকেও) নিতরাং (অতিশয়) সুখয় (সুখী কর)।

কাম-ক্রোধাদির দমন হইলেও কপটতারূপ মহাশক্রকে জ্বয় করিবার উপদেশ,—

শ্লোকার্থ ?—হে চেতঃ! তুমি সাধনের পথ অবলম্বন করিয়া স্পষ্ট (উদীয়মান) কপট-কুটিনাটী-ভর (আধিক্য)-রূপ খর হইতে ক্ষরিত মূত্রে স্নান করত আপনাকে পবিত্র মনে করিতেছ; কিন্তু, তদ্বারা তুমি আপনাকে দহন করিতেছ এবং ঐ সঙ্গে কুজনীব যে আমি, আমাকেও দহন করিতেছ। তাহা না করিয়া কেবল গান্ধর্কা-গিরিধর-পদপ্রেমবিলাসরূপ (প্রেমে বিলসমান) সুধা-সমুজে স্নান করত আপনাকেও আমাকে নিরন্তর সুখ প্রদান কর॥ ৬॥

১। স্পৃষ্ট-কপট-কূটিনাটী-ভর (আধিক্যরূপ)-খর হুইতে ক্ষরিত্মূত্রে,—

সাধক ত্রিবিধ—স্বনিষ্ঠ, পরিনিষ্ঠিত ও নিরপেক্ষ। স্বনিষ্ঠ
সাধকগণ বর্ণাশ্রমবিহিত বিধিসমূহের পালন ও নিষেধসমূহের
সম্পূর্ণ পরিহার করত ভগবান্ হরিকে সন্তুষ্ট করিতে চেষ্টা
করেন। পরিনিষ্ঠিতগণ ভগবৎ-পরিচর্য্যাদি ক্রিয়ার অনুগত
করিয়া সমস্ত বিধি-নিষেধান্মসারে কার্য্য করেন। তত্তভাই
গৃহস্থ। নিরপেক্ষ সাধকগণ—অগৃহস্থ। নিন্ধপটতা থাকিলে
ত্রিবিধ সাধকেরই মঙ্গল। কপটতা থাকিলে সমস্তই ভ্রষ্ঠ হয়।

শ্বনিষ্ঠের কপটতা, যথা,—ভগবত্তোষণের ছল করিয়া ইন্দ্রিয়স্থ-সাধন করা, নিজপট কৃষ্ণদাসদিগের সেবা না করিয়া প্রবল লোকের পরিচর্য্যা করা, প্রয়োজনীয় অর্থাপেক্ষা অধিক অর্থ-সংগ্রহ করা, নিরর্থক অনিত্য উভ্যমে বৈর-নির্যাতনে আগ্রহ করা, বিভাচ্ছলে কৃতর্ক শিক্ষা করা এবং কখনও কখনও নিরপেক্ষদিগের লিন্ধ ধারণপূর্বক লোকের নিকট প্রতিষ্ঠা সংগ্রহ করা ইত্যাদি। পরিনিষ্ঠিতের কপটতা, যথা,—বাহে পরিনিষ্ঠতা; কিন্তু, অন্তরে কৃষ্ণেতর-বিষয়ে আগ্রহ, কৃষ্ণদাসের সন্ধাপেক্ষা অন্ত সঙ্গে অধিক যত্ন ইত্যাদি।

নিরপেক্ষের কপটতা, যথা,—আত্মন্তরিতা, নিজধৃত লিক্ষের অহস্কারে অন্য সাধকগণে ক্ষুদ্রজ্ঞান, আহারাচ্ছাদনের অতিরিক্ত অর্থসংগ্রহ, সাধনচ্ছলে যোধিংসঙ্গ, কৃষ্ণমন্দির ছাড়িয়া সংসারিলাকের নিকট অর্থাশায় উপবেশন, ভজনচ্ছলে অর্থাদিসংগ্রহের জন্ম উদ্বেগলাভ এবং বৈরাগ্যলিঙ্গের সম্মাননায় ও বিধি-পালনাসক্তিতে কৃষ্ণরতি ক্ষয় করা,—এই প্রকার। অতএব, ভজন-সম্পর্কে কপট-কুটিনাটী-জনিত কৃত্র্ক, কুসিদ্ধান্ত ও অনর্থসকলকে গর্দ্ধভের সহিত তুলনা করা হইয়াছে। অনেকে এ গর্দ্দভম্তে স্নাত হইয়া আপনাকে পবিত্র অভিমান করেন। বস্তুতঃ, এ মৃত্র আত্মানাহী।

২। কেবল গান্ধর্কা-গিরিধর-পদ-প্রেমবিলাসরূপ (প্রেমে বিলাসমান) সুধাসমুদ্রে,—

গান্ধর্বন শ্রীমতী রাধিক।—ভগবৎ-স্বরূপ-শক্তি। গিরিধর

শ্রীকৃষ্ণ—শক্তিমান্ পুরুষ। যুগল-পাদাশ্রারের প্রেমজনিত বিশুদ্ধ-চিদ্বিলাসরূপ অমৃত-সমুদ্রে স্নান কর। তদ্বিষয়ে প্রার্থনা-পদ্ধতি—(শ্রীরূপগোস্বামিকৃতা)—

ভদ্ধগান্ধের-গোরাকাং কুরক্ষীলিকিমেক্ষণাম্।
ভিতকোটীন্বিরাক্তমন্থ্যমন্থ্যসংবৃতাম্॥
নবীন-বল্পবীবৃন্ধবিশ্বলোৎফুল্লমলিকাম্।
দিব্যরত্মালকার-দেব্যমানতক্মপ্রিরম্॥
বিদ্যামগুলগুরুং গুণগোরবমপ্তিতাম্॥
তক্ষলাপাক্ষভকেন ব্যাকুলীক্ষতকেশবাম্।
গোঠেক্রস্থতজীবাতু-বম্যবিশ্বাধ্বামৃতাম্॥
ভামনে বাচতে নতা বিলুঠন্ ধম্নাতটে।
কাকুভির্ব্যাকুলন্ধান্তো জনো বৃন্ধাবনেশ্বরি॥
কুতাগস্থেইপ্যযোগ্যেইপি জনেইন্মিন্ কুমতাবিপি।
দাক্তদানপ্রদানক্ত লবমপ্যপ্রদাদ্র॥
যুক্তস্বর্গা জনো নৈব জংথিতোইয়ম্পেক্তিত্ম্।
কুপাজোত-ভ্রেচিত্তনবনীতাদি ধং সদা॥

অর্থাৎ হে বৃন্দাবনেশ্বরি ! তুমি তপ্তকাঞ্চনের স্থায় গৌরাঙ্গী, তোমার নয়ন কুরঙ্গীর স্থায় মনোহর, ছদীয় মুখমগুল কোটি-পরিমিত চক্রকেও পরাভূত করিয়াছে, নবনীরদের স্থায় নীলাশ্বরে তুমি স্থাভোত । তুমি যাবতীয় গোপিকাগণের নিরোভূষণ মল্লিকাকুস্থম-স্বরূপ, স্থদিব্য রক্নাদি অলঙ্কারে

क्षे द्रांक

তোমার প্রীঅঙ্গ স্থাশেভিত। যাবতীয় স্থচতুরা গোপিগণের মধ্যে তুমি শ্রেষ্ঠা এবং অশেষ গুণ-গোরবে স্থাশেভিত, তুমি অতি প্রিয়তম অন্টমথীতে পরিবেষ্টিত। তুমি অপাঙ্গভঙ্গীদারা প্রীকৃষ্ণকে ব্যাকুলিত কর, দ্বনীয় অতি স্থান্দর অধর-বিস্বায়ত ব্রদ্ধেনন্দন প্রীকৃষ্ণের জীবনৌষধ-স্বরূপ। হে প্রীমতি। আমি ব্যাকুলহাদয়ে যমুনাকূলে লুন্ঠিত-কলেবর হইয়া তোমাকে প্রণাম-পূর্বক কাকুবাক্যে এই প্রার্থনা করিতেছি যে, আমি অপরাধী, তুষ্টমতি ও অযোগ্য হইলেও আমাকে তোমার দাসন্থ কিঞ্চিং প্রদান করিয়া কৃতার্থ কর। হে কুপামিয়ি। এই তুঃখিত জনকে উপেক্ষা করা তোমার কথনই উচিত হয় না, যেহেতু কুপার প্রভাবে তোমার নবনীত-হাদয় সর্ব্বদা দ্বীভূত।

যুগল নাম,—(স্তবমালা)—

রাধামাধবয়োরেতছক্যে নাম-যুগাইকম্।
বাধাদামোদরৌ পূর্বং রাধিকামাধরো ততঃ॥
বৃষভাস্কুমারী চ তথা গোপেন্দ্রনন্দনঃ।
গোবিন্দ্র্য প্রিয়সখী গান্ধবা-বান্ধবন্তথা॥
নিকুঞ্জনাগরৌ গোষ্ঠকিশোর-জন-শেখরৌ।
বুন্দাবনাধিপৌ কৃষ্ণবল্পভা রাধিকাপ্রিয়ৌ॥

অর্থাৎ এক্ষণে রাধামাধবের যুগল নামাষ্টকরূপ স্তব কীর্ত্তন করিব। প্রথমে রাধাদামোদরের স্তব, তদনন্তর রাধামাধবের

ন্তব লিখিত হইবে। যিনি বৃষভান্তকুমারী ও যিনি ব্রজেন্দ্রনন্দন, যিনি গোবিন্দের প্রিয়সখী ও যিনি গান্ধর্ব। অর্থাৎ শ্রীরাধিকার বান্ধব। যিনি নিকুঞ্জবনের নাগরী ও যিনি নিকুঞ্জবনের নাগর, যিনি ব্রজবাসিনী যুবতীরন্দের শিরোভূষণ এবং যিনি ব্রজবাসী যুবকর্ন্দের শিরোভূষণ, যিনি বৃন্দাবনের অধিষ্ঠাত্রী ও যিনি বৃন্দারণ্যের অধাশ্বর, যিনি কুঞ্চবল্লভা ও যিনি রাধিকাপ্রিয়।

—ইত্যাদি নাম আশ্রয়পূর্বক চিদ্রসার্দ্রিতচিত্তে শ্রীরাধা-গোবিন্দের সময়োচিত-লালা শুদ্ধহৃদয়ে কল্পনা করত অহরহঃ ব্রজভূমিতে ভ্রমণ করিবে। তাহা হইলে, দৈন্য-শোধিত চিত্তে আর কপটতা স্থান পাইবে না। অন্য চিন্তাকে অবসর দিলেই কপটতা আসিয়া চিত্তকে থাক্রমণ করিবে॥ ৬॥

মনঃশিক্ষা-ভাষা

কাম-ক্রোধ-আদি করি', বাহিরে সে সব অরি,
আছে এক গৃঢ়শক্র তব।

'কপটতা'-নাম তা'র, তা'রে কুটিনাটি ভার,
খরমূর্ত্তি পরম কিতব।
ওরে মন, গৃঢ় কথা ধর।
সেই খরমূত্রে ভুলে, স্নান করি' কুতূহলে,
'পবিত্র' বলিয়া মনে কর।

৭ম শ্লোক]

এ ভক্তিবিনোদ চায়. রূপ-রঘুনাথ-পায়, দেখিতে যুগল-রসসিকু॥

জীবন সার্থক করে, সর্ব্যজীব-চিত্ত হরে, সেই সাগরের এক বিন্দু॥ ७॥

প্রতিষ্ঠাশা ধুষ্ঠা শ্বপচ-রমণী মে হৃদি নটেৎ কথং সাধুঃ প্রেমা স্পৃশতি শুচিরেতন্ত্ররু মনঃ। সদা ত্বং সেবস্থ প্রভুদয়িত-সামন্তমতুলং যথা তাং নিষ্কাস্ত ত্বরিতমিত তং বেশয়তি সঃ॥ १॥

(প্রতিষ্ঠাশারূপ ধৃষ্টা চণ্ডালিনী) মে (আমার) হৃদি (হৃদয়ে) নটেং (यिन ज्ञा करत); [जाहे] नसू (विन), अिहा (পবিত্র) সাধুঃ প্রেমা (উত্তম প্রেম) এতং (এই হাদয়কে) কথং (কেমন করিয়া) স্পৃশতি (স্পর্শ করে) ? অতএব ব ত্বং (তুমি) অতুলং (অতুলনীয়) প্রভুদয়িত-সামন্তং (প্রভু

গ্রীকৃষ্ণের প্রিয় সামস্তকে বা সেনাপতিকে) সদা (সর্ব্বদা) দেবস্থ (দেবা কর), যথা (যাহাতে) সঃ (তিনি) তাং (সেই চণ্ডালিনীকে) ছরিতং (শীঘ্র) নিক্ষাশ্য (বহিষ্কৃত করিয়া) ইহ (এই হৃদয়ে) তং (সেই সাধুপ্রেমকে) বেশয়তি (প্রবিষ্ট করাইয়া দেন)।

সমস্ত বিষয় পরিহার করিয়াও কেন কপটতা যায় না, এরপ সংশয় নিরসনার্থ কহিতেছেন,—

শ্লোকার্থ ঃ—হে মন! নির্ল্লজা শ্বপচ-রমণী প্রতিষ্ঠাশা আমার হাদয়ে নৃত্য করিতেছে, তখন নির্দাল সাধু প্রোম সে ক্লন্মকে কেন স্পর্শ করিবে ? তুমি প্রভু-দয়িত অতুল সামন্তকে সর্বদা সেবা কর। তিনি অতি শীন্ত্রই সেই চণ্ডালিনীকে দূর করত নির্ম্মল সাধু প্রেমকে তোমার হৃদয়ে প্রবিষ্ট করাইবেন।

১। নির্ম্ল শ্বপচরমণী প্রতিষ্ঠাশা, প্রতিষ্ঠা অর্থাৎ নিজসম্মাননা, তাহার আশা। অত্য সমস্ত অনর্থ দূর হইলেও অন্বয় ?-- १। মনঃ (হে মন)! প্রতিষ্ঠাশা ধৃষ্টা শ্বপচরমণী প্রতিষ্ঠাশা সহজে যায় না। সেই আশা হইতেই সর্ব্বপ্রকার স্পটতা উৎপন্ন হইয়া পুষ্ট হয়। প্রতিষ্ঠাশা—সকল অনর্থের লে হইয়াও আপনার দোষ স্বীকার করে না, অতএব নির্লুজ্জ। শোরপ কুকুর-মাংস-ভোজন-তৎপর বলিয়া তাহাকে শ্বপচরমণী ক। হইয়াছে। 'স্বনিষ্ঠ'গণ ধান্মিক, দাতা, নিষ্পাপ ইত্যাদি ্রিচয়ে প্রতিষ্ঠার আশা করিয়া থাকেন। 'পরিনিষ্ঠিত'গণ খামি বিফুভক,' 'আমি সুষ্ঠু বুঝিয়াছি,' 'আমি অনাসক্ত'—

্ শ্রীমনঃশিক্ষা-

এরপ যশোঘোষণার প্রত্যাশা করেন। 'নিরপেক্ষ'গণ 'আমি নির্মাল বৈরাগী', 'আমি শাস্তার্থ উত্তম বুঝিয়াছি,' 'আমি ভক্তি-তত্ত্বে সিদ্ধ হইয়াছি',—এরপ প্রতিষ্ঠা অন্তেষণ করেন। যে পর্যান্ত প্রতিষ্ঠাশা দূর না হয়, সে-পর্যান্ত কপটতা যায় না নিষ্ণপট না হইলে নিৰ্মাল সাধু প্ৰেমা লাভ হয় না।

২। নির্মাল সাধুপ্রেম—(ভঃ রঃ সিঃ) [জ্রীরূপ]— সমাঙ্ মস্থ পিতস্থান্তো মমস্বাতিশয়াহ্নিতঃ। ভাবঃ স এব সাক্রাত্মা বুধৈঃ প্রেমা নিগছতে॥

অর্থাৎ যাহা হইতে চিত্ত সর্ব্বটোভাবে নির্মাল হয় এক প্রাপ্ত ছইলেই পণ্ডিতেরা তাহাকে প্রেম বলিয়া কীর্ত্তন উল্লাস হইয়া থাকে। এীরূপ,— করেন।

ভাবাবস্থা-লব্ধ হইয়া কৃষ্ণান্থশীলন যখন সম্যক্ নিৰ্ম্মলীভূত ও মমতাতিশ্য়াত্মক সান্দ্রাত্মা হয়, তখনই তাহার নাম প্রেম হয়। প্রতিষ্ঠাশা পর্য্যন্ত দুর করিলে সম্যক্ চিত্তমাস্থণ্য সম্ভব নতুবা নহে।

৩। প্রভুদয়িত অভুল সামন্ত,—প্রভুদয়িত ও কৃষ্ণদাস। তাঁহার তুলনা নাই। তিনি প্রভুর সেনাপতি विरम्भ । एक-देवकादव कार्य क्लामिनीमक्ति विषा প্रতিফলি হয়। সেই শক্তি সহজে অন্থ হৃদয়ে সঞ্চারিত হইঃ দে-হৃদয়ের ত্টতা দূর করিয়া প্রেম উৎপাদন করেন

क्षतिकरतत जालिकन, हत्रवधृति, जधतामृत, छेलराम ममरुष्टे সেই শক্তির সঞ্চারক হয়। এ শিব,—

व्यादाधनानाः मर्ट्सवाः विस्थादादाधनः भवम् । তস্মাৎ পরতরং দেবি তদীয়ানাং সমর্চ্চনম্॥ অর্থাৎ মহাদেব কহিলেন, হে পার্ব্বতি! যত যত আরাধনা আছে, তন্মধ্যে ভগবদারাধনাই শ্রেষ্ঠ, তদপেক্ষা আবার তাঁহার

> যৎ-সেবয়া ভগবতঃ কুটস্থস্ত মধুদ্বিষঃ। বৃতিবাদো ভবেন্তীবঃ পাদয়োর্ব্যস্নাদ্দনঃ॥

ভক্তের আরাধনা শ্রেষ্ঠতর। শ্রীভাগবতে—

অর্থাৎ যে-সকল ভক্তগণের সেবা করিলে নির্বিকার যাহা অতিশয় মমতাসম্পন্ন—এরূপ যে ভাব, তাহা গাঢ়ত ভগবানের চরণারবিন্দে সমস্ত তুঃখবিনাশক প্রগাচ রতির

> যাবন্তি ভগবদ্ধক্রেরঙ্গানি কথিতানি হি। প্রায়ন্তাবন্তি তদ্ভক্ত-ভক্তেরপি বুধা বিহু:॥

অর্থাৎ এই ভক্তিরসামৃতসিন্ধ-গ্রন্থে যে-সকল ভগবদ্ধক্তির অঙ্গ উল্লেখ করা হইয়াছে, তন্মধ্যে অধিকাংশই প্রায় ভক্তগণের ভক্তাঙ্গ বলিয়া পণ্ডিতেরা স্বীকার করেন।

দুগভোর্ভিধেতিঃ পুলকপটলীমণ্ডিততমুঃ স্থালন্ধতঃফুল্লে। দধদতিপৃথুং বেপথুমপি। जुरमाः ककाः यावग्रम **म शू**क्षः काश्शाभययो न জানে কিং ভাবন্মতিরিহ গৃহে নাভিরমতে॥ অর্থাৎ নয়নজলে ধৌত, দেহ পুলকিত, প্রতিপদে ঋলিত, হাদয় উল্লাসিত এবং অতিশয় কম্পিত—এরপ কোন অনির্বাচনীয় পুরুষ যে-অবধি আমার নয়ন-পদবীতে গমন করিয়াছেন, বলিতে পারি না, কেন যে তদবধি আমার চিত্ত এই গৃহে অভিরত হইতেছে না।

মনঃশিক্ষা-ভাষা

কপটতা হৈলে দূর, প্রবেশে প্রেমের পূর,
জীবের হৃদয় ধয়্য করে।
অত এব বহু য়য়ে, আনিবারে প্রেমরয়ে,
কাপট্য রাখহ অতি দূরে॥
শুন, মন, নিগূঢ় বচন।
প্রতিষ্ঠাশা শ্বষ্টাধম, চগুলিনী হৃদে মম,
য়তকাল করিবে নর্ত্তন॥
কাপট্য তত্তপপতি, না ছাড়িবে মম মতি,
শ্বপচিনী য়াহে হয় দূর।
তদর্থে য়তন করি', প্রভূ-প্রেষ্ঠ-পদ ধরি',
সেবা তুমি করহ প্রচুর॥
তেঁহ প্রভূ-সেনাপতি, বিক্রম করিয়া অতি,
শ্বপচিনী-সঙ্গ ছাড়াইয়া।
রাধাকৃষ্ণ-প্রেমধনে, দিবে কবে অকিঞ্চনে,
বলে ভক্তিবিনোদ কাঁদিয়া॥ ৭॥

যথা তুপ্তত্বং মে দবয়তি শঠস্থাপি রূপয়।
যথা মহাং প্রেমামৃতমপি দদাত্যুজ্জ্বলমসো।
যথা শ্রীগান্ধর্কা-ভজন-বিধয়ে প্রেরয়তি মাং
তথা গোপ্তে কাকা গিরিধরমিহ ত্বং ভজ মনঃ॥ ৮॥

অন্বয় ৪—৮। মনঃ (হে মন)! ত্বং (তুমি) ইহ গোষ্ঠে (এই ব্রজে) গিরিধরং (গিরিধারীকে) তথা কারুল। সেইরূপ দৈন্তোক্তির সহিত) ভজ (সেবা কর), যথা (যাহাতে) অসৌ (তিনি) কুপয়া (কুপাপূর্বেক) শঠস্তা অপি (শঠ হইলেও) মে (আমার) ছুইত্বং (ছুইস্বভাব) দবয়তি (দূর করিয়া দেন), যথা (যাহাতে) মহুং (আমাকে) উজ্জ্লাং প্রেমামূতম্ অপি (উজ্জ্লা প্রেমামূতও) দদাতি (প্রদান করেন), যথা (যাহাতে) মাং (আমাকে) গ্রীগান্ধর্বাভজ্জনবিধয়ে (গ্রীরাধিকার সেবাবিধানে) প্রেরয়তি (আদেশ করেন বা প্রেরণা দেন)।

সাধুসঙ্গদারা শক্তিসঞ্চার-ক্রেমে জীবের ছুইতা দূর হয় এবং সর্ব্বার্থ সিদ্ধ হয়। তদ্রপ সাধুসঙ্গও সহজে লভ্য হয় না, অতএব—

শ্লোকার্থ :—হে মন! তুমি ব্রজমগুলে দৈন্য-কাকুতির সহিত শ্রীগিরিধরকে সেইরূপ ভজনা কর, যাহাতে তিনি কুপা করিয়া শঠ যে আমি, আমার ছুষ্টতা দূর করেন, উজ্জ্বল প্রেমামৃতও আমাকে দেন এবং গ্রীগান্ধর্কার ভজনলাভের জন্ম আমাকে প্রেরণা দান করেন ॥ ৮॥

\$। দৈন্য-কাকুতি,—'আমি অত্যন্ত নিরাঞ্জিত ও দীন'—এই ভাব-সমন্বিত নিষ্কপট ভক্তি। তৎপ্রণালী-বিষয়ে শ্রীরূপ—

রুনাবনে বিহরতোরিহ কেলিকুঞ্জে মন্তদিপ-প্রবর-কৌতুক-বিভ্রমেণ। भन्म मंत्रस्य य्वदशार्वमनाविक्षचन्द्रः विद्धिष्टि यशि दिवि कृषाः अभीम ॥)॥ হ। দেবি ! কাকুভর-গদ্গদয়াত বাচা যাচে নিপতা ভূবি দণ্ডবহন্ডটার্ভিঃ। অশু প্রদাদমব্ধশু জনশু কৃত্ব। গান্ধবিকে নিজগণে গণনাং বিধেহি॥ ১॥ খ্রামে রমারমণ-স্থন্দরভাবরিষ্ঠ-দৌন্দর্য্য-মোহিত্ত-সমন্ত-জগজ্জনশ্য। খ্রামন্ত্র বামতুজবদ্ধতমুং কদাহং ত্রামিন্দিরা-বিরলরপভরাং ভজামি॥ ৩॥ जाः ब्याष्ट्रतम मूनित्राक्ट्रिमा निशांत्र मश्चीत्र मुक्क ठत्रांक विशांत्र तनि । কুঞ্জে বজেক্রতনয়েন বিরাজমানে নক্তং কদা প্রমুদিতামভিদারয়িয়ে॥ ৪॥ কুঞ্জে প্রাস্থন-ফল-কল্পিত-কেলিতল্পে সংবিষ্টয়োর্মধুর-নর্মবিলাসভাজোঃ। त्नांक्ज्यां <u>ज्वत्यां क्वत्यां कृषां</u> मि मसार्शियां कि कि युव्यां क्तां रुप्त ॥ ॥ षः-कूछत्तांधिम विलाम-পরिশ্রমেণ স্বেদাস্-চুস্বিবদনাস্কহ खिर्द्यो वाम्। বৃন্দাবনেশ্বরি কদা তরুমূলভাজে সম্বীজয়ামি চমরীচয়চামরেণ॥ ७॥ লীনাং নিকুঞ্জ-কুহরে ভবতীং মুকুনে চিত্রৈব স্থচিতবতী ক্ষচিবাঞ্চিণাহম্। ভূগাং ক্রবং ন বচয়েতি মুষা ক্ষাং স্বামগ্রে বজেন্দ্রতনয়শু কদা হু নেয়ে ॥৭॥ বাগ্,যুদ্ধ-কেলিকুভূকে ব্ৰজ্বাজস্তুং জিঘোন্নদামধিকদৰ্প-বিকাসি-জল্পাম্। क्ला जिवानि जिवन सम्ती या भागरखाबाः कना स जवजी भवतनां कि दिशा ॥ ৮ ॥ যঃ কোহণি স্বষ্ঠু বৃষভাত্মকুমারিকায়াঃ সংপ্রার্থনাষ্ট্রকমিদং পঠতি প্রপন্নঃ। সা প্রেয়দা সহ সমেত্য ধ্ত-প্রমোদা তত্ত্ব প্রসাদলহরীমুররীকরোতি ॥ ৯॥

অর্থাৎ হে দেবি ! শ্রীবৃন্দাবনে কেলিকুঞ্জে মদমত্ত মাতকের স্থায় কৌতুকী হইয়া তোমরা তুইজনে নিতাবিহার করিতেছ, অতএব অনুগ্রহপূর্বক আমার প্রতি প্রসন্না হইয়া তোমাদিগের উভয়ের বদনারবিন্দযুগল একবার দর্শন করাও। হা দেবি ! হা গান্ধবিবকে! আমি অতিশয় মূঢ়, এক্ষণে ভূমিতে দণ্ডের ত্যায় নিপতিত হইয়া অতিশয় কাকুস্বরে ও গদগদ-বাক্যে তোমার নিকট এই প্রার্থনা করিতেছি যে, তুমি প্রসন্না হইয়া ভোমার নিজ-পরিচয় মধ্যে আমাকে গণনা কর। হে শ্রীমতি রাধিকে! যিনি লক্ষ্মীনারায়ণ-মূর্ত্তির সৌন্দর্য্য অপেক্ষাও সমধিক সৌন্দর্য্যদারা ত্রিভুবন বিমোহিত করেন, সেই শ্রামস্থলর শ্রীকুষ্ণের বামভাগে ঘদীয় বামহস্তাশ্লিষ্ট হইয়া লক্ষ্মী অপেক্ষাও সমধিক রূপবতী তুমি বিরাজ করিতেছ, ঐরূপ যুগল-মৃতি, আমি কবে ভজন। করিব। হে দেবি! আমি তোমার স্থা হইয়া নবীন মেঘের ন্যায় নীলাম্বরে শ্রীঅঙ্গ আচ্ছাদন ও চরণযুগল নূপুরশৃত্য 🗝 এইরূপ অভিসারিকার সমুচিত বেশভূষা করাইয়া অতিশয় স্বষ্টচিত্তা তোমাকে রাত্রিযোগে নিকুঞ্জে বিরাজিত শ্রীকৃষ্ণ-সমীপে কবে অভিসার করাইব। হে দেবি! ত্রিভুবনের ভূষণ-স্বরূপ তোমরা নিকুঞ্জে নানাবিধ কুসুমরচিত শ্যায় শ্যান হইয়া মধুর নর্ম-विलाम कतिरत, आभि তোমাদের উভয়ের চরণ দেবা করিব, এমত সময় আমার কবে হইবে? হে বুন্দাবনেশ্বরি!

স্মরবিলাস পরিশ্রমহেতু তোমাদিগের বদনামূজ ঘর্মজলে আর্জ হইলে শ্রান্তি দূর করিবার নিমিত্ত ছদীয় কুণ্ডের তীরবর্তী তরুমূলে উপবেশন করিবে, আমি ঐ অবস্থায় তোমাদিগকে কবে চামর-দার। ব্যজন করিব ? হে রুচিরাক্ষি! ভুমি নিকুঞ্জের কোন এক অলক্ষিত স্থানে লুকায়িত হইলে এক্রিঞ্চ তাহা কোনপ্রকারে জানিতে পারিয়া তোমার নিকট গমন করিলে তখন সন্দিহান হইয়া আমাকে অনুযোগ করিলে (आमि विनया नियाष्ट्रि विनया), 'आमि विन नारे ठिजामशी বলিয়া দিয়াছে, অতএব আমার উপর ভাকুটী ও বৃথাকোপ করিও না'—এই প্রকার বাক্যে গ্রীকৃষ্ণ-সমীপে তোমাকে करव अञ्चल निवस कतिव, अमन जिन आमात करव रहेरव ? তুমি যখন বাগ্যুদ্ধে শ্রীকৃষ্ণকে পরাভব করিয়া সহর্ষচিত্তে দর্পবশতঃ সমধিক বাগ্জাল বিস্তার করিতেছ, তখন তোমার নখীগণ আনন্দিত হইয়া 'রাধার জয়, রাধার জয়' এই প্রকার বাক্যে তোমার স্তব করিতেছে, এইরূপ অবস্থাপন্ন তোমাকে আমি কবে অবলোকন করিব ? যে-কোন ব্যক্তি ব্যভান্থ-নন্দিনী শ্রীরাধিকার এই সম্প্রার্থনাষ্ট্রক শ্রদ্ধা-সহকারে পাঠ করেন, সেই শ্রীরাধিকা শ্রীকৃঞ্জের সহিত তাহার নিকট আগমন করিয়া অচিরাৎ তাহার প্রতি প্রসন্না হন।

২। শঠ যে আমি, আমার তৃষ্ঠতা,—শাঠ্যই বদ্ধজীবের তৃষ্টতা; শুদ্ধজীব সহজে সরল। জীবকে অবিভা আশ্রয় করিবামাত্র জীব শঠ, দান্তিক, প্রতিষ্ঠাপ্রিয়, কপটী ও অসচ্চেষ্টান্ময় হইয়া ভগবতত্ত্ব হইতে স্থানুরবর্তী হয়। সেই জীব যদি আপনাকে তৃণাপেক্ষা হীন জ্ঞান, অন্য সকলকে যথাযোগ্য সম্মান করিবার বৃদ্ধিসংযুক্ত হয় এবং হরিনাম আশ্রয় করে, তবেই তাহার কৃষ্ণকুপা ও তৎসহ সাধুকুপা লাভ হয়।

৩। উজ্জ্বলপ্রেমায়ত,—উজ্জ্বল—শৃঙ্গার রস, 'মধুর রস' তাহার নামান্তর। শ্রীরূপ—

মৃথ্যরসেমু পুরা যঃ সংক্ষেপেণোদিতোইতিরহস্তবাৎ।
পৃথণেব ভক্তিরসরাট্ স বিস্তরেণোচ্যতে মধুরঃ॥
বক্ষ্যমাণৈবিভাবাক্তঃ স্বাক্তবং মধুরা রভিঃ।
নীতা ভক্তিরসঃ প্রোক্তো মধুরাথ্যো মনীষিভিঃ॥

অর্থাৎ শ্রীরূপ—মুখ্য রসসকলের মধ্যে যাহ। পূর্বের অভি
রহস্তহেতু সংক্ষেপে কথিত হইয়াছে, ভক্তিরসরাজ সেই রসই
মধ্র রস। মধ্রা রতি বিভাবাদি দ্বারা স্বাত্তত্ব হইয়া থাকে।
যাহার বিষয় বলা হইবে, মনীষিগণ সেই ভক্তিরসকেই মধ্রা
রতি কহেন। যেরূপ দাস্থা, বাংসল্যে রতি স্থায়িভাব,
বিভাব, অনুভাব, সাত্ত্বিক ও ব্যভিচারিরূপ আর চারিটী ভাব
সংযুক্ত হইয়া তাহা রসভা লাভ করে, মধ্র রসেও তক্রপ;
মধ্র রসে কৃষ্ণ ও কৃষ্ণবল্লভা আলম্বন। তাঁহাদের গুণসমূহ
উদ্দীপন। লীলাকালে কৃষ্ণবল্লভাদিগেরও এবং সময়ে সময়ে
শ্রীকৃষ্ণেরও অন্তমাত্ত্বিক ভাব ও তেত্রিশটী ব্যভিচারী ভাব

উদিত হইয়া রসসমৃদ্রকে ক্ষীত করে। সাধনভক্তির ভাবতালাভসময়ে স্থায়িভাব ঘটে। বিভাব ও অনুভাবাদির সংযোগে
রসতার প্রাপ্তিকালে প্রেমভক্তি হয়। ইহাকেই ভক্তিরস
বলিয়াছেন। ঞ্রীকুঞ্চের বৃন্দাবনলীলা ও ব্রজমগুলে গোপিকাদিগের সহিত সমস্ত লীলাই এই রসের উদাহরণ। এই রস
বাঁহার ভাগ্যে লভ্য হয়, তিনি গোপীদিগের অনুগত হইয়া
পূর্ব্বোক্তমত কাকুপ্রার্থনা করিতে করিতে যখন ঞ্রীরাধার কুপা
লাভ করিবেন, তখনই হ্লাদিনীরশ্মি তাঁহার হাদয়ে প্রবেশ
করত ঐ রস উদয় করাইবেন; নচেৎ আর কোন-ক্রমেই ঐ
রসোদয় হইতে পারে না।

৪। শ্রীগান্ধর্বা-ভজন, — অণু চৈতন্ত জীব স্বীয় কুলানন্দে কিছু পরিমাণে ব্রহ্মানন্দ বা আত্মানন্দ লাভ করেন। কিন্তু, স্লাদিনী-শক্তির কুপা লাভ না করিলে পরানন্দাধিকার প্রাপ্ত হন না। তল্লাভের প্রণালী এই, —পরম দৈন্ত-সহকারে জীবের যখন দৈন্ত-কাকুতি ব্রজভাবকে লক্ষ্য করিয়া বা ব্রজবাসীর ভাবদর্শনে লোভ-প্রযুক্ত হইয়া থাকে, তখন শ্রীমতীর স্থীবন্দের মধ্যে বা স্থীদিগের সহচরী মঞ্জরীবৃন্দের মধ্যে কাহারও পদ আশ্রয় করত সেবা করিতে করিতে যত যোগ্যতা-বৃদ্ধি হয়, ততই সেবা-অধিকার জন্মে। স্থীর কুপাক্রমে শ্রীমতীর কুপা হয়। কুপা যত বৃদ্ধি পায়, ফ্লাদিনী শক্তি ভতদূর তাঁহার ফ্রদয়ে স্ক্ণারিত হইয়া ক্রমশঃ শ্রীশ্রীরাধা-

কুষ্ণের যথাযোগ্য নিরন্তর চিদানন্দময়ী সেবা লাভ করায়।
এস্থানে সাধকের যে-পর্যান্ত পুরুষদ্ববোধ থাকে, সে-পর্যান্ত
এই সেবার অধিকার জন্মে না। পুরুষদেহ বা জড়ীয় স্ত্রীদেহের
সহিত ইহাতে কোন সম্বন্ধ নাই। কেবল শুদ্ধজীবের
অপুচৈতন্মের স্ত্রী-সভাব হয় মাত্র। দৈহিক স্ত্রী-পুরুষ সম্বন্ধ
আনিতে গেলে সম্পূর্ণ ভ্রম্ভ হয়॥৮॥

মনঃশিক্ষা-ভাষা

ব্রজভূমি চিন্তামণি,
যথা নিত্য রসের বিলাস।
জীবে দিব গুঢ় ধন,
জড়ে আনি' করিল প্রকাশ॥
কৃষ্ণ মোর দয়ার সাগর।
ভূমি মন, ব্রজধাম,
ভাক কৃষ্ণে হইয়া কাতর॥
অবিভা-বিলাসবশে,
ছুইতা হৃদয়ে পাইল স্থান।
হৈলে তুমি শঠরাজ,
ভূদিলে আপন কাজ,
হৃদয়ে বরিলে অভিমান॥

এবে উপদেশ শুন, গাইয়া যুগল-শুণ,
গোষ্ঠে গোষ্ঠে করহ রোদন।
দয়া করি' গিরিধর, শুনিয়া কাকুতি-স্বর,
তবে দোষ করিবে শোধন ॥
উজ্জ্বল-রসের প্রীতি, শ্রীরাধাভজন-নীতি,
অনায়াসে দিবেন আমায়।
রূপ-রঘুনাথ মোরে, কুপা করি' অতঃপরে,
এই তত্ত্ব গোপনে শিখায়॥

মদীশানাথতে ব্রজবিপিনচন্দ্রং ব্রজবনেশ্বরীং মন্নাথত্বে তদতুল-সথীতে তু ললিতাম্। বিশাখাং শিক্ষালী-বিতরণ-গুরুত্বে প্রিয়সরো-গিরীক্রৌ তৎপ্রেক্ষা-ললিতরতিদত্বে শ্বর মনঃ॥ ৯॥

অন্থর ?—৯ | মনঃ (হে মন)! [তুমি] ব্রজবিপিনচন্দ্রং (প্রীবৃন্দাবনচন্দ্রকে) মদীশানাথত্বে (আমার ঈশ্বরীর প্রাণনাথ-রূপে), তাং ব্রজবনেশ্বরীং (সেই প্রীবৃন্দাবনেশ্বরীকে) মন্নাথত্বে (নিজ ঈশ্বরীরূপে), ললিতাং তু (প্রীললিতাকে) তদতুল-স্থীত্বে (প্রীরাধার অতুলনীয়া স্থীরূপে), বিশাখাং (প্রীবিশাখাকে) শিক্ষালী-বিতরণ-শুরুত্বে (সকল শিক্ষাপ্রদানের শুরুরূপে),

[এবং] প্রিয়সরো-গিরীক্রো (প্রিয় সরোবর শ্রীরাধাকুণ্ড ও গিরিরাজ গোবর্দ্ধনকে) তংপ্রেক্ষা-ললিতরতিদত্বে (শ্রীরাধাকৃষ্ণের দর্শন ও প্রেমক্রীড়ায় রতিদায়করূপে) স্মর (স্মরণ কর)। ভজনবিষয়ে পরস্পার সম্বন্ধ বলিতেছেন,—

ক্লোকার্থ ঃ—হে মন! তুমি ব্রজবিপিন-চন্দ্রকে আমার অধীশ্বরী শ্রীরাধিকার প্রাণনাথ বলিয়া, ব্রজেশ্বরী শ্রীরাধিকাকে মদীয় অধীশ্বরী বলিয়া, শ্রীললিতা সখীকে ব্রজবনেশ্বরীর অতুল-সখী বলিয়া, শ্রীমতী বিশাখাকে শিক্ষাগুরু বলিয়া এবং শ্রীরাধাকুণ্ড ও শ্রীগোবর্দ্ধনকে তৎপ্রেক্ষা-ললিতরতিদ বলিয়া নিরন্তর স্মরণ কর॥ ৯॥

\$ । ব্রজবিপিনচন্দ্র, — জীরপে —
নবজলধর-বর্ণং চম্পকোন্ডাদিকর্ণং
বিকসিত-নলিনাস্তং বিস্ফুরন্মনহাস্তম্ ।
কনকক্রি-ছুকুলং চাক্লবহাবচূলং
কমপি নিথিলসারং নৌমি গোপীকুমারম্ ॥
মুখজিতশরদিন্দুং কেলিলাবণাদিন্ধুং
করবিনিহিতকন্দুং বল্পবীপ্রাণবন্ধুঃ ।
বপুরুপস্তরেণুং কক্ষনিক্ষিপ্তবেণু –
ব্চন-বশগধেন্ধুঃ পাতু মাং নন্দস্তুঃ ॥

অর্থাৎ নবীন মেঘের স্থায় যাঁহার বর্ণ, চম্পককুস্থমে যাঁহার কর্ণযুগল স্থশোভিত, বিকশিত পদ্মের স্থায় মন্দ মন্দ হাস্থযুক্ত

,

and sentenger to

যাঁহার বদনমগুল, স্থবর্গ-কান্তির ন্থায় যাঁহার শোভা, স্থন্দর
ময়ুরপুচ্ছে যাঁহার চূড়া স্থশোভিত এবং যিনি ত্রিজগতের সার
বস্তু, ঈদৃশ কোন গোপী-কুমারকে আমি স্তব করি। শরৎকালীন চন্দ্র অপেক্ষাও বাঁহার মুখমগুল স্থশোভিত, যিনি
কেলিসমুচিত লাবণ্যের সিন্ধু, যাঁহার হস্তে ক্রীড়াকন্দুক
স্থশোভিত, যিনি ব্রজরমণীগণের প্রাণবন্ধু, গাভীর খুরোখিত
ধূলিদ্বারা যাঁহার কলেবর স্থশোভিত, যাঁহার কক্ষদেশে বেণু
বিরাজিত, ধেনুগণ যাঁহার বাক্যের বশবর্তী এবস্থিধ সেই নন্দন

বিরচয় ময়ি দণ্ডং দীনবন্ধো দয়াস্বা গতিরিহ ন ভবতঃ কাচিদত্তা মমান্তি। নিপতত্ শতকোটী-নির্ভরং বা নবান্ত-ন্তদপি কিল পয়োদঃ ভূয়তে চাতকেন ॥ প্রাচীনানাং ভক্তনমত্লং হন্তরং শৃথতো মে নৈরাশ্যেন জ্ঞলতি হাদয়ং ভিজিলেশালস্তা। বিশ্বজীচীমঘহর তবাকর্ণ্যকারণবীচি-মাশাবিন্দুক্ষিতমিদম্পৈতান্তরে হন্ত শৈতাম্॥

অর্থাৎ হে দীনবন্ধা ! মেঘগণ চাতকের উপর অভিনব বারিবর্ষণ করুক বা বজ্র নিঃক্ষেপ করুক, উপায়ান্তর নাই বলিয়া উহারা যেমন মেঘের স্তব করিতে ক্ষান্ত হয় না, সেইরূপ ভূমি আমার প্রতি দ্য়াই কর বা দগুই কর, এ সংসারে ভূমি ভিন্ন আমার আর অন্য উপায় নাই। হে অঘহর ! শুক, অম্বরীষ প্রভৃতি প্রাচীন মহাত্মাদিগের ছন্ধর ভজন-সাধন প্রবণ করিয়া নৈরাশ্যবশতঃ ভক্তিশূন্য আমার হৃদয় অনুতপ্ত হইতেছে, কিন্তু ব্রহ্মাদি পামর পর্যান্ত গামিনী ছদীয় কুপালহরী দৃষ্ট করিয়া আশাবিন্দু-সিক্ত হৃদয় আবার শীতল হইতেছে।

২। ব্রজেশ্বরীকে মদীশ্বরী,—গ্রীদাস-গোস্বামিকৃত বিলাপ-কুসুমাঞ্জলি—

জভূ ংকটেন নিতরাং বিরহানলেন দন্দহ্যানস্থদয়া কিল কাপি দাসী।

হা স্বামিনি ক্ষণমিহ প্রণয়েন গাঢ়মাক্রননেন বিধুবা বিলপামি পজৈঃ

দেবি তুঃপকুল-সাগরোদরে দ্য়মানমতিত্র্গতং জনম্।

তং কপাপ্রবলনৌকয়াভূতং প্রাপয় স্বপদ-পদ্ধজালয়ম্॥

অর্থাৎ হে স্বামিনি! শ্রীরাধিকে! আমি আপনার দাসী, কিন্তু অতিশয় উৎকট বিরহানল আমার হৃদয়কে সাতিশয় দগ্ধ করিতেছে এবং আমি অত্যন্ত রোদনবশতঃ কাতর হইয়াছি; স্কুতরাং উপায়শৃত্য হইয়া কতিপয় পট্ঠের দারা গোবর্দ্ধনের একদেশে বিলাপ করিতেছি।

হে ক্রীড়াকারিণি ! শ্রীরাধিকে ! আমি নিখিল তুঃখ-সাগরে অতিশয় উত্তপ্ত এবং অত্যন্ত তুর্দ্দশাপন্ন হইয়াছি ; অতএব তুমি আমাকে স্বীয় কুপারূপ প্রবল নৌকাদ্বারা অপূর্ব্ব নিজ পাদ-পঙ্কজ লাভ করাও।

৯ম শ্লোক

রাধামুকুন্দ-পাদসম্ভবদর্শবিন্দুনির্দ্মগুলেশেকরণী-কৃতদেহলক্ষাম্ ।
উজুন্দ-সৌহদ-বিশেষবশাং প্রগল্ভাং
দেবীং গুণৈঃ স্থললিতাং ললিতাং নমামি ॥ ১ ॥

বাকাস্থাকিরণমণ্ডলকান্তি-দণ্ডি-বজু প্রিয়ং চকিত-চারু-চমূরু-নেত্রাম্। রাধাপ্রসাধনবিধান-কলাপ্রসিদ্ধাং দেবীং গুণৈঃ স্থলনিতাং লনিতাং নমামি॥ ২॥

লাস্যোল্লসন্তুজ্জগ-শত্রুপতত্রচিত্র-পট্টাংশুকাভরণ-কঞ্চুলিকাঞ্চিতাজীম্। গোরোচনাকচিবিগর্হণ-গৌরিমাণং দেবীং গুণৈঃ স্থললিতাং ললিতাং নমামি॥ ৩॥

ধূর্তে ব্রক্ষেতনয়ে তকু স্বষ্ঠ বামাং

মা দক্ষিণা ভব কলম্বিনি লাঘবায়।

রাধে গিরং শৃণু হিতামিতি শিক্ষয়ন্তীং

দেবীং গুণৈঃ স্থললিতাং ললিতাং নমামি॥ ৪॥

রাধামভি ব্রজপতে: কৃত্যাক্সজেন কূটং মনাগপি বিলোক্য বিলোহিতাক্ষীম্। বাগ,ভদিভিন্তমচিরেণ বিলজ্জ্যন্তীং দেবীং গুণৈ: স্থললিতাং লদিতাং নমামি॥ ৫॥ বাংসল্যবুন্দবস্তিং পশুপালরাজ্ঞ্যাঃ
স্থ্যাসুশিক্ষণকলাস্থ গুরুং স্থানাম্।
রাধাবলাবরজ-জাবিতনির্কিশেষাং
দেবীং গুলৈ স্থলিতাং ললিতাং নমামি ॥ ৬ ॥
যাং কামপি ব্রজকুলে বৃষভামুজায়াঃ
প্রেক্ষ্য স্থপক্ষ-পদবীমন্থক্ষরমানাম্।
স্থান্তনিষ্টনেন কতার্থয়ন্তীং
দেবীং গুলৈঃ স্থললিতাং ললিতাং নমামি ॥ ৭ ॥
রাধাব্রজেক্রস্থত-সন্ধ্যরন্ধতাং
বর্ষ্যাং বিনিশ্চিতবতীমথিলোংস্বেভ্যঃ।
তাং গোকুলপ্রিয়স্থী-নিকুর্ম্বম্থ্যাং

(प्रवी: खरेंगः क्रननिजाः ननिजाः नमामि ॥ b ॥

অর্থাৎ শ্রীরাধামাধবের চরণ-সন্তৃত ঘর্মবিন্দুর অপনয়নরপ উপকারে যাঁহার শরীর নিযুক্ত এবং অত্যারত সৌহত্য-রসে যিনি অবশ, সেই সৌন্দর্য্য-গান্তীর্য্যাদি মিশ্রপ্তণে মনোহারিণী অপ্রগল্ভা ললিতা দেবীকে নমস্কার করি ॥ ১ ॥ যাঁহার মৃথশোভা পূর্ণচন্দ্র-মপ্তলের কান্তিকেও তিরস্কৃত করিতেছে, চকিত মুগের নেত্রতুলা যাঁহার নয়নদ্বর অতি চঞ্চল এবং শ্রীর্জনোচিত গুণরাশিযুক্তা ললিতা দেবীকে নমস্কার করি ॥ ২ ॥ উদ্ধাত নৃত্যে অতিশয় উল্লসিত ময়ুরের বিচিত্রবর্ণ-পিচ্ছের ত্যায় পট্রবন্ত্রের আবরণ এবং কৃচ পট্রের (কাঁচুলীর) দ্বারা যাঁহার শরীর অতি ভূষিত এবং স্বকীয় গৌরবর্ণদ্বারা যিনি গোরোচনার

স্থীদিগের প্রধানতমা ও সকল গুণাঞ্জয়া ললিতা দেবীকে প্রণাম করি॥৮॥

8। শিক্ষাপ্তর বিশাখা,—
বিশাখারদি যা বিশ্বোর্যসাং বিশুর্জলান্ধনি।
নিত্যং নিমজ্জতি প্রীত্যা তাং সৌরীং যমুনাং স্তমঃ॥
"বিশাখা যমুনাবপুরিতি বিচারেণ যমুনাস্তত্যা তংস্ততি"
রিতি বিত্যাভূষণঃ।

অর্থাৎ বিষ্ণু জলস্বরূপ। যে বিশাখার বক্ষে প্রীতিসহকারে
নিত্য নিমজ্জিত হন, সেই সূর্য্যকন্থা যমুনার স্তব করি।
বিশাখাকে যমুনাবপু বিচারে যমুনাস্ততিতে বিশাখার স্তুতি হয়,
ইহা বিত্যাভূষণপাদ বলিয়াছেন। শ্রীরূপ—(স্তবমালা)

ভ্রাতৃবন্তকশু পত্তনেহভিপত্তিহাবিণী
প্রেক্ষয়াতিপাপিনোহপি পাপদির্ক্তাবিণী।
নীর-মাধুরীভিরপ্যশেষচিত্তবন্ধিনী
মাং পুনাতৃ সর্বদারবিন্দ-বর্ক্-নন্দিনী॥ ১॥
হারি-বারি-ধাররাহভিমণ্ডিতোকখাগুরু
পুগুরীকমণ্ডলোভদণ্ডজালিতাগুরা।
স্থান-কাম-পামবোগ্র-পাপ-সম্পদন্ধিনী
মাং পুনাতৃ সর্বদারবিন্দ-বর্ক্-নন্দিনী
নন্দনন্দনাগুরল-ভক্তিপুরব্দিনী।
তীরদক্ষমাভিলাবি-মন্দলাত্বন্ধিনী
মাং পুনাতৃ সর্ব্বদারবিন্দ-বর্ক্-নন্দিনী
মাং পুনাতৃ সর্ব্বদারবিন্দ-বর্ক্-নন্দিনী। ৩॥

ক্রচিকেও বিগর্হিত করিতেছেন, সেই অসীম গুণবতী ললিতা (प्रतीतक नमकात कति ॥ ७॥ दशक कलिकिन ! त्राधितक ! ज्ञीस অতিধৃর্ত্ত ব্রজেন্দ্রনের প্রতি ওদার্য প্রকাশ করিও না. সর্বতোভাবে প্রতিকূলতাই প্রকাশ কর এবং আমার হিতকর বাক্য প্রবর্ণ কর, এমন প্রকারে যিনি জ্রীরাধিকাকে শিক্ষা-দান করিতেছেন, সেই সমূহ গুণারিতা ললিতা দেবীকে নমস্কার করি॥ ৪॥ শ্রীরাধার প্রতি শ্রীকুষ্ণের অল্প মাত্রও চাতুরীপর বাক্য-বিত্যাস প্রাবণ করিয়া অত্যন্ত ক্রেদ্ধ হইয়া যিনি "তুমি অতি সত্যবাদী, সরল ও বিশুদ্ধ-প্রণয়ী" ইত্যাদি বাগ-ভঙ্গিদ্বারা শ্রীকৃষ্ণকে লজ্জিত করিতেছেন, সেই সকল গুণনিলয়া ললিতা দেবীকে নমস্কার করি॥ ৫॥ যিনি পশুপাল-রাজমহিষীর व्यर्थी यरमामारमवीत वाल्मनातरमत वम् जि स्राम धवर मग्र স্থীদিগের স্থাশিক্ষা বিষয়ের গুরু এবং রাধিকা ও বলদেবের অবরজ (কনিষ্ঠ) অর্থাৎ ঞ্রীকৃষ্ণ যাঁহার জীবনম্বরূপ, সেই নিখিল গুণসিন্ধু ললিত। আমার নমস্তা হউন ॥ ৬॥ বুন্দাবন-ভবনে যে-কোন যুবতিকে দেখিয়া, বৃষভান্থনন্দিনী রাধার স্বপক্ষ জ্ঞানে তৎক্ষণাৎ ঐ যুবতীর অভিলয়িত কার্য্যের ঘটনাদারা যিনি কৃতার্থ করিতেছেন, সেই গুণগ্রাম-সম্পন্না ললিতা দেবীকে প্রণাম করি ॥ ৭ ॥ রাধামাধবের সম্মেলনে যে বিনোদন-ক্রিয়া— তাহাই যাঁহার শ্রেষ্ঠ কার্য্য এবং অন্যান্থ নিখিল উৎসব হইতে তদিষয়ে যাঁহার অত্যন্ত স্পৃহা, সেই গোকুলের প্রিয়-

. . . . sould 1458 ps

দ্বীপ-চক্রবাল-জুই-সপ্তসিন্ধু-ভেদিনী শ্রীমুকুন নিশিতোক-দিব্যকেলি-বেদিনী। कास-कमनी जित्रस्मी नतुमनिमिनी मां श्नां भर्तात्र नर्तात्र विन निम्नी ॥ 8 ॥ মাথ্রেণ মণ্ডলেন চারুণাভিমণ্ডিতা প্রেমনদ্ধ-বৈষ্ণবাধ্ববৰ্দ্ধনায় পণ্ডিতা। উর্ন্মিদোরিলাস-পদ্মনাভপাদবন্দিনী भाः श्रूनां मर्तानाविक-वक्-निक्नी ॥ ॥ রম্যতীর-রম্ভমাণ-গোকদম্বভূষিতা দিব্যগন্ধভাৰদম্ব-পুষ্পারাজির্মিষতা। নন্দস্ম-ভক্তসজ্ম-দলমাভিবনিনী माः भूनाज् मर्वामात्रविन्न-वक्तु-निन्नी ॥ ७ ॥ ফুলপক-মলিকাক-হংসলক-কৃত্তিতা ভক্তিবিদ্ধ-দেবসিদ্ধকিরগালিপৃজিতা। তীরগন্ধবাহগন্ধজন্মবন্ধরন্ধিনী गाः शूनाज् मर्त्वमात्रविन्त-वन्तु-निम्नी ॥ १॥ চিদ্বিলাসবারিপূরজ্-জু বঃস্বরূপিণী কীৰ্ত্তিতাপিত্ৰ্দ্ৰদোৰুপাপমৰ্ম তাপনী। বলবেজননাশরাগভঙ্গানিনী भाः भूनां क् नर्रागात्रविन-वन्न-निनी ॥ ৮॥ অর্থাৎ যিনি নিজভাতা যমরাজের নগরের গমন নিবারণ করেন ও দর্শনমাত্রেই পাপীদিগকে পাপসিন্ধু হইতে পরিত্রাণ করেন এবং স্বকীয় জলমাধুর্য্যদারা অশেষজনের চিত্তহারিণী,

সেই পথের বন্ধু সূর্য্যদেবের কন্সা আমাকে সর্ববদা পবিত্র कक्न ॥ ১॥ मत्नाशितिभी वातिथाता घाता यिनि टेल्प्त वृहर খাঞ্বকানন মঞ্জিত করিয়াছেন এবং যাঁহার ধবলবর্ণ পদ্মশ্রেণীতে খঞ্জনারি পক্ষীগণ পরমস্থাে নৃত্যস্থ অনুভব করিতেছে এবং কৃতস্নানের কি কথা, স্থানাভিলাষী ব্যক্তিদিগেরও পাপরাশিকে कौंग करत्रन, मिट्टे अतिविक्त-वक्तु-निक्तिनी यभूनारावि आभारक সর্ববদা পবিত্র করুন॥২॥ যিনি অমুকণ-স্পৃষ্ট প্রাণিদিগের সমূহ তুষ্কর্মফল বিনাশ করেন এবং নন্দস্থত প্রীকৃষ্ণের অন্তরঙ্গ ভক্তিপ্রবাহকে বদ্ধিত করেন এবং তীর সঙ্গাভিলাষী জনগণের यक्रनकारिनी, रमटे तिवश्रुण यमूनारमवी आमारक मर्वना शिवज করুন॥৩॥ যিনি সপ্তদ্বীপ-বেষ্টিত সপ্তসমুদ্রের ভেদকারিণী অর্থাৎ সপ্তসাগর-সঙ্গতা এবং শ্রীকুষ্ণের প্রকটিত উৎকুষ্ট কেলি-সমূহ যিনি সম্যক্রপে পরিজ্ঞাত, এবং স্বকীয় কান্তিপটলদ্বারা ইন্দ্রনীলমণির কান্তিকেও তিরস্কৃত করিতেছেন, সেই আদিত্য-তন্য়া যমুনাদেবী আমাকে পবিত্র করুন ॥ ৪ ॥ মনোহর মথুরামগুলদারা যিনি মণ্ডিতা ও প্রেমপরায়ণ বৈষ্ণবজনগণের যিনি রাগমার্গের বৃদ্ধিকারিণী এবং স্বীয় তরঙ্গমালারূপ বাত্ত-দারা শ্রীকুষ্ণের চরণ-বন্দনতংপরা, সেই ভারুত্বহিতা যমুনাদেবী আমাকে পবিত্র করুন॥৫॥ অতিরমণীয় উভয়তীরস্থ হস্ব।-अवनिकाরि-গোবৎসগণ-দার। যাঁহার শোভা বৃদ্ধি পাইতেছে এবং কদম্ব পুষ্পত্রেণীর মনোহর গন্ধে যিনি অতিশয় আমোদিত এবং নন্দনন্দনের ভক্তগণের সম্মেলনে যাঁহার আনন্দের উল্লাস হইয়া থাকে, সেই দিবাকরনন্দিনী যম্নাদেবী আমাকে পবিত্র করুন॥ ৬॥ আনন্দিত মল্লিকাক্ষ অর্থাৎ মলিনচঞ্চরণ হংস বিশেষের মনোহর কলরবে যিনি প্রতিশব্দিত, এবং দেব, সিদ্ধ কিন্নরগণও হরিভক্তিতে মোহিত-চিত্ত হইয়া যাঁহার পূজা করেন, এবং স্বকীয় তীরের সমীরণদারা যিনি জনগণের জন্মবন্ধন বিমোচন করেন, সেই ভাস্করনন্দিনী যম্নাদেবী আমাকে পবিত্র করুন॥ ৭॥ চিদ্বিলাস অর্থাৎ ব্রন্ধবিত্যা, তদ্রপ বারিপ্রবাহদারা যিনি ভূ-ভূবঃ-স্বরাখ্য লোকত্রয়কে ব্যাপ্ত করিয়াছেন, কীর্ত্তিতা অর্থাৎ উচ্চারিত হইয়াও মদমত্ত ব্যক্তির মহান্ পাপ্রাশির মর্মাচ্ছেদকারিণী এবং জলক্রীড়াবশতঃ শ্রীকৃষ্ণের অক্ষনগলিত কৃদ্ধুমাদি অন্থলেপনদারা যিনি সৌরভবতী হইয়াছেন, সেই স্থ্যক্তা যমুনাদেবী আমাকে পবিত্র করুন॥ ৮॥

৫। প্রিয়সরঃ শ্রীরাধাকুগু,—তদ্ যথা 'বিলাপ-কুসুমাঞ্জলো'—

> হে শ্রীদরোবর ! সদা দ্বিয় দা মদীশা প্রেষ্ঠেন সার্দ্ধমিহ খেলতি কামরদৈঃ। দ্বকেং প্রিয়াৎ প্রিয়মতীব তয়োবিতী মাং হা দর্শরাম্ম ক্লীবিতং তাম্॥

অর্থাৎ হে রাধাকুগু! তোমার তীরে সর্ব্বদা মদীশ্বরী সেই রাধিকা বিবিধ কামরক্ষে প্রিয়তম শ্রীকৃষ্ণের সহিত খেলা করেন, তুমি সেই শ্রীরাধাকৃষ্ণের প্রিয় হইতেও প্রিয়, অতএব তুমি কুপাপূর্ব্বক এই আমার জীবনস্বরূপ শ্রীরাধিকাকে দর্শন করাও। তত্র শ্রীবিশাখাং প্রতি—

> ক্ষণমপি তব সঙ্গং ন ত্যজেদেব দেবি অমসি সমবয়ন্ত্ৰান্নৰ্শ্ৰভূমিৰ্যদন্তাঃ। ইতি স্থম্থি বিশাথে দৰ্শব্বিতা মদীশাং মম বিবহ-হতায়াঃ প্ৰাণবক্ষাং কুৰুষ ॥

অর্থাৎ হে সুমুখি বিশাখে! মদীশ্বরী শ্রীরাধিকা তোমার সমবয়স্ক প্রযুক্ত তুমি ইহার কোতৃকাম্পদ হইয়াছ, অতএব ইনি ক্ষণকালও তোমার সঙ্গ পরিত্যাগ করেন না, আমিও বিরহকাতরা, স্মৃতরাং ইহাকে দর্শন করাইয়া আমার প্রাণ রক্ষা কর।

৬। গিরীন্দ্র,—গ্রীগোবর্দ্ধন পর্বত। গ্রীগোবর্দ্ধন-বাস-প্রার্থনায় গ্রীদাস গোস্বামী—

গিরিনৃপ হরিদাস-শ্রেণী-বর্ষ্যেতিনামামৃতিমিদমূদিতং শ্রীরাধিকাবজ্ব চন্দ্রাং।
ব্রজনব-তিলকত্বেক্লপ্ত-বেদিঃ স্ফুটং মেক্
নিজনিকট-নিবাসং দেহি গোবর্দ্ধন অম্॥

অর্থাৎ হে গিরিরাজ! যখন জ্রীরাধিকার মুখচন্দ্র হইতে "হন্তায়মদ্রিবলা হরিদাসবর্য্যঃ" অর্থাৎ হে অবলাগণ! এই পর্ব্বত হরিদাসসকলের মধ্যে জ্রেষ্ঠ, এই ভাগবতীয় পত্তে তোমার এই নামরূপ অমৃত প্রকাশ পাইয়াছে, তখন তুমি বেদাদি সকল শাস্ত্রকর্ত্বক ব্রজের নৃতন তিলক-স্বরূপে প্রতিষ্ঠিত

১০ম শ্লোক

হইয়াছ, অতএব আমার এই প্রার্থনা যে, তুমি আমাকে নিজ নিকটে নিবাস প্রদান কর।

শ্রীরাধাকুণ্ড ও শ্রীগোবর্দ্ধনের দর্শনে কেবলা ভক্তির উদয় হয়। শ্রীকৃষ্ণের চিল্লীলার যে-সমস্ত স্থান, সেই সকলই রতিপ্রদ, অতএব সর্ববদা স্মরণীয়॥৯॥

মনঃশিক্ষা-ভাষা

ব্রজবনের ঈশ্বর ব্রজবন-সুধাকর, ব্রজেশ্বরী আমার ঈশ্বরী। ললিতা ভাঁহার স্থী, তুল্য তা'র নাহি লিখি. বিশাখা শিক্ষিকা-পদ ধরি॥ এইভাবে ভাব, ওরে মন। রাধাকুণ্ড-সরোবর, গোবর্দ্ধন-গিরীশ্বর রতিপ্রদ তত্ত্ব তদীক্ষণ॥ ব্রজে গোপীদেহ ধরি', মঞ্জরী আশ্রয় করি', প্রাপ্ত সেবা কর সম্পাদন। মঞ্জরীর কুপা হ'বে, সখীর চরণ পা'বে, मशी (एथाइरव निज्ञासन ॥ প্রহরে প্রহরে আর, দণ্ডে দণ্ডে সেবাসার করিয়া যুগলধনে ডাক। সকল অনর্থ যা'বে, চিদ্দিলাস-রস পা'বে, ভক্তিবিনোদের কথা রাখ॥

রতিং গৌরী-লীলে অপি তপতি সৌন্দর্য্যকিরলৈঃ
শচী-লক্ষ্মী-সত্যাঃ পরিভবতি সৌভাগ্যবলনৈঃ।
বশীকারৈশ্চন্দ্রাবলীমুখ-নবীনব্রজসতাঃ
ক্ষিপত্যারাদ্ যা তাং হরিদ্যিত-রাধাং ভজ মনঃ॥১০॥

অবয় ঃ—১০। মনঃ (হেমন)! যা (যিনি) সৌন্দর্যকিরণৈঃ (সৌন্দর্যা-কিরণদ্বারা) রতিং (রতিদেবীকে) গৌরীলীলে অপি [এবং] (গৌরীদেবী ও লীলাশক্তিকেও) তপতি
(সন্তপ্ত করেন), সৌভাগ্যবলনৈঃ (সৌভাগ্যের অর্থাৎ প্রিয়ত্বের
প্রকাশে বা গর্কে) শচী-লক্ষ্মী-সত্যাঃ (ইন্দ্রাণী, লক্ষ্মী ও
সত্যভামাকে) পরিভবতি (পরাভূত করেন), বশীকারৈঃ
(বশীকরণের দ্বারা) চন্দ্রাবলীমুখ-নবীনব্রজসতীঃ (চন্দ্রাবলীপ্রমুখ
তরুণী ব্রজললনাকে) আরাৎ (দূরে) ক্ষিপতি (নিক্ষেপ করেন),
তাং (সেই) হরিদয়িতরাধাং (প্রীকৃষ্ণপ্রেয়সী শ্রীরাধাকে) ভজ
(ভজন কর)।

স্বরূপশক্তিকে আশ্রয় না করিলে কোনক্রমেই শক্তিমন্তত্ত্ব-রূপ শ্রীকৃষ্ণের চরণাশ্রয় লাভ হয় না। অতএব বলিতেছেন,—
শ্রোকার্থ —হে মন! তুমি একমাত্র শ্রীমতী রাধিকারই
ভজন কর; যেহেতু তিনি রতি, গৌরী ও লীলাকে স্বীয় সৌন্দর্যোর দ্বারা সন্তাপিত করিয়াছেন; শচী, লক্ষ্মী ও সত্যভামাকে সৌভাগ্য-চালনার দ্বারা পরাভূত করিয়াছেন এবং
চন্দ্রাবলী প্রভৃতি নবীন ব্রজসতীদিগকে কৃষ্ণবশীকারশক্তিদারা দূরে ক্ষেপণ করিয়াছেন। তিনি গ্রীকৃষ্ণের অত্যন্ত প্রিয়তম। সহচরী॥ ১০॥

শ্রীরপ—অথ বৃন্দাবনেশ্বর্যাঃ কীর্ন্তান্তে প্রবরা গুণাঃ।
মধুরেয়ং নববয়াশ্চলাপান্দোজ্জলিশ্বতা ॥
চার্ক্ক-দৌভাগ্য-রেখাঢ্যা গদ্ধোন্মাদিতমাধবা।
দঙ্গীতপ্রসরাভিজ্ঞা রম্যবাক্ নর্শ্বপণ্ডিতা ॥
বিনীতা করুণাপূর্ণা বিদ্যা পাটবান্বিতা।
লজ্জাশীলা স্থমর্যাদা ধৈর্য-গান্তীর্যশালিনী ॥
স্থবিলাদা মহাভাব-পরমোৎকর্ষত্রিণী।
গোকুল-প্রেম-বস্বতির্জগচ্ছে ণীলসদ্যশাঃ ॥
গুর্ব্বপিত-গুরুম্বেহা স্থীপ্রণয়িতাবশা।
কৃষ্ণপ্রিয়াবলীমুখ্যা সন্ততাশ্রবকেশবা।
বছনা কিং গুণান্ডস্তাঃ সংখ্যাতীতা হরেরিব ॥

অর্থাৎ এখন বৃন্দাবনেশ্বরী শ্রীরাধিকার প্রধান প্রধান গুণসকল কীর্ত্তন করা যাইতেছে—মধুরা, নবীনবয়সযুক্তা, চঞ্চলনেত্রা, উজ্জ্বল-হাস্তযুক্তা, স্থান্দর-সোভাগ্য-রেখাযুক্তা, সৌগন্ধে কৃফ্ণোন্মাদিনী, সঙ্গীতপ্রসারজ্ঞা, রমণীয়-বাগ বিশিষ্টা, নর্মগুণে পণ্ডিতা, বিনীতা, করুণাপূর্ণা, চতুরা, পাটবান্বিতা, লজ্জাশীলা, স্থমর্য্যাদা, ধৈর্যযুক্তা, গাস্তীর্য্যময়ী, স্থবিলাসযুক্তা, পরমোৎকর্ষে মহাভাবময়ী (তৃষ্ণাযুক্তা), গোকুলপ্রেমের বসতির আশ্রয়, জগৎশ্রেণীর মধ্যে উদ্দীপ্ত যশোযুক্তা, গুরুলোকে অপিত-গুরু-স্নেহবতী, স্থীদিগের প্রণয়বশযুক্তা, কৃষ্ণপ্রিয়া

রমণীদিগের মধ্যে মুখ্যা, সর্ববদা কেশবকে স্বীয় অধীনকারিণী। পুনশ্চ,—মহাভাবস্বরূপেয়ং গুণৈরতিবরীয়সী। গোপালোত্তরতাপত্যাং যদ গান্ধর্বেতি বিশ্রুতা॥

অর্থাৎ তিনি মহাভাবস্বরূপা, তাঁহার তুল্য গুণ আর কোন গোপিকারই নাই। গোপালোওরতাপনীতে তিনি গান্ধর্বব। বলিয়া বিশ্রুতা (বিখ্যাতা)।

(রাধ। ইতি) ঋক্-পরিশিপ্টে চ—"রাধ্য়া মাধ্বো দেবো মাধ্বেনৈব রাধিকা" ইতি। অতস্তদীয়মাহাত্ম্যং পাদ্দে দেবর্ষিণোদিতম্—যথাঃ—

যথা রাধা প্রিয়া বিষ্ণোন্তস্তাঃ কুণ্ডং প্রিয়ং তথা।
সর্বগোপীয়ু সৈবৈকা বিষ্ণোরত্যন্তবন্তভা ॥
হলাদিনী যা মহাশক্তিঃ সর্বগাক্তবরীয়সী।
তৎসারভাবরূপেয়মিতি তন্ত্রে প্রতিষ্ঠিতা ॥

অর্থাৎ রাধার সহিত মাধব ও মাধবের সহিত রাধা।
পাদ্মেও—রাধা যেরূপ শ্রীকৃষ্ণের প্রিয়া, রাধাকুণ্ডও তদ্রপ
প্রিয়স্থান; সমস্ত গোপীবর্গের মধ্যে রাধাই কৃষ্ণের অত্যন্ত
বল্লভা।

তথা শ্রীরূপকৃত-'চাটুপুষ্পাঞ্চলিঃ',—
নবগোরোচনাগোরীং প্রবরেন্দীবরাম্বাম্।
মণিন্তবক-বিছোতিবেণীব্যালাকনাফণাম্॥ ১॥
উপমানঘটামানপ্রহারিম্থমগুলাম্।
নবেন্দুনিন্দিভালোছৎকন্ত্রীতিলকশ্রিয়ম্॥ ২॥

the state of

क्षक्रिजानकरकामधाः त्नाननीनानकावनिम् । কজ্জলোজ্জলতা-রাজচ্চকোরীচাক্লোচনাম ॥ ৩॥ তিলপুষ্পাভনাসাগ্রবিরাদ্বরমৌক্তিকাম। अधरताक् , ज्वस्काः क्नानीयसुत्रिकाम् ॥ । ॥ সরত্বর্পরাজীব-কর্ণিকারুতকর্ণিকাম। কস্তরীবিন্দুচিবুকাং রত্নগৈবেয়কোজ্জলাম ॥ ৫॥ দিব্যান্দ-পরিষল-লস্ভ্রমুণালিকাম। বলারিরত্ববলয়কলালম্বিকলাবিকাম ॥ ৬ ॥ বত্বান্দুবীয়কোলাসি-বরান্দুলিকরামূজাম্। মনোহর-মহাহার-বিহারিকুচকুট্মলাম্ ॥ ৭ ॥ রোমালিভুঞ্গীমূর্দ্ধবত্নাভতরলাঞ্চিতাম। বলিত্রনীলতাবদ্ধক্ষীণভঙ্গুরমধামাম্ ॥ ৮ ॥ यिनावमनाधाविकावर्थाणिदवाधम्य । হেমরভামদারভ-ভভনোক্যুগাকৃতিম্॥ >॥ জান্তব্যতি-জিতক্ষ্মপীতবত্তসমূদাকাম। শর্মীরজনীরাজ্য-মঞ্জীরবিরণৎপদাম্ ॥ ১० ॥ বাকেন্দ্ৰকোটিদৌন্দৰ্যাকৈত্ৰপাদনথ-ত্যতিম। অষ্টাভিঃ সাত্তিকৈভাবৈরাকুলীকৃতবিগ্রহাম ॥ ১১ ॥ মুকুলাককতাপালামনলোশ্মিতরকিতাম । वामावकिशानमाः वत्म वृमावतमावि ॥ ১२ ॥ অন্নি প্রোক্তনহাভাবমাধুরীবিহ্বলান্তরে। অশেষনায়িকাবস্থা-প্রাকট্যান্তুতচেষ্টিতে ॥ ১০ ॥

नर्क्तभाषुर्या विस्थानी निर्माक्षि जनामुक । रेन्नित्राभूगारमोन्नर्गा कृतमङ्ग् नथाक्षरन ॥) 8 ॥ त्रिक्तम् पूर्योत्रम् भी यत्रिक्त विः भमक्षति । ननि जानि- त्रथीयृथकी वा जु-न्यि जटका त्रदक ॥ ১৫॥ ठ हेना भाक्या धुर्वा विम्नू सा कि ज- सा धदव । তাতপাদয়শঃস্থোমকৈরবানন্দচন্দ্রিকে ॥ ১৬ ॥ অপারকরুণাপূরপূরিতান্তর্মনোহ্রদে। প্রদীদাস্মিন্ জনে দেবি নিজদাশুস্পৃহাজুষি ॥ ১৭ ॥ किं पः ठां पूर्वे ना एक शास्त्रिक स्था। প্রার্থামানচলাপাকপ্রসাদাদ্ ক্যানে ময়া॥ ১৮॥ षाः नाधु माधवीभूटेन्भमाधदवन कनाविना । প্রসাধ্যমানাং স্বিভন্তীং বীজয়িয়াম্যহং কদা ॥ ১৯ ॥ কেলিবিস্রংসিনো বক্তকেশবুনদন্ত স্থনরে। সংস্কারায় কদা দেবি জনমেতং নিদেক্যাসি॥ ২০॥ কদা বিষোষ্ঠি তামূলং ময়া তব মৃথামূজে। অর্প্যমাণং ব্রজাধীশস্কুরাচ্ছিত্ত ভোক্ষ্যতে ॥ ২১॥ ব্ৰজ্বাজকুমারবল্পভাকুল-দীমন্তমণি প্ৰসীদ মে। পরিবারগণশু তে যথা, পদবী মে ন দবীয়দী ভবেং ॥ २२॥ করুণাং মৃছরর্থয়ে পরং তব বৃন্দাবনচক্রবর্ত্তিনি। অপি কেশিরিপোর্যয়া ভবেৎ, সচটুপ্রার্থনভাজনং জনঃ ॥ ২৩ ॥ है मः वृन्नावतनभवा। कता यः भठे छि छवम्। চাটুপুষ্পাঞ্জলিং নাম স স্থাদস্তাঃ রূপাস্পদম্॥ ২৪॥ অর্থাৎ হে বৃন্দাবনেশ্বরি! আমি তোমাকে বন্দনা করি,

ি শ্রীমনঃশিক্ষা—

তুমি অভিনব গোরোচনার তায় গৌরাঙ্গী, স্থন্দর নীলপদ্মের তায় তোমার বসন, তোমার লম্বিত বেণীর উপরিস্থ মণিরত্ব-খচিত কবরীবন্ধ যেন ফণাযুক্ত ভুজিনী বলিয়া বোধ হইতেছে॥ ১॥ তোমার মুখমগুলচন্দ্র পদ্ম প্রভৃতি যাবতীয় উপমান পদার্থের গর্বব থবন করে, নবোদিত ইন্দুকলার আয় তোমার ললাট কস্তুরি-তিলকে স্থশোভিত॥২॥ তোমার জ্রাযুগলদ্বারা অনক্ষের শরাসন তিরস্কৃত হইয়াছে, তুমি চঞ্চল নীলবর্ণ কুটিলকুন্তলে স্থশোভিত, কজলে স্থশোভিত ঘদীয় নয়ন-যুগল চকোরীমিথুন বলিয়া বোধ হইতেছে॥৩॥ তিলকুস্থুমের মত নাসাগ্রে উৎকৃষ্ট মুক্তা স্থশোভিত, বন্ধুক পুষ্পের স্থায় তোমার অধর ও কুন্দাবলীর ন্যায় দন্তরাজি স্থুশোভিত॥ ৪॥ রত্বজড়িত স্বর্ণপদের কর্ণিকার তোমার কর্ণভূষণ, তোমার চিবুক কস্থ্রী-বিন্দুতে স্থগোভিত এবং তুমি রত্নময় কণ্ঠহারে অলঙ্কুত। ৫॥ তোমার মূণালস্বরূপ ভুজদ্বয় স্থন্দর অঙ্গদভূষণে ভূষিত, এবং মণিবদ্ধ সুমধুর ধ্বনিবিশিষ্ঠ ইল্রনীল-মণিময় বলয়দারা সুশোভিত ॥৬॥ তোমার করপদ্মস্থ অঙ্গুলিসকল রত্নাকুরীয় দারা সুশোভিত, তোমার স্তন্যুগল মনোহর মহাহারে বিভূষিত ॥ ৭ ॥ তোমার হৃদয়ে বিরাজিত হার-মধ্যন্থিত মণিকে রোমাবলীরূপ ভূজিকীর মস্তকস্থিত রত্ন বলিয়া বোধ হইতেছে, তোমার অতিশয় ক্ষীণ ও কুচভরে ভঙ্গুর মধ্যস্থান ত্রিবলিরূপ লতাদ্বারা যেন বেষ্টিত হইয়াছে॥৮॥ তোমার বিশাল কটিতটে

মণিময় কিন্ধিণী স্থশোভিত, তোমার উরুযুগল স্বর্ণ-কদলীর মদগর্ব্ব খর্বব করিতেছে॥ ৯॥ তোমার স্থূন্দর জানুযুগলের শোভায় পীতবর্ণ রত্নময় সমুদ্গকের (কোটার) শোভা তিরস্কৃত হইতেছে, সুন্দর ও শব্দায়মান নূপুরযুক্ত ছদীয় পদযুগল শরৎ-কালীন প্রফুল্ল পদ্ম দ্বারা নীরাজিত॥ ১০॥ তোমার পাদপদ্মস্থ নখছ্যতি দ্বারা কোটি কোটি পূর্ণ শশধরের সৌন্দর্য্য অপহত হইয়াছে, স্তন্ত-স্বেদাদি অষ্ট সাত্ত্বিকভাবে কৃষ্ণাঙ্গে অপাঙ্গ সঞ্চালন করিয়া তোমার অনঙ্গ-তরঙ্গ উচ্ছলিত হয় এবং তদনস্তর শ্রীকুষ্ণের সহিত মিলিত হইয়া অপার আনন্দ উপভোগ কর, অতএব হে বুন্দাবনেশ্বরি! এবস্থিধ গুণশালিনী তোমাকে আমি বন্দনা করি॥ ১১-১২॥ অয়ি শ্রীমতি! সমুদিত মহাভাব-মাধুরীদারা তোমার অন্তঃকরণ বিবশ হইরাছে, তোমাতে অশেষ প্রকার নায়িকার লক্ষণ থাকায় খনীয় ভাব-ভঙ্গী সকলের আশ্চর্য্য-কারিণী ॥ ১৩ ॥ সমস্ত নায়িকাগত মাধুর্য্যাদিগুণ তোমার পাদপদ্মের নির্দ্মঞ্জন করিতেছে, লক্ষ্মীর প্রার্থনীয় সৌন্দর্য্য ভোমার পাদপদ্ম-নখপ্রান্তে বিরাজিত ॥ ১৪॥ তুমি গোকুলবাসিনী সমস্ত ব্রজরমণীর শিরোভূষণ কুস্থমমঞ্জরী-স্বরূপ, ছদীয় মন্দ মন্দ ছান্ত-কলিকা ললিতাদি স্থীরন্দের জীবনৌষ্ধ-স্বরূপ ॥ ১৫॥ তুমি চঞ্চল অপাক্তরূপ মাধুর্য্য-বিন্দুদারা জ্রীকৃষ্ণকে উন্মাদিত কর, তুমি নিজপিতা বৃষভানুর কীর্ত্তিকলাপরূপ কুস্থমের আনন্দ-দায়িনী চন্দ্রিকা-স্বরূপ ॥ ১৬॥ তোমার অন্তঃকরণরূপ মহাতুদ

অপার করুণা-প্রবাহে পরিপূর্ণ, হে দেবি! তোমার দাস্বাভিলাষী এই জনের প্রতি প্রসন্না হও॥১৭॥ হে দেবি! তোমার মানান্তে চাটুবচন-পটু ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণ তোমার সহিত মিলন প্রার্থনা করিলে তুমি চঞ্চল অপাঙ্গদারা দৃষ্টিপাত করিয়া প্রসন্না হইতেছ, এই প্রকার তোমার ভাব আমি কবে দেখিতে পাইব ? ১৮॥ শিল্পকার্য্যে নিপুণ শ্রীকৃষ্ণকর্তৃক স্থুন্দর মাধবী কুসুমদারা তুমি অলম্ভত হইতেছ এবং তৎকর-স্পর্শে সাত্ত্বিক ভাবের উদয়হেতু ভোমার কলেবর ঘর্মাক্ত হইলে আমি তালবুন্ত দারা তোমার সেই জীঅঙ্গে কবে ব্যজন করিব! ১৯॥ হে দেবি! হে স্থন্দরি! কৃষ্ণসহ বিহারান্তে ঘদীয় কুটিল কেশপাশ আলুলায়িত হইলে তাহা পুনর্বার সংস্কার করিবার জন্ম এই জনকে কবে আদেশ করিবে ? ২০॥ হে বিস্বোষ্ঠি! আমি তোমার মুখাস্থুজে তাস্থল অর্পণ করিব, শ্রীকৃষ্ণ তোমার মুখ হইতে কাড়িয়া লইয়া উহা ভক্ষণ করিবেন, তোমাদিগের উভয়ের এই প্রকার ভাব আমি কবে দর্শন করিব ? ২১॥ হে গ্রীমতি। ব্রজেন্দ্রনদন ঞীকুষ্ণের যাবতীয় প্রেয়সীগণের শিরোভূষণ, অতএব আমার প্রতি প্রসন্না হও এবং যাহাতে অচিরাৎ তোমার পরিবারগণের মধ্যে গণিত হইতে পারি সেইরূপ অনুকম্পা কর॥ ২২॥ হে বৃন্দাবন-চক্রবর্ত্তিনি! আমি পুনঃ পুনঃ তোমার করুণা প্রার্থনা করিতেছি, আমার প্রতি এইরূপ কর যে, আমি তোমার সখী হইব, তুমি মানিনী হইলে তোমার সখী বলিয়া ঞ্রীকৃষ্ণ আমার

নিকট আসিয়া তোমার সহিত মিলনের জন্ম কত চাটুবাক্য বলিবেন, তৎপরে আমি তাঁহার হস্তধারণ করিয়া তোমার নিকট লইয়া যাইব॥২৩॥ বৃন্দাবনেশ্বরী শ্রীরাধিকার 'চাটুপুষ্পাঞ্জলি'-নামক এই স্তব যিনি শ্রদ্ধা-সহকারে পাঠ করেন, তিনি অচিরকাল মধ্যে সেই শ্রীরাধিকার কুপাপাত্র হয়েন॥২৪॥

এইপ্রকার স্তোত্রাদিদারা ও সেবা-পরিচর্য্যাদারা ঞ্রীরাধাকে ভজনা কর। ঞ্রীদাসগোস্বামী এতদূর বলিয়াছেন,—

লক্ষীর্যনজ্য -কমলপ্ত নথাঞ্চলপ্ত
সৌন্দর্যাবিন্দুমপি নার্ছতি লব্ধুমীশে।
সা সং বিধাশুসি ন চেন্নম নেজনানং
কিং জীবিতেন মম তৃঃখদাবাগ্নিদেন ॥
আশাভবৈরম্তসিদ্ধুমিয়ঃ কর্যঞ্চিৎ
কালো ময়াতিগমিতঃ কিল সাম্প্রতং হি।
তঞ্চেৎ কুপাং ময়ি বিধাশুসি নৈব কিং মে
প্রাণৈর্জন চ বরোক বকারিণাপি ॥

অর্থাৎ হে প্রাণেশ্বরি! লক্ষ্মীদেবীও যাঁহার পাদপদ্মের
নথাঞ্চলের সৌন্দর্য্যবিন্দুও লাভ করিতে সমর্থা নহেন, সেই
ভূমি যদি আমাকে ছদীয় লীলাদি দর্শন-যোগ্য চক্ষুদান
না কর, তবে এই তুঃখরূপ দাবাগ্নিপ্রদ জীবনে ফল কি ?
হে বরোক্য! সম্প্রতি আমি অমৃতসাগররূপ আশাসমূহে নিশ্চয়
অতি কষ্টস্টে কাল যাপন করিলাম, তুমি যদি আমাকে কুপা

জীবের মধ্যে যদি ব্রজভাবে রতি জন্মে, তবে প্রীপ্তরুর নিকট বিদিত স্বীয় সম্বন্ধ অবগত হইয়া, নিজ সেবা-সাধন-জন্ম আদৌ সেই গুরুদেবের স্বরূপগত তত্ত্ব (অর্থাৎ গুরুরূপ) মঞ্জরীর পদ আশ্রয় করিয়া ভজন-সাধন করিবেন। ভজন-সাধন করিতে করিতে মঞ্জরীর কুপা হইলে (সেবকের দর্শনে গুরুরূপ) স্বীর নিকট সেবালাভ হয়। তাঁহার পরিচর্য্যা করিতে করিতে তাঁহার কুপা হইলে শ্রীরাধার সাক্ষাৎকার হয়। তাঁহার কুপা হইলে যুগল-লীলায় সেবালাভ হয়। সমস্তই নিক্ষপট দৈন্ম, লালসা ও একান্ততা হইতে সিদ্ধ হয়।

মনঃশিক্ষা-ভাষা

সৌন্দর্য্য- কিরণমালা, জিনে রভি, গৌরী, লীলা,
অনায়াসে স্বরূপবৈভবে।
শচী, লক্ষ্মী, সত্যভামা, যত ভাগ্যবতী রামা,
সৌভাগ্যবলনে পরাভবে॥
ভজ, মন, চরণ তাঁহার।
চন্দ্রাবলী-মুখ যত, নবীনা নাগরী শত,
বশীকারে করে তিরস্কার॥

১১শ শ্লোক]

সে যে কৃষ্ণ-প্রাণেশ্বরী, কৃষ্ণ-প্রাণাহ্লাদকরী,
হ্লাদিনী স্বরূপশক্তি সতী।
তাঁহার চরণ ত্যজি,' যদি কৃষ্ণচন্দ্র ভজি,'
কোটিযুগে কৃষ্ণগেহে গতি॥
সখীকৃপা-ভেলা ধরি,' প্রেমসিন্ধুমাঝে চরি,'
বৃষভান্থনন্দিনী-চরণে।
কবে বা পড়িয়া র'ব, ঈশ্বরীর কৃপা পা'ব,
গণিত হইব নিজজনে॥

সমং শ্রীরূপেণ স্মর-বিবশ-রাধাগিরিভৃতো-ব্র জে সাক্ষাৎসেবা-লভন-বিধয়ে তদ্গণযুজোঃ। তদিজ্যাখ্যা-ধ্যান-শ্রবণ-নতি-পঞ্চামৃতমিদং ধয়রীত্যা গোবর্দ্ধনমসুদিনং ত্বং ভজ মনঃ॥ ১১॥

অন্বয়—১১ | মনঃ (হে মন)!* ত্বং (তুমি) ব্রজে (বৃন্দাবনে) শ্রীরূপেণ সমং (শ্রীরূপের সহিত) [ও] তদ্গণযুজাঃ (ত্বদীয় অর্থাৎ শ্রীক্রীরাধাকৃষ্ণের উভয়ের গণসহিত) স্মরবিবশরাধা-গিরিভ্তোঃ (মদনবিহ্বল শ্রীরাধা-গিরিধারীর) সাক্ষাৎসেবালভন-বিধয়ে (সাক্ষাৎ সেবালাভের সাধনরূপে) নীত্যা (নির্দ্দোশারুসারে) ইদং (এই)

ক্লোকার্থ ঃ—হে মন! তুমি ব্রজে স্বগণ-সহিত স্মরবিলাস-পরায়ণ শ্রীঞ্জীরাধাক্ষের সাক্ষাং-সেবা লাভকরণার্থ শ্রীক্রপের সহিত সগণ শ্রীনন্দনন্দনের ইজ্যা, আখ্যা, ধ্যান, শ্রবণ ও নতি,—এই পঞ্চবিধ অমৃত যথানীতি পান করিতে করিতে শ্রীগোবর্দ্ধনকে ভজনা কর॥ ১১॥

- ১। স্বগণ-সহিত—শ্রীদাস-স্বলাদি-বেষ্টিত শ্রীকৃষ্ণ এবং
 শ্রীললিতা-বিশাখাদি-বেষ্টিতা শ্রীরাধিকা।
- ২। স্মর-বিলাস-প্রায়ণ,—দাস্ত, সখ্য, বাংসল্য-রসাপেকা শৃকার-রসবিলাসকে অধিক প্রিয় জানিয়া তাহাতে অনুরক্ত।
- ৩। ব্রজে সাক্ষাৎ-সেবা-লাভ, —সাধন-সময়ে যে সেবা, তাহা সাক্ষাৎ-সেবার অনুসরণ। সিদ্ধি-সময়ে প্রথমে দূরবর্ত্তি-সেবা-লাভ হয়। ক্রমশঃ মঞ্জরীর অনুগত হইয়া দূরবর্ত্তি-সেবা করিতে করিতে স্থাদিগের নিকটবর্ত্তি-সেবার প্রাপ্তি হয়; তাহা করিতে করিতে শ্রীশ্রীরাধাগোবিন্দের সাক্ষাৎ-সেবালাভ হয়। সেবা বহুবিধা অর্থাৎ কুঞ্জ-পরিষ্কার, শ্য্যা-প্রস্তুত, জলানয়ন, পর্ণ-প্রস্তুত, কর্পুরদান প্রভৃতি—সেবা অনন্ত।

অনন্ত সংখ্যক পরিচারিকা একটা একটা সেবা পাইয়া তাহাতে
নিযুক্ত থাকেন। সাক্ষাৎ-সেবা জীবের চিদ্দেহ অর্থাৎ
নিত্যসিদ্ধ দেহলাভ হইলে সম্ভব হয়। সাক্ষাৎ-সেবাকালে
একমাত্র মধুর-রসগত নিগৃঢ়ভাব-জনিত অমিশ্র পরমানন্দ,
যাহার ক্ষয় হয় না ও যাহা নিত্য নৃতনবিষয়াবলম্বী বলিয়া
যাহাতে তৃপ্তি নাই, কিন্তু ক্ষণে ক্ষণে বর্দ্ধনশীল অতুলানন্দ উত্থিত
হয়, তাহাই হলয়ে জাগরক থাকে। তখন সেবাস্থুখ ব্যতীত
স্বার্থান্তর নাই বলিয়া তুঃখলেশ হলয়কে স্পর্শ করে না।
মধুর-রসাশ্রিত বিপ্রলম্ভাদি-ঘটনাক্রমে যে তুঃখ, তাহাও

8। প্রীরূপের সহিত,—'গ্রীভক্তিরসামৃতিসিরু' ও 'গ্রীউজ্জলনীলমণি' নামক গ্রন্থাদিতে মধুর-রসাচার্য্য শ্রীরূপ গোস্বামী যে নীতি প্রদর্শন করিয়াছেন, তাহা অবলম্বনপূর্বক। তদ যথা—

প্রমানন্দের রূপান্তর মাত্র, জড়দেহের তুঃখের স্থায় নয়।

শ্রদ্ধা বিশেষতঃ প্রীতিঃ শ্রীমৃর্ত্তেরজিঘ্রসেবনে।
শ্রীমন্তাগবতার্থানামাস্বাদে। রসিকৈঃ স্নহ ॥
সঞ্জাতীয়াশয়ে স্পিঃ সাধৌ সঙ্গঃ স্বতো বরে।
নাম-সংকীর্ত্তনং শ্রীমন্মথ্রামণ্ডলে স্থিতিঃ ॥
অঙ্গানাং পঞ্চকশ্রাশ্র পূর্বং বিনিধিতস্য চ।
নিধিলপ্রৈষ্ঠ্যবোধায় পূনরপাত্র কীর্ত্তনম্ ॥

অর্থাৎ শ্রদ্ধাপূর্বক শ্রীমূর্ত্তির পরিচর্য্যাদি, রসিকজনের সহিত শ্রীমন্তাগবতের অর্থাস্বাদন, যাঁহার অভিপ্রায় আত্মসদৃশ

. e. d o designate po

३३म (भ्राक]

এবং যিনি আপনা হইতে শ্রেষ্ঠ ও স্নিগ্ধ—এ প্রকার সাধুসঙ্গ, নামসন্ধীর্ত্তন এবং মথুরামগুলে অবস্থিতি। যছপি শ্রীকৃষ্ণের চরণ সেবন প্রভৃতি পাঁচটা অঙ্গ পূর্ব্বে উল্লিখিত হইয়াছে, তথাপি অন্থান্থ অঙ্গ হইতে এই কয়েকটার শ্রেষ্ঠতা জানাইবার জন্ম এইস্থানে পুনর্ববার কীর্ত্তিত হইল। অথবা, শ্রীরূপ নিজ-সিদ্ধান্তান্মসারে যেরূপ ভজন করিয়াছেন, তদ্রপ।

৫। ইজ্যা,—শ্রীমূর্ত্তির অজ্যু সেবন অর্থাৎ অর্চচন। শ্রীহরি-বাসন-সম্মান, মাল্য-তিলকাদি-ধারণ, চরণামৃত-প্রসাদ-সেবনাদি ব্রত, তুলসী-সেবা ইত্যাদি কয়েকটা অঙ্গ ইহার অন্তর্গত।

৬। আখ্যা,—ভক্তিশাস্ত্র-পাঠ, ভক্তমগুলীতে হরিকথা, শ্রীনাম ও লীলা-গুণাদি-কীর্ত্তন।

१। ধ্যান,—স্মরণান্তর্গত কার্য্য-বিশেষ। এন্থলে স্মরণকেই
 ধ্যান বলিয়াছেন। যথা ঞ্রীজীব,—

স্থানং মনসান্ত্ৰসন্ধানম্। স্থা ক্রম-সোপানরীত্যা স্থালভাং গুণ-পরিকরদেবালীলাম্মরণঞ্চান্ত্রসন্ধান্য । স্মরণং পঞ্চবিধন্। যং-কিঞ্চিন্ত-সন্ধানং স্মরণন্ সর্বান্ সর্বান্ত্র সামান্তাকারেণ মনোধারণং ধারণা; বিশেষতো রূপাদি-চিন্তনং ধ্যানন্; স্মৃতধারাবদবিচ্ছিন্নং তৎ ধ্বান্তস্থাতিঃ; ধ্যায়মাক্রমুরণং সমাধিরিতি।

অর্থাৎ (ভক্তিসন্দর্ভ) স্মরণ—মনসানুসন্ধান। অনন্তর পূর্ব্ববং ক্রেমসোপান নিয়মানুসারে স্থলভ্য গুণ, পরিকর, সেবা এবং লীলার স্মরণ ও অনুসন্ধান করিতে হইবে। এই স্মরণ পঞ্চবিধ, তন্মধ্যে যংকিঞ্চিং অনুসন্ধানের নাম 'স্মরণ', সর্ববিষয় হইতে চিত্ত আকর্ষণপূর্বক সামান্তভাবে মনোনিবেশের নাম 'ধারণা', বিশেষরূপে রূপাদি চিন্তার নাম 'ধান', উক্ত ধানই অমৃতধারা-তুল্য অবিচ্ছিন্নরূপে প্রবর্ত্তিত হইলে 'গ্রুবানুস্মৃতি' এবং যে-ধ্যানে কেবলমাত্র ধ্যেয়বস্তুরই ক্ষৃত্তি হয়, তাহা 'সমাধি' নামে কথিত হয়।

৮। শ্রবণ, — সাধুমুখে ভগবন্নামলীলাদি-কীর্ত্তন-শ্রবণ।
অপরাত্নে যে পুরাণ-শ্রবণাদি ব্যবস্থা, তাহা ইহার অন্তর্গত।

৯। নতি,— গ্রীমৃত্তির নিকট বা ভগবল্লীলা-স্মরণোদ্দীপক স্থানাদি দর্শনে সাষ্টাঙ্গ প্রণাম-করণ।

১০। গ্রীগোবর্দ্ধন-ভজন,—গ্রীদাসগোস্বামী এই কথাটি আপনাকে লক্ষ্য করিয়া এবং সকলকে লক্ষ্য করিয়া বলিয়াছেন। গ্রীদাসগোস্বামীকে ভক্তজন-হৃদয়াকাশচন্দ্র গ্রীমক্টৈতন্তদেব গ্রীগোবর্দ্ধন-শিলা অর্পণ করেন। যথাঃ—

মহাসম্পদারাদিপি পতিতম্দ্ধতা রূপরা।
স্বরূপে যঃ স্বীয়ে কুজনমিপি মাং ক্রস্ত মৃদিতঃ।
উরোগুঞ্জাহারং প্রিয়মিপি চ গোবর্দ্ধনিশিলাং,
দদৌ মে গৌরাকো হুদর উদরন্ মাং মদরতি॥

অর্থাৎ পতিত এবং কুৎসিত জন যে আমি, আমাকে যিনি কুপাদারা মহাসম্পদ এবং কলত্রাদি হইতে উদ্ধার করত স্বীয় স্বরূপের নিকট স্থাপন করিয়া প্রমোদিত হইয়াছিলেন এবং

- CAR I SCHOOL PART PO

সেই গোবর্দ্ধনশিলা সাক্ষাৎ ভগবং-পদার্থ। তদ্ভজন অথবা শ্রীদাসগোস্বামী শ্রীগোবর্দ্ধনে বাস করেন, সে-স্থান ছাড়িব না,—এইরপ নিষ্ঠাও শ্রীগোবর্দ্ধন-ভজন। সাধারণ-পক্ষেও ফুইটা অর্থ। একটা এই যে, সেবনীয় শ্রীবিগ্রহ বা শ্রীগোবর্দ্ধন-শিলাতে পূর্ব্বোক্ত রীতিক্রমে পূজা কর। অন্য অর্থ এই যে, শ্রীগোবর্দ্ধন-নামা লীলাস্থান এবং উপলক্ষণে সমস্ত ব্রজমণ্ডলে নিষ্ঠার সহিত ভগবদারাধন কর। ইহাতে শ্রীরূপোক্ত মথুরামণ্ডলবাসের যে প্রধান অঙ্গজ, তাহাই বাক্যান্তরে কথিত হইয়াছে।

55। নীত্যা,—নীতি-শব্দে কেবল বিধিকে বুঝিতে হইবে না। যিনি বিধি-ভক্তির অধিকারী, তিনি বিধিক্রমে ভজন করিবেন। যিনি রাগান্থগা ভক্তির অধিকারী, তিনি শ্রীরূপ-প্রদর্শিত রাগনীতিকে অবলম্বনপূর্ব্বক ভজনকরিবেন॥ ১১॥

মনঃশিক্ষা-ভাষা

ব্রজের নিকুঞ্জ-বনে, রাধাকুষ্ণ স্থীসনে, লীলারসে নিত্য থাকে ভোর। সেই দৈনন্দিন লীলা, বহুভাগ্যে যে সেবিলা, তাহার ভাগ্যের বড় জোর॥ ১২শ শ্লোক]

মন, যদি চাহ সেই ধন।

গ্রীরূপের সঙ্গ ল'য়ে, তাঁ'র অনুচরী হ'য়ে,
কর তাঁ'র নির্দিষ্ট ভজন ॥

স্থদয়ে রাগের ভাবে, কালোচিত সেবা পা'বে
সদা রসে রহিবে মজিয়া।
বাহিরে সাধন-দেহ, করিবে ভজন-গেহ,
নিঃসঙ্গে বা সাধুসঙ্গ লঞা॥

যুগলপূজন, ধ্যান, নতি, শ্রুতি, সঙ্কীর্ত্তন;
পঞ্চাম্যতে সেব গোবর্জনে।

রূপ-রঘুনাথ-পায়, এ ভক্তিবিনোদ চায়,
দ্চমতি এরূপ ভজনে॥

মনঃশিক্ষাদৈকাদশক-বরমেতন্মধুরয়া গিরা গায়ত্যুটেচঃ সমধিগত-সর্ব্বার্থতিতি যঃ। সযূথ-শ্রীরূপানুগ ইহ ভবন্ গোকুলবনে জনো রাধারুষ্ণাতুল-ভজনরত্নং স লভতে॥ ১২॥

অন্বয় ?— ১২ । যঃ জনঃ (যে জন) সযূথ-জ্রীরূপান্তুগঃ: ভবন্ (সগণ জ্রীরূপ প্রভুর অন্তুগত হইয়া) সমধিগতসর্ব্বার্থতিতি (সমস্ত অর্থসমূহের সম্যক্ বোধপূর্ব্বক) এতং (এই) মনঃশিক্ষা-দৈকাদশকবরং (মনের শিক্ষাপ্রদ উত্তম একাদশক) মধুরুয়া

. . . a sees speed to

গিরা (মধুর বাক্যে) উচ্চৈঃ গায়তি (উচ্চস্বরে গান করে), সঃ ইহ গোকুলবনে (সে এই গোকুলবনে) রাধাক্ষাতুল-ভন্ধনরত্নং (ঞ্রীঞ্রীরাধাক্ষকের অতুলনীয় ভন্ধনরত্ন) লভতে (প্রাপ্ত হয়)। ফলশ্রুতি বলিতেছেন,—

ক্রোকার্থ 3— যিনি সমূথ শ্রীরূপের অনুগ হইয়া গোকুল-বনে অতিশ্রেষ্ঠ এই 'মনঃশিক্ষাদ'-নামক একাদশ শ্লোক মধুর বাক্যে, উচ্চৈঃস্বরে অর্থ-সমূহের সম্যাগ্ জ্ঞান-সহকারে গান করেন, তিনি শ্রীরাধাকুফের অতুল ভন্তনরত্ব লাভ করেন॥ ১২॥

\$। স্যূথ,—সজাতীয়াশয়, স্নিগ্ধ ও আপনা হইতে শ্রেষ্ঠ বৈষ্ণবসঙ্গ-বিশিষ্ট। ললিতাদি সখীগণ স্থা হইয়াও যেরূপ শ্রীরাধান্থগা হইয়া থাকেন, তদ্ধেপ ভাগবভোত্তমগণও বহু শিয়ের গুরু হইয়াও শ্রীরূপ গোস্বামীর অনুগ হন। তদ্

যুথাধিপত্বেইপ্যৌচিত্যং দধানা ললিতাদন্ধ ।
শ্বেষ্ট্রাধাদিভাবস্থা লোভাং স্থ্য-ক্ষচিং দধুং ।
অর্থাং ললিতাদি সখীগণ স্থযোগ্যা যূথাধিপ । তাঁহারা
নিজ ইষ্ট রাধাভাবের লোভে স্থ্যক্ষচি ধারণ করিয়াছেন ।

২। শ্রীরপাত্মগ,—শ্রীরপগোস্বামী শ্রীমন্মহাপ্রভুর আদেশক্রমে যে রসতত্ত্ব শিক্ষা দিয়াছেন এবং তদনুসারে স্বয়ং যেরূপ ভজন করিয়াছেন, তদ্রেপ-করণকে "শ্রীরপান্ধগ ভজন" বলা যায়। **৩। গোকুলবনে,**—গ্রীমন্মথুরামণ্ডলের যে-কোন নিভ্ত স্থানে। গ্রীমন্মথুরা-মাহাত্ম্য-কথনে গ্রীরূপ,—

মুক্তের্গোবিন্দভক্তেরিতরণচতুরং সচ্চিদানন্দরূপং, যন্তাং বিভোতি-বিভাযুগলমুদয়তে তারকং পারকঞ্চ। कुख्ए छा १ पछिनी ना-थिन दिश्वन-किश्तानित्र कुछ मा एछ, বৈকুণ্ঠাদ্ যা প্রতিষ্ঠা প্রথয়ত্ মথুরা মন্দলানাং ক্লাপম্॥ ১॥ (कांगिम् प्लाष्टे-कांखी बङ्ग-युङ-ङबदक्रमंदगारेधवर्षाधाः) भागाविजानिवाना भूनिश्रमग्रम् किवानीनाः स्ववसी। সাশীঃ কাশীশম্থ্যামরপতিভিরলং প্রাথিতদ্বারকার্য্যা, বৈকুঠোদগীতকীর্তিদিশত্ মধুপুরী প্রেমভক্তিশ্রিয়ং বঃ ॥ २ ॥ बीकः मूक्लिएदवादनर्थभिंगीनिखादकः जात्रकः, ধাম প্রেমবসন্ত প্রেমবসন্ত বাঞ্ছিতধুবাসংপারকং পারকম্। এতদ্যত্র নিবাসিনামুদয়তে চিচ্ছ ক্তিবৃত্তিষয়ং, মথ্নাতৃ বাসনানি মাথ্রপুরী সা বঃ প্রিয়ঞ্চ ক্রিয়াৎ ॥ ৩॥ অভাবন্তি পতদ গ্রহং কুরু করে মায়ে শনৈবীজয়, ছত্রং কাঞ্চি গৃহাণ কাশি পুরতঃ পাদ্যুগং ধারয়। नार्यार्था ভक्र मञ्जमः खिक्थाः नाम्भावम् चात्रकः দেবীয়ং ভবতীষু হস্ত মথুরা দৃষ্টিপ্রদাদং দধে॥ ৪॥

অর্থাৎ শ্রীগোবিন্দের পাদপদে ভক্তিরূপ মৃক্তিবিতরণে
নিপুণ তারণকারী ও ভবিদন্ধ পারকারী বিভাদর যাহাতে
শোভিত এবং নিখিল জগন্মগুলের শিরোরত্ব শ্রীকৃষ্ণের
শৈশবাদি লীলার স্থান, সেই বৈকুপ্তেকমান্তা শ্রীমথুরাপুর

তোমার কুশলসমূহ বিস্তৃত করুন॥১॥ যাঁহার কান্তি কোটিসংখ্যক চন্দ্র হইতেও উৎকৃষ্ট এবং সাতিশয় বেগবান সংসারের অবিছাদি পঞ্চক্রেশরূপ যোদ্ধাগণও যাঁহাকে পরাস্ত করিতে সক্ষম নহে, অর্থাৎ যথায় বাস করিলে ভবযন্ত্রণা হইতে मुक् र ७ या या या वर य भूतीत वाम-माराष्ट्रा मायावी দেবগণও ত্রাসযুক্ত হয়। এবং শুক-শোনকাদি মুনিগণের চিত্তহারিণী কৃঞ্জীলা যাঁহার নিতাসিদ্ধ, এবং উপাসকদিগের কামনাকে যিনি প্রস্তুত করেন, এবং শিব প্রভৃতি দেবগণ্ড যে নগরে প্রতিহারী-কার্য্য অভিলাষ করেন, এবং বরাহদেবও যাঁহার কীত্তি গান করিয়াছেন, সেই মথুরাপুরী তোমাদিগের প্রেমভক্তি প্রদান করুন॥২॥ মুক্তি-বুক্ষের বীজস্বরূপ ও অনর্থ-পরস্পরার নিস্তারকারী, এবং সমূহ অমঙ্গল হইতে রক্ষক এবং প্রেমরসের আস্পদ-স্বরূপ, এবং সকল কামনা পূর্ণকারী, এই একুফের সচিচদাননদময় চিচ্ছক্তি-যুগল যাহাতে নিরস্তর প্রকাশ পাইতেছে, সেই শ্রীমথুরাপুরী তোমাদিগের লিক শরীর পর্যান্ত পাপরাশির ধ্বংস করুন ও প্রেমভক্তি বিধান করুন॥৩॥ হে অবন্তি। তুমি অভ পিক্দান হস্তে গ্রহণ কর; হে মায়াপুরি! তুমি চামর ব্যজন কর; হে কাঞ্চি! তুমি ছত্র গ্রহণ কর; হে কাশি! তুমি অগ্রে পাছকাদ্বয় ধারণ কর; হে অযোধ্যা! তুমি আর ভীত হইও না; হে দারকে! তুমি অগ্ন স্তুতিবাক্য প্রকাশ করিও না; যেহেতু

কিন্ধরী-স্বরূপ তোমাদিগের প্রতি প্রসন্না হইরা এই মথুরা অন্ত মহারাজ শ্রীকুফের রাজমহিষী হইয়াছেন॥ ৪॥ শ্রীবৃন্দাবনাষ্টক,—

> मुकुन्मभूत्रनीत्रवध्यवग-कृत्तश्चत्रवा-কদম্বক-করম্বিত-প্রতিকদম্ব-কুঞ্জান্তরা। किन्स शितिनिसनी-क्रमलकस्त्रालिन। खगिकातित्वन तम **अव**श्यक्ष वृक्तांवेवी ॥ ১ ॥ বিকুপপুরসংশ্রয়াৎ বিপিনতোহিপি নিঃশ্রেয়সাৎ সহস্রগুণিতাং শ্রিয়ং প্রত্নহতী রসপ্রেয়সীম। চতুমু থমুথৈরপি স্পৃহিততার্ণদেহোদ্ভবা জগদ-, अक्रि विदेशः भवनमञ्ज वृन्ति है ।। २ ॥ অনারত-বিকস্বরত্তি-পুঞ্জ-পূজাবলী-, বিসারিবরসৌরভোদামরমা-চমৎকারিণী। অমন্দমকরন্দভ্দিটপিরন্দ-বন্দীকৃত-, দিরেফকুলবন্দিতা শরণমস্ত বুন্দাট্বী ॥ ৩ ॥ क्रणकुरिषनिधार्याव क्रमवीनयुरमाः भटेमः, স্ববন্ধভিরলংকৃত। ললিত-লন্ম-লন্মীভইরঃ। তয়োর্নথর-মণ্ডলীশিথরকেলিচর্যোচিতৈর তা, कि न न शक्दिः न त न भ ख त न चिती ॥ ४ ॥ ব্রজেন্দ্র দখনন্দিনী শুভতরাধিকার ক্রিয়াপ্রভা-বজস্বথোৎসবস্ফ্রবিতজঙ্গমস্থাবরা। প্রলম্বদমনামুজধ্বনিতবংশিকাকাকলি-, বসজ্ঞ-মূগমণ্ডলা শরণমন্ত বৃন্দাট্বী॥ ৫॥

THE PERSONAL PROPERTY

खमसम्मित्रार्ख्नमाञ्चाधिक-माधुवीरमञ्च-,
व्यक्तसञ्च्छवीक्ष्णामिष्ठिनीनकर्छारकता।

मिर्ग्नसञ्च्छमाञ्चलाङ्गठ-निक्षािक्षमारनाञ्चम-,

द्वाठाथश-मृशाकना गद्रशमञ्च वृन्तांठिवी॥ ७॥

खनग-खन-माशदीशनशदिकेशास्त्रस्वना,

मर्गाद्य-द्रन्तांज्वीशिख्य-क्ष्मभूरक्षाञ्चना।

खन्नसञ्चनाखर्दानिन्नाच्यान्तर्थमखरमाशविधिमाक्षिनी मन्नमञ्च वृन्तांठिवी॥ १॥

विश्वेष्ट-श्विमाम्जा-श्रममृद्ध-रभावर्ष्कना,

सध्ष्वत्वस्व्रम्परकृजिनिवामनामञ्चना।

खन्नग्-शव्यक्तिर्या मध्रविम-वरक्षरमाञ्चना,

दक्षण मर्हक्ति रम गद्रशमञ्च वृन्तांठिवी॥ ৮॥

অর্থাৎ শ্রীকৃষ্ণের মুরলীরব শ্রবণে উৎফুল্লচিন্তা গোপীগণ-কর্তৃক যাঁহার কদম্বাদি কুঞ্জ পূরিত হইয়াছে এবং কলিন্দগিরি-নন্দিনী যমুনাদেবীর পদার্ন্দের সঞ্চালক সমীরণ-দারা যাঁহার সৌরভ সম্পাদিত হইতেছে, সেই বৃন্দাটবী আমার আশ্রয় হউন ॥ ১ ॥ বৈকুঠে পরব্যোমন্থিত মোক্ষ হইতেও উৎকৃষ্ট অতএব সহস্রগুণাধিক শ্রেয়স্ অর্থাৎ দাস্ত-সখ্য-বাৎসল্য-মধুর-রসাত্মিকা সম্পত্তি যিনি প্রদান করেন, স্তরাং জগদ্গুরু চতুমুখ ব্রন্দাও যে-স্থানের তৃণাদি হীন জন্ম প্রার্থনা করেন, সেই বৃন্দাটবী আমার আশ্রয়ণীয়া হউন ॥ ২ ॥ যিনি নিয়ত পুল্পিত লতাশ্রেণীর দূরগামী সৌরভদ্বারা লক্ষ্মীদেবীরও বিশ্বয়

সম্পাদন করিতেছেন এবং নিরতিশয় পুষ্পরস-বর্ষণশীল বৃক্ষগণের সমস্ত ভ্রমণকারী ভ্রমরবৃন্দও যাঁহাকে বন্দনা করিতেছে, সেই বুন্দাটবী আমার আশ্রয়ভূতা হউন॥৩॥ যাহার সমূহ অবয়ব, मोमाभिनी ও जनशरतत छात्र मिमिनि वृन्नावरात नवीन শ্রীরাধাগোবিন্দের অতি মনোহর ও ললিত বজ্রাঙ্কুশাদি চিহ্নিত পদপঙ ক্তিদারা অন্ধিত রহিয়াছে এবং সেই রাধাকুষ্ণের নখর-শ্রেণীর অনুকারী কিশলয় ও অন্ধরদারাও যিনি পরিবৃতা, সেই বুন্দাটবী আমার আশ্রয়ণীয়া হউন॥ ৪॥ নন্দরাজের প্রিয়বন্ধু বৃষভানুরাজের তুহিতা ঞ্রীরাধিকার অনুমতিবশতঃ আনন্দোৎসব বুদ্ধির জন্ম বুন্দাসখা যে-স্থানের স্থাবর-জঙ্গম উভয়বিধ প্রাণি-দিগেরই উল্লাস সম্পাদন করিয়াছেন ও প্রলম্বারি বলদেবারুজ শ্রীকৃষ্ণবাদিত-বংশীকাকলি (সূল্ম-মধুরধ্বনি)-রসজ্ঞ মুগমণ্ডল যে-স্থানে বিচরণ করিতেছে, দেই বুন্দাটবী আমার আশ্রয় হউন ॥ ৫ ॥ ময়ূরগণ জ্রীকৃষ্ণের অভিনব জলধরের স্থায় কান্তি দর্শনপূর্বক যেস্থানে কৌতৃহল-সহকারে নৃত্যুকরিতেছে এবং স্ব্যস্তাদ্ ব্যভান্থরাজনন্দিনী খ্রীরাধিকার আত্মাভিমান অর্থাৎ "এই বুন্দাট্বী আমার" এই প্রীতিসূচকবাক্যে লতা এবং মুগ-পক্ষিগণ মিথুন হইয়া যে-স্থানে উল্লাসিত হইতেছে, সেই বৃন্দাটবী আমার আশ্রয়ণীয়া হউন॥৬॥ অগণ্য গুণগ্রাম-সম্পন্ন। জ্রীরাধিকার কামযুদ্ধ-চাতুরীতে যাঁহার কুণ্ডসকল সূচিত হইতেছে এবং ত্রিভুবনের প্রধান কলাকৌশলের গুরু প্রীকৃষ্ণের

নৃত্যকার্য্যে পদ-চালনার সাক্ষিম্বরূপা, সেই বৃন্দার্টবী আমার আঞায়ভূতা হউন ॥ ৭ ॥ জনর্ফুলভ হরিদাসত্ব লাভ করিয়া গোবর্দ্ধন স্বয়ং যে-স্থানে বাস করিতেছেন, এবং মধুস্থদনবধূ গোপাঙ্গনাদিগের অথবা ক্রন্ধিণী-সত্যভামা প্রভৃতির চমংকার-কারি-রাসমণ্ডল যে-স্থানে স্থিত রহিয়াছে এবং অপ্রকট কানন-শোভা-বিধায়ক বৃন্দাবনের মাধুর্যাকুলদারা উজ্জ্বল-কান্তি, সেই বৃন্দারী স্বভাবতঃ আমার আশ্রয়ীভূতা হউন ॥ ৮ ॥

৪। মনঃশিক্ষাদ,—ভজনাভিলাষী ব্যক্তির মনকে শিক্ষাদান করেন।

৫। অতিশ্রেষ্ঠ,—শ্রীমন্মহাপ্রভূ-প্রসাদাৎ শ্রীস্বরূপগোস্বামি-দত্ত অতিশয় গোপনীয় উপদেশময়।

৬। মধুর বাক্যে উটেচঃস্বরে,—ছন্দসহিত অন্সের সহিত একত্রে বা একা দ্রবাত্মক কাকুতিযুক্ত-স্বরে।

প। অর্থসমূহের সম্যুগ্ জ্ঞান,—এই একাদশ শ্লোকের যে গৃঢ় অর্থ, তাহার সম্যুগ্ জ্ঞান-সহকারে।

বেষাং সরাগভন্তনে ব্রজরাজ-ম্প্রেনাঃ,

শীরূপশিক্ষিত্মতামুগমনামুরাগঃ।

যত্মেন তে ভজনদর্পণ-নাম ভাষ্যং,

শিক্ষাদ-শ্লোক-সহিতং প্রপঠন্ত ভক্তা।।

ইতি শ্রীমন্ডক্তিবিনোদবিরচিতং মনঃশিক্ষাদাখ্যশ্লোকানাং

ভজনদর্পণং' নাম মিশ্রভাষ্যং সম্পূর্ণম্।

শ্রীকৃষ্ণটৈতত্যার্পণমস্তা।

জ্ঞীল-রঘুনাথদাস-গোস্বামি-বিরচিত্তম্ প্রাস্থানিয়ম-দশকম্

গুরো মন্ত্রে নান্ধি প্রভুবর-শচীগর্ভজ-পদে স্বরূপে শ্রীরূপে গণযুজি তদীয়প্রথমজে। গিরীক্ত্রে গান্ধর্কাসরসি মধুপূর্য্যাং ব্রজবনে ব্রজে ভক্তে গোষ্ঠালয়িয়ু পরমান্তাং মম রুতিঃ ॥১॥

[অবয়— ›] গুরে (প্রীগুরুদের), মদ্রে (ইষ্টমন্ত্র), নামি (শ্রীহরিনাম), প্রভ্রব-শতীগর্ভজ্পদে (শ্রীগোরাল-মহাপ্রভ্র পাদপদ্ম), স্বরূপে (শ্রীররূপগোস্বামী), গুনুজ্র (স্বগণ-সংযুক্ত) তদীয় প্রথমজে (শ্রীরূপাগ্রজ্ঞ শ্রীদনাতন গোস্বামী), গিরীজ্রে (গোর্বর্জন), গান্ধর্বাসরদি (শ্রীরাধাকুগু), মধুপুর্যাং (মথুরাপুরী), ব্রজ্বনে (বৃন্দাবন), ব্রজে (গোষ্ঠ), ভক্তে (ভক্তগণ) [এবং] গোষ্ঠালমিয়ু (ব্রজ্বাদিগণের প্রতি) মম (আমার) পরং রতিঃ (পরম জন্মরাগ) আন্তাম্ (বর্ত্তমান থাকুক)।

[অনুবাদ— ১] শ্রীগুরুদেবে, ইষ্টমন্ত্রে, শ্রীহরিনামে, প্রভ্বর শ্রীশচীনন্দনের শ্রীপাদপদ্মে, দগণ শ্রীস্থরপদামোদর গোম্বামি-প্রভ্, শ্রীরপগোম্বামি-প্রভ্ ও শ্রীরপাগ্রজ শ্রীদনাতন-গোম্বামি-প্রভ্তে, গিরিবর শ্রীগোবর্ননে, শ্রীবাধাকুণ্ডে, শ্রীমথুরা-ধামে, শ্রীবৃন্দাবনে, শ্রীগোঠে, শুদ্ধ ভক্তে ও শ্রীগোষ্ঠবাদি-জনে আমার নিরতিশয় রতি হউক।

> ন চান্তত্র ক্ষেত্রে হরিভনুসনাথেইপি স্থজনাদ্ রসাম্বাদং প্রেম্পা দধদিপি বসামি ক্ষণমপি। সমং ত্বেভদ্গ্রাম্যাবলিভিরভি ভন্মপি কথাং বিধান্তে সংবাসং ব্রজভুবন এব প্রভিভবম্॥২॥

[জঃ—২] অন্তত্ত কেতে (জন্ম কোন কেত্র) হরিতরুসনাথে জপি

- + , K / SING-SPAP +1

ALT HILL

৪র্থ খ্লোক

(শ্রীক্ষের বিগ্রহ-বিভূষিত হইলেও) [সে-স্থলে] স্করনাং (বৈষ্ণবের নিকট হইতে) প্রেমা (প্রেমের সহিত) রসাস্বাদং (রসের আস্বাদন) দধং অপি (করিয়াও) ক্ষণম্ অপি (ক্ষণকালও) ন চ বসামি (বাস করিব না), তু (কিন্তু) প্রতিভবং (প্রতিজন্মে) ব্রজ্পুবনে এব (ব্রজ্মগুলেই) এতদ্-গ্রামাবিলিভিঃ (এ স্থানের অধিবাসী অতিনীচন্ডাতি জনগণের) সমং (সহিত) অভি (সর্বতোভাবে) কথাং (ভাদৃশজনোচিত বাক্যালাপ) তরন্ অপি (বিস্তার করিয়াই) সংবাসং (অবস্থান) বিধান্তে (করিব)।

[অনু:—২] শ্রীহরির শ্রীবিগ্রহাধিষ্ঠিত হইলেও অন্ত (কান) ক্ষেত্রে স্থলন অর্থাৎ বৈশ্ববের সন্ধ লাভ করিয়া প্রেমভরে রসাম্বাদনপূর্বক (আমি) ক্ষণ হালও বাস করি না; কিন্তু, এই ব্রজভূমিতেই এইসকল গ্রাম্যলোকের সহিতও বিবিধ আলাপপূর্বক প্রতিজ্ঞান বাস করিব।

সদা রাধাকৃষ্ণোচ্ছলদতুল-খেলাম্বলযুজং ব্রজং সন্ত্যুকৈয়ভদ্-যুগবিরছিভোহপি ক্রটিমপি। পুনর্দ্বারাবত্যাং বতুপতিমপি প্রোচ্বিভবৈঃ স্ফুরন্তং তদ্বাচাপি ছি ন ছি চলামীক্ষিতুমপি॥॥॥

[আঃ—০] এতদ্যুগবিরহিতঃ অপি [আমি যদি ব্রজভূমিতে]
(এই যুগলরপের বিরহগ্রন্থও হই,) [তথাপি] সদা (নিরন্তর)
রাধারুফোচ্ছলদতুল-খেলাস্থলযুজং (শ্রীরাধারুফের ধারাবাহিক অভুলনীর
ক্রীড়াসমূহের স্থলীরাজিস্থশোভিত) ব্রজং (ব্রজ্ঞধাম) সন্তাজ্য (পরিত্যাগ
ক্রিয়া) পুনঃ (পুনরায়) ছারাবত্যাং (ছারকাপুরীতে) প্রৌঢ়বিভবৈঃ
(পরম বৈভবশালী) যত্পভিং অপি (যাদবেশ্বরর্গী শ্রীরুফকেও) ঈক্ষিতুম্
অপি (দর্শন করিবার জন্মও) তদ্বাচা অপি হি (তাঁহার আহ্বানবাক্যেও)
ক্রাট্ম্ অপি (ক্ষণকালের জন্মও) ন হি চলামি (নিশ্চর্যুই যাইব না) ।

[অনুঃ—৩] আমি মুগের (অতিদীর্ঘকালের) বিরহী হইলেও
সর্বাদা শ্রীশ্রীরাধাক্ষের উচ্চুসিত অতুলনীয় লীলার স্থান-সম্বলিত এই
ব্রহ্ণধাম পরিত্যাগ করিয়া পূর্ণ ঐশ্বর্ধ্যে দীপ্তিমান্ শ্রীষত্পতিকেও তাঁহার
কথায় দর্শন করিবার আশায় অত্যল্লকালের জন্মও শ্রীন্বারকায় আরু
যাইবই না।

গতোক্মাদৈ রাধা স্ফুরতি হরিণা শ্লিষ্টজ্বদয়। স্ফুটং দারাবত্যামিতি যদি শূণোমি শ্রুতিতটে। তদাহং তত্তিবাদ্ধতমতি পতামি ব্রুসুরাৎ সমুড্ডীয় স্বান্তাধিকগতি-খগেল্রাদুপি জ্বাৎ॥ ৪॥

অঃ—
 अ]—বাধা (শ্রীবাধা) উন্মাদৈঃ (চিত্তের উন্মাদনা বশতঃ)

 ধারাবভ্যাং (দারকায়) গতা (গমন করিয়া) হরিণা (শ্রীকৃষ্ণকর্তৃক)

 শ্লিইফ্ররা (হুদরে আলিঙ্গি তা হইয়া) স্ফুটং (সর্বজনগোচরে) স্ফুরতি

 (প্রকাশ পাইতেছেন ', ইতি (এই কথা) যদি (যদি) শ্রুতিতটে শূণোমি (কর্ণ-প্রান্তে শ্রুবণ করি), তদা (তাহা হইলে) অহং (আমি)

 স্বান্তাধিকগতি-খগেন্দ্রাং অপি (মনোহধিক বেগশালী গরুড় হইতেও)

 শ্রুবাধিকগতি-খগেন্দ্রাং অপি (মনোহধিক বেগশালী গরুড় হইতেও)

 শ্রুবাং (ক্রুত্ত-গতিতে) ব্রজপুরাং (ব্রজপুরী হইতে) ক্রুযুত্তীয় (উৎপতিত হইয়া) উদ্ধতমতি (উদ্ধতমনে) তত্র এব (সেই দারকাপুরীতেই)

পতামি (উপন্থিত হইব) ।

ত্রি আনু:—8] শ্রীরাধা চিত্তের উন্নাদনার দারকাতে উপস্থিত হইর।
শ্রীক্ষের সহিত সম্মিলিত-হল্যে নিশ্চয়ই বিরাজ করিতেছেন,—ইহা ধদি
কর্ণে শ্রবণ করি, তথন আমি মন হইতেও অবিকরেগে, শ্রীগরুড় হইতেও
ক্রুত্তবেগে শ্রীবৃন্দাবন হইতে উড়িয়া গিয়া তথায়ই—শ্রীদারকাতেই গর্বিতদ্বন্যে পতিত হইব।

- 1 - 1000 140P +1

অনাদিঃ সাদিবি পটুরভিমুত্ববা প্রতিপদ-প্রমীলৎকারুণ্যঃ প্রগুণকরুণাহীন ইতি বা। মহাবৈকুঠেশাধিক ইছ নরো বা ত্রজপতে-বুরং সূমুর্কোঠে প্রতিজনি মমান্তাং প্রভুবরঃ ॥৫॥

[আঃ—৫] ব্রজপতেঃ (শ্রীনন্দমহারাজের) অয়ং (এই) স্ক্রং (নন্দন অর্থাৎ শ্রীকৃষ্ণ) অনাদিঃ লাদিঃ বা (অনাদিই হউন, কিম্বা আদিভাবযুক্তই হউন), পটুঃ অভিমৃতঃ বা (স্থানপুণই হউন, কিম্বা অভিমন্দই হউন), প্রতিপদপ্রমীলংকারুণাঃ (প্রতিক্ষণে কারুণাপ্রকাশনীলই হউন), বা (কিম্বা) প্রপ্রণকরুণাহীনঃ ইতি (একান্ত কারুণারহিতই হউন), বা (কিম্বা) নরঃ (মহাবৈকুঠাধিপতি অপেক্ষাও পরমতত্ত্বই হউন), বা (কিম্বা) নরঃ (মানবই হউন), [পরস্ক ইনিই] ইহ গোঠে (এই ব্রজে) প্রতিজনি (প্রতিজনে) ম্ম (আমার) প্রভ্বরঃ (পরম প্রভূ) আন্তাম্ (হউন)।

ত্তি আনুঃ—৫ আদি-বহিত বা আদিসহিত, কঠিন বা অতিকোমল, পদে পদে প্রকটিত কুপাবিশিষ্ট অথবা নিতান্ত দয়া-বহিত—এইরপ, পরবোমেশ্বর শ্রীনাবায়ণ অপেকাও অধিক উৎকর্ষযুক্ত অথবা সামায় নবমাত্র হউন,—এই গোষ্ঠে ব্রহ্মবাজের এই পুত্র প্রতিজ্ঞান আমার প্রভূবর হউন।

অনাদৃত্যোদগীভাষপি মুনিগনৈবিণিকমুখৈঃ প্রবীণাং গান্ধবাষপি চ নিগমৈস্তৎপ্রিয়ত্যাম। য একং গোবিন্দং ভজতি কপটী দান্তিকতয়। তদভ্যর্বে শীর্বে ক্ষণমপি ন যামি ব্রত্মিদম্॥৬॥

[चः—७] यः (दि) क्लिण (क्लिण वाक्ति) दिनिकम्रेयः (श्रीनावन्त्रम्थ) म्निलरेनः (श्रीनाव-कर्त्त्व) व्यति (এवः) निलरेमः

৭ম শোক]

অপি চ (বেদসমূহ কর্তৃকও) উদ্গীতাং (উদ্ঘোষিতা) [ও] প্রবীণাং (সর্বোন্তমা) তৎপ্রিয়তমাং (প্রীকৃষ্ণপ্রেয়সী) গান্ধর্বাং (প্রীরাধিকাকে) দান্তিকত্য়া (দন্তবশতঃ) অনাদৃত্য (অনাদর করিয়া) একং (কেবলমাত্র) গোবিদ্দং (প্রীকৃষ্ণকে) ভন্ধতি (ভন্ধন করে), শীর্ণে (অপবিত্র) তদভ্যর্ণে (তৎসমীপবর্তিস্থানে) ক্ষণম্ অপি (ক্ষণকালের জন্মও) ন যামি (যাইব না), [আমার] ইদং ব্রতম্ (ইহাই ব্রত)।

[অনুত্র:—৬] শ্রীনারদাদি মৃনিগণ কর্তৃক এবং সমস্ত বেদাদিশাস্ত্র-কর্তৃকও শ্রীকৃষ্ণের সর্বপ্রধানা প্রিয়তমা বলিয়া উদ্ঘোষিত (সেই) শ্রীরাধাকে অনাদরপূর্বক ষে কপটী ব্যক্তি দস্তভরে একল শ্রীগোবিন্দকে ভজন করে, আমি তাহার শুদ্ধ সায়িধ্যে মুহূর্ত্তকালের জন্মও গমন করি না—ইহা (আমার) ব্রত।

অজাণ্ডে রাধেতি-স্ফুরদভিধয়া সিক্তজনয়া-হনয়া সাকং কৃষ্ণং ভজতি য ইহু প্রেমনমিভঃ। পরং প্রক্ষাল্যৈভচ্চরণক্ষলে ভজ্জলমহো মুদা পীত্বা শশ্বচ্ছিরসি চ বহামি প্রভিদিনম্॥ ৭॥

জঃ—१] যঃ (বে ব্যক্তি) ইহ (এই) অজাণ্ডে (ব্রহ্মাণ্ডে) প্রেমনমিতঃ (প্রেম-প্রণত হইরা), দিক্তজনয়ার জনসমূহের প্রতি অমৃতবিষণী) [ও] বাধেতি-ক্ষুরদভিধয়া ('বাধা' এই প্রদিদ্ধ নামযুক্তা) অনয়া (প্রীগান্ধর্বার) দাকং (দহিত) কৃষ্ণং (শ্রীকৃষ্ণকে) ভজতি (ভজন করেন),অহো! (অহো!) [আমি] পরং (কেবলমাত্র) এতচ্চরণকমলে (এই ব্যক্তির চরণকমল-যুগল) প্রক্ষাল্য (প্রক্ষালন পূর্বক) মূদা (প্রীতিভরে) তৎ জলং (দেই জল) পীত্রা (পান করিয়া) প্রতিদিনং (প্রতিদিন) শর্মং (নিরন্তর) শিরসি চ (মন্তকেও) বহামি (ধারণ করিব)।

- + A + BORES + 444 +

2 - H. C.

্ত্রান্ত — ৭ বি ত্রন্ধাণ্ড মধ্যে যিনি 'শ্রীরাধা'— এই মুখ্য বা উজ্জ্বল নামদারা সকল মানবকে প্রেমাপ্র্তকারিণী ইহার (শ্রীরাধার) সহিত শ্রীকৃষ্ককে প্রেমভরে প্রণত হইয়া ভজনা করেন, আহা! প্রতাহ তাহার শ্রীপাদপদ্মদ্বর প্রকালন করিয়া সেই চরণামৃত (আমি) অতীব আনন্দের সহিত নিত্যকাল পান করিয়া মন্তকে ধারণ করি।

পরিভ্যক্তঃ প্রেরোজন-সমুদরৈর্বাচ্মস্থণী-র্দুরন্ধো নীরন্ত্রাং কদনভরবান্ধো নিপভিভঃ। ভূগং দর্বৈর্দস্ট্রা চটুভিরভিষাচেইছা রূপয়া। স্বয়ং শ্রীগান্ধর্বা স্থপদনলিনান্তং নয়তু মাম্॥ ৮॥

জঃ—৮] [আমি] প্রেয়েজনসম্দর্যঃ (প্রিয়তম পুক্ষণণ অর্থাৎ অপ্রাকট্য-প্রাপ্ত শ্রীষ্ণরূপ-সনাতন-রূপগোস্বামি-প্রভূগণ-কর্তৃক) পরিত্যক্তঃ (পরিত্যক্ত), পরস্ত] বাঢ়ং অস্থবীঃ (প্রাণধারণে অভ্যাগ্রহ্যুক্ত বলিয়া তুর্কা, ছি) ত্রন্ধঃ (সদসদ্বিচারশ্য), [স্বতরাং] (কদনভরবার্দ্ধে । পরমত্বংধসমূদ্রে) নীরন্ধং (নিরবচ্ছিন্নরূপে) নিপতিতঃ (নিমন্ন হইয়া) দক্তিঃ (দন্তসমূহ-দ্বারা) তৃণং (তৃণ) দন্তী। (ধারণপূর্বক) চটুভিঃ (কাতরবচনে) অভিযাচে (প্রার্থনা করিতেছি যে) অঘ্য (অঘ্য) শ্রীগান্ধর্কা (শ্রীরাধিকা) স্বয়ং (স্বয়ং) মাং (আমাকে) স্বপদনলিনান্তং (নিজ পাদপদ্মপ্রান্তে) নয়তু (আকর্ষণ কর্জন)।

ত্রিজ্ঞ —৮] শ্রীরপ-দনাতনাদি প্রিয়তম জনগণ-কর্তৃক পরিত্যক্ত,
দত্য-দত্যই অজ্ঞান, অতিশয় অন্ধ, নানা যাতনাপূর্ণ দম্দ্রে উপায়হীনরপে
নিপতিত (আমি) অন্ত দত্তে তৃণ ধারণপূর্বক কাকুতির সহিত প্রার্থনা
করিতেছি,—স্বয়ং শ্রীয়াধিকা আমাকে নিজ শ্রীপাদপদ্ম-দমীপে রুপাপূর্বক
আকর্ষণ করুন।

ব্রজোৎপল্প-ক্ষীরাশন-বসন-পাত্রাদিভিরহং
পদার্থৈর্নির্বাহ্য ব্যবহৃতিমদন্তং সনিয়মঃ।
বসামীশাকুণ্ডে গিরিকুলবরে চৈব সময়ে
মরিয়ে তু প্রেষ্ঠে সরসি খলু জীবাদি-পুরতঃ॥ ১॥

জঃ—

অহং (আমি) সনিয়মঃ (নিয়মযুক্ত হইয়া)
ব্রক্ষোৎপন্নক্ষীবাশনবসন-পাত্রাদিভিঃ (ব্রজ্ঞ্জাত ক্ষীর, অন্ন, বস্ত্র ও পাত্রাদি)
পদার্থৈঃ (পদার্থসমূহ-দারা) ব্যবহৃতিং (জীবিকা) নির্বাহ্য (নির্বাহপূর্বক)
অদস্তং (দন্তরহিতরূপে) ঈশাকুত্তে (শ্রীরাধাকুত্তে) চ (ও) গিরিকুলবরে
এব (শ্রীগোবর্দ্ধনেই) বসামি (বাস করিব) তু (এবং) সময়ে প্রাণত্যাগকালে) প্রেষ্টে (প্রিয়) সরদি (সরোবর অর্থাৎ শ্রীরাধাকুত্তে) জীবাদিপুরতঃ (শ্রীজ্ঞীবগোস্বামি-প্রভৃতির সম্মুথে) মরিয়ে খলু (নিশ্চয় দেহত্যাগ করিব)।

ত্রি অন্তঃ—৯] আমি ব্রজধামোৎপন্ন তৃঞ্চাদি ভোজ্ঞা, বস্ত্র ও পাত্রাদি দ্রব্যসমূহদারা দক্তহীনভাবে জীবনযাত্রা নির্কাহ করিয়া নিয়মসহকারে শ্রীরাধাকুণ্ডে ও গিরিরাজ শ্রীগোর্বর্জনেই বাস করিব এবং সময় হইলে প্রিয়তম সরোবরেই (শ্রীরাধাকুণ্ডেই) শ্রীজীব-গোস্বামি প্রভৃতির সম্মুথে প্রাণত্যাগ করিব।

স্ফুরল্লক্ষী-লক্ষ্মী-ব্রজবিজয়িলক্ষ্মীভর-লসদ্-বপুঃ শ্রীগান্ধর্বন-স্মরনিকর-দীব্যদ্ গিরিভৃতোঃ। বিধান্তে কুঞ্জাদে বিবিধবরিবস্তাঃ সরভসং রহঃ শ্রীরূপাখ্যপ্রিয়ত্মজনস্তৈত্ব চরমঃ॥ ১০॥

[আ:—১০] [আর আমি] শ্রীরূপাথ্যপ্রিয়তমন্তনতা এব (শ্রীরূপ-নামক প্রিয়তম জনেরই) চরমঃ (অনুগামী হইয়া) কুঞ্জাদৌ (কুঞ্জপ্রভৃতি স্থলে) রহঃ (নির্জ্জনে) স্কুরল্লনীলন্দ্রীব্রজবিজ্ঞালন্দ্রীভর্বন্দরপু:শ্রীগান্ধর্বান্দরিকর-দীবাদ্গিরিভৃতোঃ (প্রকাশমান-কান্তিবিশিষ্ট লন্দ্রীবৃদ্দেরও পরাভ্বকারী সৌন্দর্য্বাশিদ্বা বিভৃষিত-বিগ্রহা শ্রীরাধিকা এবং

ত্রীত্রীগোরজন-

প্রাল-সিচ্চদানন্দ-ভক্তিবিনোদ-কৃত

স্থানিয়ম-সাদশকন্

শুরে শ্রীগোরাঙ্গে ভদুদিত-স্থৃভক্তি-প্রকরণে
শচীস্নোর্লীলা-বিকসিত-স্থৃতীর্থে নিজমনো।
হরেনান্ধি প্রেক্তে হরিতিথিযু রূপানুগজনে
শুকপ্রোক্তে শান্ত্রে প্রতিজনি মমান্তাং খলু রতি ঃ ॥ ১ ॥

[প্রতিশব্দাঘর— >] গুরে (শ্রীগুরুদেরে), শ্রীগোরাকে (শ্রীগোরস্থলরে), তহদিত-স্থতক্তিপ্রকরণে (শ্রীমন্মহাপ্রভ্-কর্ত্ক উপদিষ্ট শুষভক্তির বিষয়ে বা প্রসক্ষে), শচীস্থনোলীলা-বিকসিত-স্থতীর্থে (শ্রীশচীনন্দনের লীলার দারা উজ্জ্লিত শ্রীনবদ্বীপাদি শ্রেষ্ঠ তীর্থস্থানে), নিজমনো (স্বীয় দীক্ষা-মন্ত্রে), প্রেষ্ঠে হরেঃ নামি (প্রিয়তম শ্রীহরিনামে), হরি-তিথিমু (শ্রীহরিবাসরাদি শ্রীমাধব-তিথিসমূহে), রূপাস্থগজনে (শ্রীরূপাস্থগ শাধুজনে), ভকপ্রোক্তে শাস্ত্রে (শ্রীশুকদের গোস্বামি-কথিত শ্রীমন্তাগবত-খাত্রে) প্রতিজনি (প্রতিজ্বনে) মম (জামার) রুতিঃ (প্রীতি) থলু আস্তাম্ (রুক্ক)।

কোটিকন্দর্পাধিক সম্জ্জল শ্রীক্লফের) বিবিধবরিবস্তাঃ (বিবিধ পরিচর্য্যা) সরভদং (শ্লাঘার সহিত) বিধাস্তে (সম্পাদন করিব)।

[অনুঃ—১০] (আমি) 'গ্রীরূপ'-নামক প্রিয়তমজনের পশ্চাদ্বর্তী হইয়াই কুঞ্জাদিতে নির্জনে শ্রীলক্ষ্মীদেবীর প্রকাশমান রূপরাশির পরাভবকারী রূপভরে শোভমানদেহা শ্রীরাধিকা ও কন্দর্পনমূদয়ের তায় দেলীপ্যমান শ্রীগিরিধারীর বিবিধসেব। সানন্দে সম্পাদন করিব।

> ক্বভং কেনাপ্যেতন্মিজ-নিয়মশংসি-শুবমিমং পঠেৎ যো বিজ্ঞক্কঃ প্রিয়যুগলরূপেহর্পিতমনাঃ। দৃঢ়ং গোর্ফে হুস্টো বসতি-বসতিং প্রাপ্য সময়ে মুদা রাধাকুফে ভুজতি স হি ভেনেব সহিতঃ॥ ১১॥

[জঃ—১১] কেন অপি (কোন এক ক্ষুজন-কর্তৃক) কুতং (বিরচিত) ইমং (এই) এত নিজনিয়মশংসিত্তবং (যথোক্ত নিজ নিয়মস্চক ন্তবটি) যঃ (যিনি) বিশ্রকঃ (বিশ্বন্তভাবে) পঠেৎ (পাঠ করেন), সঃ (তিনি) প্রিয়যুগলরপে (প্রিয়তম শ্রীরাধাক্তম্বে) দৃঢ়ং (দৃঢ়রপে) অপিতমনাঃ (সমর্পিতচিত্ত হইয়া) গোঠে বসতি-বসতিং (ব্রজ্বনে নিবাস) প্রাপ্য (লাভ করিয়া) সময়ে (পরিচ্য্যাকালে) তেন সহিতঃ এব (সেই নিজাক্ষভূত শ্রীরপের সহিতই) মূলা (আনন্দে) রাধাক্সফা (শ্রীরাধাক্ষকে) ভজতি (ভজন করেন)।

[অন্তঃ—১১] কোনও অকিঞ্চনের বিরচিত নিজের নিয়ম-স্ট্রক এই স্তবটী যিনি শ্রীশ্রীরাধাক্তফের শ্রীরূপে (অথবা প্রেম-পরায়ণ শ্রীরূপ-প্রভৃতে) চিত্তসমর্পণপূর্বক বিশ্বাসের সহিত পাঠ করিবেন, তিনি সময়ে বজ্ঞধামে নিশ্চয়ই স্থান লাভ করিয়া সানন্দে বাস করিবেন এবং তাঁহায়ই (শ্রীরূপপ্রভৃত্বই) সহিত্ত আনন্দে নিশ্চয়ই শ্রীশ্রীরাধাক্তফের সেবা করিবেন।

ত্তিক্রাদ—১] প্রীপ্তরুদেবে, প্রীগোরস্থলরে, প্রীমন্মহা-প্রভুকর্তৃক উপদিষ্ট শুদ্ধভক্তির বিষয়ে বা প্রসঙ্গে, প্রীশচীনন্দনের লীলাদ্বারা উজ্জল প্রীনবদ্বীপাদি উত্তম তীর্থস্থানে (অথবা প্রীশচীনন্দনের লীলার প্রকাশহেতু প্রেষ্ঠ তীর্থে) স্বীয় দীক্ষা-মন্ত্রে, প্রিয়তম প্রীহরিনামে, প্রীহরিবাসরাদি তিথিসমূহে, প্রীরূপান্মগ সাধুজনে, প্রীশুকদেব গোস্বামি-কথিত প্রীমন্তাগবত-শাস্ত্রে প্রতিজন্মে আমার প্রীতি রহুক—এই প্রার্থনা।

সদা বৃন্দারণ্যে মধুররস-ধত্যে রসময়ঃ
পরাং শক্তিং রাধাং পরমরসমূর্ত্তিং রময়তি।
স চৈবায়ং ক্ষেণা নিজভজন-মুজামুপদিশন্
শচীসূত্রগোঁড়ে প্রতিজনি মমাস্তাং প্রভুবরঃ॥ ২॥

[জঃ—২] মধুবরসধত্তে (মধুর রসদারা ধত্ত) বৃন্দারণ্যে (শ্রীবৃন্দাবনে) রসময়ঃ (জ্বিলরসামৃতমূর্ত্তি শ্রীকৃষ্ণ) পরমরসমূর্তিং (বিপ্রলম্ভ-রসবিগ্রহ) পরাং শক্তিং (পরা শক্তি) রাধাং (শ্রীরাধাকে) সদা (সর্বাদা) রময়তি (জানন্দ—সেবানন্দ দান করিতেছেন)। স্থাব কৃষ্ণঃ (সেই শ্রীকৃষ্ণই) গৌড়ে (গৌড়দেশে পূর্ববিশলে) নিজভজনম্প্রাম্ (নিজভক্তির পারিপাট্য) উপদিশন্ (উপ্দেশকারী) জ্বাং (এই) শচীস্তন্থঃ (শ্রীশচীনন্দন) প্রতিজ্ঞানি (প্রতিজ্ঞান্ম মম (জামার) প্রভ্বরঃ (নিয়ন্তা) আন্তাম্ (হউন)।

[अकु: — २] মধুররস-ধন্য শ্রীরন্দাবনে অখিলরসামৃত-মূর্ত্তি শ্রীকৃষ্ণ পরমরসরাপিণী (বিপ্রলম্ভরসমূর্ত্তি) পরা শক্তি শ্রীরাধাকে সর্ববিদা আনন্দ (মেবানন্দ) প্রদান করেন। সেই শ্রীকৃষ্ণই স্থানিয়ম-দাদশকম্

গৌড়দেশে নিজ ভজন-প্রণালী উপদেশকারী এই শ্রীশচীনন্দন প্রতিজ্ঞান আমার নিয়ন্তা হউন।

ন বৈরাগ্যং গ্রাহ্যং ভবতি ন হি যদ্ ভক্তিজনিতং তথা জ্ঞানং ভানং চিতি যদি বিশেষং ন মন্তুতে। স্পৃহা মে নাষ্টাঙ্গে হরিভজন-সোখ্যং ন হি যত-স্তুতো রাধাকৃষ্ণ-প্রচুরপরিচর্য্যা ভবতু মে॥ ৩॥

[আঃ—৩] বৈরাগ্যং (বৈরাগ্য) হি (নিশ্চয়ই) গ্রাহং (গ্রহণ্ষোগ্য) ন ভবতি (নহে) ষং (ষাহা) ন ভক্তিজনিতং (ভক্তি হইতে
জাত নহে); তথা (ভদ্রপ) জ্ঞানং (জ্ঞান) ভানং (ছল), যদি চিভি
(যদি চেতনে) বিশেষং (ব্যক্তিম্ব বা বিলাদ) ন মন্ততে (না স্বীকার
করে); অষ্টান্দে (অষ্টান্দ্রযোগ-সাধনে) মে (আমার) স্পৃহা ন (স্পৃহা
নাই) যতঃ (যাহাতে—যে অষ্টান্দে) হরিভজন-সৌখ্যং (শ্রীহরিসেবানন্দ)
ন হি (নাই-ই)। ভতঃ (অতএব) মে (আমার) রাধাক্তম্পপ্রচ্বা
পরিচর্যা (শ্রীশ্রীরাধাক্তম্বের প্রচ্ব সেবা) ভবতু [সাধ্য-সাধন]
(হউক)।

[অন্তঃ—৩] যাহা ভক্তি হইতে উৎপন্ন নহে—এইরপ বৈরাগ্য গ্রহণযোগ্যই নহে; তদ্রপ যে জ্ঞান চেতনে ব্যক্তিত্ব বা বিলাস স্বীকার না করে, তাহাও ছলনামাত্র; যাহাতে শ্রীহরিসেবানন্দ নাই এইরপ অপ্তাঙ্গযোগে (ও) আমার স্পৃহা নাই। অতএব আমার শ্রীশ্রীরাধাকৃষ্ণের প্রচুর সেবা (সাধ্য-সাধন) হউক।

- + A + HARP 1908 +.

কুটীরেহপি ক্ষুদ্রে ব্রজভজনযোগ্যে তরুতলে

শচীস্নোন্তীর্থে তবতু নিতরাং মে নিবসতিঃ।

ন চাল্যত্র ক্ষেত্রে বিবুধগণসেব্যে পুলকিতে।

বসামি প্রাসাদে বিপুলধন-রাজ্যান্থিত ইহ ॥ ৪॥

জঃ—৪] শচীস্নোঃ (শ্রীশচীনন্দনের) তীর্থে (শ্রীনবদ্বীপমণ্ডলাদিতে) তরুতলে (বুক্ষতলে) ব্রজ্ঞভ্জনযোগ্যে (ব্রজ্ঞের ভজনের
উপযোগী) ক্ষ্মে (ক্ষ্মু) কুটারে অপি (কুটারেও) মে (আমার) নিতরাং
(একান্ত) নিবদতিঃ (বাদ) ভবতু (হউক)। ইহ (এই পৃথিবীতে)
বিব্ধগণ-দেবো (ম্নিগণের বা দেবগণেরও সেবনীয় অর্থাৎ বাদযোগ্য)
বিপুলধন-রাজ্যান্বিতে (বিপুল ধন ও রাজ্যবিশিষ্ট) অন্ত ক্রেতে (অন্ত
দেশে) প্রাসাদে (দেবমন্দির বা রাজপুরীতে) ন চ বদামি (কিন্তু বাদ
করিব না)।

ত্বি আনুঃ—8] শ্রীগোরতীর্থে (শ্রীনবদ্বীপাদি ধামে) বৃক্ষতলে শ্রীব্রজভজনের উপযোগী কুজ কুটারে আমার একান্ত বসতি হউক। কিন্তু এই পৃথিবীতে মুনিগণের বা দেবগণেরও সেবনীয় (বাসযোগ্য) বিপুল ধন-রাজ্যসমন্বিত অন্ত দেশে, দেবমন্দির বা রাজপুরীতেও (আমি) বাস করিব না।

ন বর্ণে সক্তির্মে ন খলু মমতা হ্যাপ্রামবিধে।

ন ধর্মে নাধর্মে মম রভিরিহান্তে ক্রচিদপি।
পরং তত্তদর্মে মম জড়শরীরং ধ্বতমিদমতো ধর্মান্ সর্বান্ স্থতজন-সহায়াল্পভিলবে॥ ৫॥
[জঃ—৫] বর্ণে (বান্ধণাদি বর্ণে) মে (আমার) সজিঃ ন
(আসজি নাই); আশুমবিধ্রে (ব্রুচ্গ্যাদি আশুমবিধানে) মমতা

(অন্তর্বাগ) ন হি খলু (সত্যই নাই); ইহ (এই পৃথিবীতে) ধর্মে (কি প্রাজনক ধর্মে), অধর্মে (কি পাপজনক অধর্মে) কচিদপি (কোথাও) মম (আমার) রতিঃ (আদর) ন আল্ডে (নাই)। পরং (পরন্ত) মম (আমার) ইদং (এই) জড়শরীরং (জড়শরীর) তত্তর্মের্ম (সেই সেই ধর্মে) ধ্রতম্ (ধারণ করিয়াছি)। অতঃ (অতএব) স্থভজন-সহায়ান্ (উত্তম ভজনের বা শুদ্ধভিত্রর অনুকৃল) সর্বান্ (সকল) ধর্মান্ (ধর্মি) আভিলয়ে (অভিলায় করি)।

[ब्बन्धः—৫] ব্রাহ্মণাদি বর্ণে আমার আসক্তি নাই; ব্রহ্মচর্য্যাদি আশ্রমবিধানে সত্যই (আমার) মমতা নাই; এই পৃথিবীতে কি ধর্মে, কি অধর্মে—কোনটাতেই আমার আগ্রহ নাই। পরস্তু সেই সকল ধর্মে (ধর্ম্মসাধনে) আমার এই জড় শরীর [এতাবংকাল] ধারণ করিয়াছি। অতএব (এক্ষণে) স্কুভজনের (শুদ্ধভক্তির) অমুকূল ধর্ম্মসকল আমি বাঞ্ছা করি।

স্থদৈত্যং সারল্যং সকলসহনং মানদদনং
দয়াং স্বীকৃত্য শ্রীহরিচরণ-সেবা মম তপঃ।
সদাচারোহসো মে প্রভুপদপরর্যঃ সমুদিতঃ
প্রতোশেচতত্ত্যতাক্ষয়চরিত্রপীয্যকৃতিযু॥ ৬॥

্ অঃ—৬। স্থলৈতং (স্থানিতা), সারলাং (সরলতা), সকল-সহনং (সর্বপ্রকার সহিষ্ণুতা), মানদদনং (মানদান), দয়াং (দয়া) স্বীকৃত্য (স্বীকারপূর্বক) মম (আমার) শ্রীহারচরণসেবা (শ্রীহারি-পাদপদ্দেবাই) তপঃ (ব্রত)। প্রভোশ্চৈতগ্রস্থা (মহাপ্রভু শ্রীকৃষ্ণ-ক্রিতগ্রের) অক্ষয়চরিতপীযুষকৃতিযু (অক্ষয়-চরিতামুতপূর্ণ গ্রন্থাদিতে)

- 50 A 1 STATE 1928 P.

[खन्द्र:—৬] সুদীনতা, সরলতা, সর্ববিষয়ে সহিষ্ণৃতা, মানদান ও দ্য়া স্বীকারপূর্বক শ্রীহরিপাদপদ্দ-সেবাই আমার ব্রত। মহাপ্রভু শ্রীকৃষ্ণচৈতন্তের অক্ষয়-চরিতামৃতপূর্ণ গ্রন্থাদিতে যে-সমস্ত আচার শ্রীমন্মহাপ্রভুর পাদপদ্দেবেকনিষ্ঠ ভক্তগণ-কর্ত্বক উপদিষ্ট হইয়াছে উহাই আমার সদাচার।

ন বৈকুঠে রাজ্যে ন চ বিষয়কার্য্যে মম রতি-র্ন নির্বাণে মোক্ষে মম মতিরিহাত্তে ক্ষণমপি। ব্রজানন্দাদগুদ্ধরি-বিলসিতং পাবনমপি কথঞ্চিন্দাং রাধান্বয়-বিরহিতং নো স্থখয়তি॥ ৭॥

[জঃ—१] ন বৈকুঠে রাজ্যে (না বৈকুঠরাজ্যে), ন চ বিষয়কার্য্যে (না বিষয়কার্য্যে) মম (জামার) রতিঃ (জাসজি); ইহ (এই প্রপঞ্চে) নির্বাণে মোক্ষে (সায়জ্য-মুক্তিতে) ক্ষণমপি (মূহুর্ত্তের জ্যুও) মম (জামার) মতিঃ (জাদর) ন আন্তে (নাই); ব্রজানন্দাৎ (ব্রজানন্দ ব্যভীত) জ্যুৎ (জ্যু) রাধান্বয়-বিরহিতং (শ্রীরাধিকা-সম্বন্ধ-রহিত) হরিবিলসিতং (শ্রীহরির বিলাস) পাবনমপি (পবিত্র হইলেও) মাং (জামাকে) কথঞ্জিং (কোনপ্রকারে) নো স্থেয়তি (স্থ্য প্রদান করে না)।

[অনুঃ—৭] কি বৈকুপরাজ্যে, কি বিষয়কার্য্যে আমার আসক্তি নাই; এই প্রপুঞ্চে সাযুজ্যাদি মুক্তিতে মুহুর্ত্তের জন্মগু স্বনিয়ম-দাদশকম্

আমার আদর নাই। শ্রীব্রজানন্দ ব্যতীত অস্থাস্থ শ্রীরাধিকা-সম্বন্ধরহিত শ্রীহরির বিলাস পবিত্র হইলেও আমাকে কোনও প্রকারে সুখ দান করে না।

ন মে পত্নী-কন্তা-ভনয়-জননী-বন্ধুনিচয়। হরে ভক্তে ভক্তে ন খলু যদি তেবাং স্থমমতা। অভক্তানামন্নগ্রহণমপি দোখো বিষয়িণাং কথং ভেষাং সঙ্গান্ধরিভজন-সিদ্ধিভ্বতি মে॥ ৮॥

[আং— ৽] পত্নী-কন্তা-তনয়-জননী-বন্ধুনিচয়াঃ (স্ত্রী, কন্তা, পুত্র, গর্ভধারিণী ও বন্ধুগণ) মে ন (আমার নহে) যদি (যদি) তেষাং (তাহাদের) হরে (শ্রীহরিতে), ভক্তে (ভগবভুক্তে), ভক্তে। (ভক্তিতে) স্থমমতা (স্থদ্ঢ়া আসক্তি) থলু (সত্যই) ন (না থাকে)। অভক্তানাং (অভক্ত) বিষয়িণাং (বিষয়িগণের) অন্নগ্রহণম্ অপি (অন্নগ্রহণও) দোষঃ (দোষ বা পাপ); তেষাং সন্ধাং (তাহাদের সন্ধান করিলে) কথং (কিরপে) মে (আমার) হরিভজনসিদ্ধিঃ (হরিভজনে সিদ্ধি) ভবতি (হইবে)?

[अनु: —৮] পত্নী, কন্সা, পুত্র, জননী ও বন্ধুগণ আমার (কেহ) নহে—যদি শ্রীহরিতে, ভগবন্তক্তে ও ভক্তিতে তাহাদের স্থৃদ্চ মমতা বাস্তবিক না থাকে। অভক্ত বিষয়িগণের অন্ধর্মনও দোয (অধঃপাতকর); অতএব তাহাদের সঙ্গ করিলো কিরপে আমার হরিভজনে সিদ্ধি লাভ হইবে ?

অসন্তর্কেরন্ধান্ জড়স্থখপরান্ ক্রন্ধবিমুখান্ কুনির্ব্বাণাসক্তান্ সভতমতিদূরে পরিহরন্। অরাধং গোবিন্দং ভজতি নিতরাং দান্তিকতয়া তদভ্যাসে কিন্তু ক্ষণমপি ন যামি প্রতমিদম্॥ ১॥

[অঃ— >] অসত্তর্কঃ (অস্থিয়ক তর্ক বা কুতর্ক দারা) অন্ধান্
(অন্ধ্য), জড়স্থপরান্ (জড়স্থপপ্রমন্ত), রুফবিম্থান্ (রুফসেবা-বিম্থ),
কুনির্বাণাসক্তান্ (কৃংসিত নির্বাণে আসক্ত জনগণকে) সততং (সর্বাণ)
আতিদ্বে (অতিদ্বে) পরিহরন্ [অপি] (পরিহার করিয়াও)
(যে ব্যক্তি) নিতরাং দান্তিকতয়। (অত্যন্ত দান্তিকতা-বশে) অরাধং
(শ্রীরাধা-বিরহিত) গোবিনাং (গোবিনাকে) ভজতি (ভজনা করে),
তদভাগে (তাহার নিকটে) কিন্তু (কিন্তু) ক্রণমপি (ক্রণকালের জন্মও)
ন যামি (যাই না)—ইদম্ (ইহা) [আমার] ব্রতম্ (নিয়ম) ।

[অনুঃ—৯] কুতর্কে অন্ধ, জড়স্থপ্রমন্ত, কুফসেবাবিমুখ, ছলনাময় নির্বাণে (মোক্ষাদিতে) আসক্ত জনগণকে সর্বাদা অতিদ্রে পরিহার করিয়াও (যে ব্যক্তি) অত্যন্ত দান্তিকতাবশতঃ শ্রীরাধা-বিরহিত গোবিন্দের ভজনা করে, আমি তাহার নিকটে ক্ষণকালের জন্মও যাই না—ইহাই আমার ব্রত।

প্রসাদান্ত্র-ক্ষীরাশন-বসন-পাত্রাদিভিরহং
পদার্থে নির্বাহ্য ব্যবহৃতিমসঙ্গঃ কুবিষয়ে।
বসন্ত্রীশাক্ষেত্রে যুগল-ভজনানন্দিভমনাস্তমুং মোক্ষ্যে কালে যুগপদপরাণাং পদতলে॥ ১০॥
[জঃ—:•] অহম্ (জামি) প্রসাদান্ত্র-ক্ষীরাশন-বসন-পাত্রাদিভিঃ
(প্রসাদী অন্নহ্যাদি খাছ, বসন ও পাত্রাদি) পদার্থঃ (দ্রবাদারা)

স্থনিয়ম-ছাদশকম্

ব্যবহৃতিং (ৰ্যবহার) নির্বাহ্ম (সম্পাদন করিয়া), কুবিষয়ে (প্রাকৃতবিষয়ে) অসঙ্গঃ [সন্] (অনাসক্ত হইয়া), যুগল-ভজনানন্দিতমনাঃ
(শ্রীযুগলদেবায় হাইচিত্ত হইয়া) ঈশাক্ষেত্রে (শ্রীরাধাকুণ্ডে) বসন্
(বাসপূর্বাক) কালে (দেহত্যাগের সময় উপস্থিত হইলে) যুগপদপরাণাং
(শ্রীযুগলপাদপদ্মবী ভক্তগণের) পদতলে (শ্রীপাদপদ্মান্তিকে) তন্তুং
(শরীর) মোক্ষ্যে (ত্যাগ করিব)।

[অনুঃ—১০] আমি প্রসাদী অন্ন-তৃগ্ধাদি খাছ, বসন ও পাত্রাদি পদার্থদ্বারা ব্যবহারিক জীবন নির্বাহ করত প্রাকৃতবিষয়ে অনাসক্ত হইয়া প্রীশ্রীরাধাকৃষ্ণের সেবায় হাষ্ট্রচিত্তে শ্রীরাধাকুণ্ডে বাসপূর্বক যথাকালে (দেহত্যাগের সময় হইলে) শ্রীযুগল-পাদপদ্মসেবী ভক্তগণের শ্রীপাদপদ্মান্তিকে শরীর ত্যাগ করিব।

শচীসূনোরাজ্ঞাগ্রহণচতুরো যে। ব্রজননে পরারাধ্যাং রাধাং ভজতি নিতরাং ক্বফরসিকাম। অহং ত্বেতৎপাদামূতমনুদিনং নৈষ্ঠিকমনা বহেয়ং বৈ পীত্বা শিরসি চ মুদা সন্ধৃতিযুতঃ ॥ ১১॥

্ত্র নিষ্ঠাপূর্ণর লা চর্না । ব্রালাক্ষ্ম ব্রালাক্ষ্ম বিষ্ণা লাজাগ্রহণচত্ত্বঃ । ব্রালাক্ষ্ম বিষ্ণা লালাক্ষ্ম বিষ্ণা লালাক্ষ্ম চত্ত্ব) যঃ (ষিনি) ব্রজ্বনে (শ্রীবৃন্দাবনে) ক্রম্ম বিস্কাং (ক্রম্বনে নিমগ্রা) পরারাধ্যাং (ম্থ্যা আরাধ্যা) রাধাং (শ্রীরাধাকে) নিতরাং (একান্তভাবে) ভজতি (ভজনা করেন), এতংপাদামূতং (ইহার শ্রীচরণামূত) অহং (আমি) তু (কিন্তু) নৈষ্টিক্মনাঃ (নিষ্ঠাপূর্ণহালয়) চ (ও) সন্নতিমৃত্ত (হুটু প্রণতিমৃত্ত) [হইয়া] মুদা (সানন্দে) অন্থদিনং (প্রতিদিন) পীত্বা (পান করিয়া) শির্দিং মন্তকে) বহেয়ং বৈ (অবশ্র ধারণ করিব)।

[অন্থ:—১১] প্রীশচীনন্দনের নির্দেশ-পালনে চতুর যিনি ব্রহ্মবনে প্রীকৃষ্ণরসে বিভারা (বা প্রীকৃষ্ণরসজ্ঞা) মুখ্যা ও আরাধ্যা (অথবা প্রমারাধ্যা) প্রীরাধাকে একান্ডভাবে (বা নিতাকাল) ভজন করেন, ইহার প্রীচরণামৃত আমি কিন্তু নিষ্ঠাপূর্ণহাদয়ে ও সুষ্ঠু প্রণতিসহকারে প্রতিদিন উল্লাসভরে পান করিয়া মস্তকে অবশ্যই ধারণ করিব।

হরের্দান্তং ধর্ম্মো মম তু চিরকালং প্রকৃতিতে। মহামায়া-যোগাদভিনিপতিতঃ তুঃখ-জলধৌ। ইতো বাস্থামূর্যন্ধং স্বনিয়ম-স্থরত্যা প্রতিদিনং সহায়ো মে মাত্রং বিতথদলনী বৈষ্ণব-কৃপা॥ ১২॥

্রি — ১২] হরেঃ (শ্রীহরির) দাশ্রং (দেবকভাব — দেবা)

চিরকালং (নিতাকাল) মম (আমার) প্রকৃতিতঃ (স্বভাবগত) ধর্মঃ (ধর্ম);

তু (কিন্তু) মহামান্নাযোগাং (প্রবল মান্নাসংযোগহেতু বা মহামান্নার বলেঃ) তঃথজলধে (তঃখদমুদ্রে) অভিনিপতিতঃ (নিমগ্ন হইন্নাছি)।
প্রতিদিনং (প্রতাহ) স্বনিয়মস্বরতা (স্বনিয়মে উত্তম নির্চাবলে) ইতঃ
(ইহার — মান্নার বা সংসারের) উর্দ্ধং (উপরে অর্থাং অতীতে —

(-অপ্রাক্বতধামে) ধাশ্রামি (চলিন্না ধাইব)। মাত্রং (শুগু) বিতথদলনী
(মান্নানাশিনী) বৈঞ্চবকুপা (বৈঞ্চবের করুণা) মে (আমার) সহায়ঃ
(বন্ধু না অভিভাবক)।

[অনুঃ—১২] শ্রীহরির দাসত্বই নিত্যকাল আমার মভাবগত ধর্ম ; কিন্তু মায়ার প্রবল সংযোগহেতু তুঃখসমুদ্রে পড়িয়া গিয়াছি। প্রতিদিন স্থানিয়মে দূঢ়নিষ্ঠার বলে ইহার (মায়া বা সংসারের) উর্দ্ধে (অতীতে—অপ্রাকৃতধামে) চলিয়া যাইব। একমাত্র মায়াবিনাশিনী বৈফবকুপা আমার বন্ধু বা অভিভাবক হউন।

স্থানিয়ম-দাদশকম্

কৃতং কেনাপ্যেতৎ স্বভজনবিধো স্বং নিয়মকং পঠেদ্ যো বিশ্রেকঃ প্রিয়যুগলরূপেহর্পিভমনাঃ। ব্রজে রাধাকুকো ভজতি কিল সংপ্রাপ্য নিলয়ং স্বয়ঞ্জর্য্যাঃ পশ্চাদ্ বিবিধবরিবস্তাং স কুরুতে॥ ১৩॥

[জঃ—১০] স্বভজনবিধে (নিজের ভজনক্রিয়া-বিষয়ে) কেন জ্ঞাপি (কোন শ্রীহরিজনকর্তৃক) কৃতং (রচিত) এতং (এই) স্বং নিয়মকং (স্বনিয়ম-দাদশক) ষঃ (ষিনি) বিশ্রন্ধঃ (বিশাসমূক্ত) [ও] প্রিয়মুগলরূপে (প্রিয় শ্রীশ্রীরাধাক্তফের রূপে বা শ্রীমৃর্তিতে) জ্ঞাপিতমনাঃ (সমর্পিতচিত্ত) [হইয়া] পঠেৎ (পাঠ করেন) সঃ (তিনি) কিল (প্রকৃতই) ব্রজে (ব্রজ্বধামে) নিলয়ং (স্থান) সংপ্রাপ্য (লাভ করিয়া) রাধাক্তফৌ (শ্রীশ্রীরাধাক্তফের) ভজতি (ভজন করেন),—স্বমঞ্জর্যাঃ (নিজ মঞ্জরীর) পশ্চাৎ (পশ্চাতে) [থাকিয়া] বিবিধবরিবস্থাং (নানা-প্রকারের সেবা) কুকতে (করিতে থাকেন)।

[অন্তঃ—১৩] নিজভজনানুষ্ঠানের জন্ম কোন নিজিঞ্চন শ্রীহরিজনকর্ত্তক রচিত এই "স্বনিয়ম-দাদশকম্" যিনি বিশ্বাসভরে ও নিজের প্রিয় শ্রীশ্রীরাধাকৃষ্ণের শ্রীরূপে বা শ্রীমৃর্ত্তিতে অথবা শ্রীশ্রীরাধাকৃষ্ণমিলিত-তনু শ্রীগৌরসুন্দরের শ্রীরূপে বা শ্রীবিগ্রহে অথবা শ্রীশ্রীরাধাগোবিন্দের বা শ্রীগৌর-

শ্রীল-ভক্তিবিনোদকত-স্থানিয়ম-দাদশক্ষ্ 25 স্থন্দরের নিজ-জন এরিরপগোস্বামি-প্রভূতে চিত্ত সমর্পণ করিয়া পাঠ করেন, তিনি সত্যই শ্রীব্রজধামে স্থান 🗝 ভ করিয়া শ্রীশ্রীরাধাকৃষ্ণের ভজনা করেন—স্বীয় শ্রীমঞ্জরীর পশ্চাতে থাকিয়া নানাপ্রকার সেবা করিতে থাকেন। ইতি শ্রীমন্তবুনাথদাসগোস্বামি-প্রভূ-চরণরেণুপরায়ণ-**बिङ्किविद्याममामङ्ग्रहः स्वित्रम्बाम्यकः** —ঃ সমাপ্তম্ঃ—